A.

## BHARATIYA NATYA RAHASYA,

OR

#### A TREATISE ON HINDU DRAMA:

34

#### SOURINDRO MOHUN TAGORE, MUS. DOC.,

Founder and President of the Bingal Music School;
Officier à Academic, Paris; Member of the Royal
Asiatic Society and Fellow of the Royal Society
of Literature, Areat Britain and Ireland;
Associate Member of the Royal Academy
of Sciences Letters and Fine Arts of
Relymin: Member of the Royal
Academ: of Music, Stackholm;
Honerary Fellow of the

Viewal Academy of St. Cocolia, and Annorary Member of the Academy of Didascatica, (Rime); Corresponding-Member of the Royal Musical Institute of Florence; Corresponding Member of the Royal Anademy of Raffolls, Urbino, (Italy); Pateon of the Atheneum of the Royal University of Sassar (Fardinia)

Sc. Sc. Sc.

PRINTED DY S. P. CHATTERJEE,
AT THE NEW BENGAL PRESS, 102, GREY STREET,
CLICUTTA

1878.

f All Rights Reserved. )



LEILL'E IA

## S. P. CHATTERSIT, AT THE FEW PPACET ONC. . 102 ACT of APPEU





1	1	\$ \alpha	भू भू (व)
बन का प्रमाख	दिश्य:	स्तिही वाक्रेड्स	গ্ৰন্থ কৰিব হৈ
बन्धांत्रणीख Colontra, Suna i-84.	Printed cr MS.	শৌরীস্রদেছন ঠাকুর	গ্রন্থ ন ব

# (ভারতীয় নাট্যরহ্স্য)

खर्भः १

# শংস্কৃত সঙ্গীত ও অলঙ্কারশাস্ত্রানুযায়ী

াক সহী কা বিয়োগায়ৰ হাতিষ্ঠাশা ও সভাপতি, হাইডেৰ ও নাম হোলে লাগ কাশ সহাতি লাভাব সভা), লাওনাহ বাজকীয় সাহিতিল স্বাংজাল কেলো, ক্লাসি এলাড্যিব আধি নাম, ইটালীয়ে সুহাক্ষ-নাগায়ের মাজকীয় সাহীত একা-ফ্লিব নাম, ইত্যাবি

> শ্রীশোরী সুমোহন ঠাকুর । মিউলিক্লালার প্রধীত

खन्

বাপুরিয়াঘাটা ইতে তৎকর্ত্তক প্রকাশিত।

শ্রীশারদাপ্রসাদ চটোপারাম্য কর্তৃক করিব সা,—শোভারামার গে ইট ১০০ নথস জবন্ত্ নৃত্ন বাঙ্গালা যত্ত্ব মৃতিত। বহাতি ১৮০। है, मध्यम् अभाव हा द्वालाम गान्य का गाला ।





#### THE HON'BLF ASHLEY EDEN, C. S. L.

LAUUTENANT GOVERNOR OF BENGAL,

гить воок

15

MOST RESPECTFULLY DEDICATED

BY HIS MOST GRATEFUL AND OBLIGED SERVANT,

THE AUTHOR.

## मूथवस ।

অতি প্রাচীন কাল হইতে আর্য্যন্তাতির ংধা নাটাপদ্ধতি প্রচলিত হইয়া আ**দিতেছে।** শাস্ত্রে কণিত আছে যে, স্থাইকর্ত্তা নদ্ধাই প্রথমে নাট্যপ্রণালী আবিক্বত করেন। পরে ভরকু और त्मरे धानानी अनमयन कतिया अत्रगानामी তপস্বীদিগকে শিক্ষা দেন এবং তদুপ্যোগী ্গ্রন্থ প্রস্তুত করেন। মহুব্যজাতির মধ্যে ভূরতই 'যে নাট্যের প্রথম স্বষ্টকর্তা তবিষয়ে विश्माविक मत्नव नारे। (यरक् अपनक আচীন গ্রন্থকর্ত্ত ভারতকেই নাট্যের শ্রন্থ। বলিয়া

স্বীকার করিয়াছেন, বিশেষতঃ যথন অস্যাতি নাটককে ভরতস্ত্র এবং প্রধান নটকে ভরত পুত্র বলিয়া ব্যবহার করার রীতি আছে, তেওঁ তিনিই যে. প্রথম নাট্যকর্তা তদ্বিয়ে সন্দে কি ? কিন্ত ছঃখের বিষয় এই যে, শুদ্ধ ভরত সংহিতানামক সঙ্গীতগ্রন্থ ভিন্ন তৎপ্রণীত নাট্য সম্বন্ধীয় অহা কোন গ্রন্থই অধুনা এ প্রদেশে নয়নগোচর হয় না। ভরত থাবি যে. কেবল অৰণাবাসী ভপস্বীদিপকেই নাটাপ্ৰণালীর শিক্ষ দেন, এমন নহে, দেবরাজ ইন্দ্রের সভায় অভি नय ध्यमनीय डेसी, रानका ध्यन्ति धन्त्र দিগকেও নাট্য, মৃত্য ও নৃত্ত বিষয়ে শিক্ষ: अनान करवंत ।

ভূরতসংহিতাতে নাট্যপ্রকরণ সংক্ষেপে বুর্নিত আছে। দশরপক নামে যে, একথানি

্গীত ও বাদ্য প্রভৃতির বিবরণই অধিক পরি-মাণে বৰ্ণিত হইয়াছে। সোহলদেব পণ্ডিতের পুত্র শার্সদেব এই গ্রন্থের প্রনেতা। প্রাণমে कामीतरमास है शिमिरगत वास शासक, अरत ইঁহার পিতামহ ভাষ্ণরদেব পণ্ডিত কাশ্মীর হইতে বাদস্থান উঠাইয়া দক্ষিণদেশে আদিয়া वाम करतन । मिश्टलरमवनामक मिक्निशरमनीत রাজকুমার শাঙ্গ দেবের বিদ্যাশিক্ষা ও গ্রন্থ-अन्यनमन्द्रक अदनक छे९मांश अमान करतम । শার্প দেব যে, কোন্ সময়ে রত্বাকর প্রস্তুত করেন, তাহাব কোন নির্দিষ্ট কাল নির্দ্ধান্ত নাই। কেহ কেহ অনুমান করেন বে, গুটের বাদশ হইতে পঞ্চদশ শতাব্দীর মধ্যে উক্ত গ্রন্থ প্রস্কৃত হয়। কলিনাথ পণ্ডিত বিজয়ন্ধরের রাজা व्यक्तिरत्त्व वाक्राम्ट था ३४०७ प्रत्यक

পরে ১৪৭৭ অব্দের মধ্যে রত্নাকরের একধানি টীকা প্রস্তুত করেন। সিংহভূপাল নামে
আর একজন প্রসিদ্ধ পণ্ডিতও সঙ্গীতস্থাকর
নামে রত্নাকরের আর একথানি টীকা প্রস্তুত করিয়াছেন।

দামোদর মিশ্রুত সঙ্গীতদর্পণ, অহবল-শাস্ত্রীকৃত সঙ্গীতপারিজাত, নারদকৃত নারদ-পংহিতা ও নারদীশিক্ষা, কর্ণাটী পুগুরীক বিচ্ছিলক্ষত নর্ত্তকনির্ণয়, গজপতি নারায়ণদেব-কৃত সঙ্গীতনারায়ণ, হরিনায়ককৃত সঙ্গীতসার, সোমেশ্বরকৃত রাগবিবোধ, বিশাবস্থকৃত ধ্বনি-মঞ্জনী, সিহলনকৃত রাগসর্বস্বসার, ভাস্করাচার্ঘ্য-কৃত সদীতভাষ্কর, কলিশাথক্বত সদীতার্ণব, মতন্ত্ৰ প্ৰিকৃত সদীতভাষ্য, সদীতকৌস্কভ, সম্বীত-রত্মালা, অনুক ভট্টরত তাগুবতরক্ষেম্বর.

অতি প্রসিদ্ধ সংস্কৃত অলম্বারগ্রন্থ আছে, তাহাতে নাটোর বিষয় বিশেষরূপে প্রকৃটিত হইয়াছে। খৃষ্টের একাদশ শতাব্দীতে ধনঞ্জ-প্রিচ-কর্তৃক উক্ত গ্রন্থ প্রণীত হয়। এই সমঞ্চে हिन्दिशंत नाग्रिथानी हत्रायां कर्य थांश হইয়া বরং কিঞ্চিৎ হ্রাস প্রাপ্ত হইবার উপ-क्तम रक्षः क्रिक फेरु धष्ट-ध्यनम्बन-काल-मद्यस বিলক্ষণ দন্দেহ আছে, যেহেতু ধনঞ্জাক্ত প্রছে রত্বাবলী নাটকার উল্লেখ দেখিতে পাঞ্মা যায়। রক্নাবলী পৃষ্টের **বাদশ শতাব্দীতে প্রস্তুত** হয়। যদি ধনঞ্জয় পণ্ডিত একাদ**শ শতাকীতে** নিজ গ্রন্থ প্রণয়ন করিয়া থাকেন, ভাহা হইলে তাহাতে ৰাদশ শতাকীর গ্রন্থ রত্না वनी नांधिकात कथा कि करन छैनिविक सरेएक পারে ?

সাহিত্য-দর্পণ অধিক প্রাচীন গ্রন্থ না হইলেও ইহাতে নাট্য-সম্বন্ধীয় অনেক বিবরণ ও অনেক প্রাচীন মত সঙ্কলিত আছে। যদিচ ইহার প্রণয়নকাল নিরূপিত নাই, তথাপি যে কাব্যপ্রকাশের অনেক পরে হইয়াছে, সে বিষয়ে কাহারও সন্দেহ নাই। কেহ কেহ বলেন, চল্রামেশর কবিরাজের পুত্র বিখনাথ কবিরাজ ১৫০৪ খৃঃ অবেদ সাহিত্যদর্পণ প্রণয়ন करतम। शूर्कावरण छाका श्राप्तरण बक्तभूखनरमञ् অপর পারে ই হার বাসস্থান ছিল।

সন্ধীতরত্বাকর-নামক সংস্কৃত সন্ধীত গ্রন্থেও অনেক প্রকার নাট্যপদ্ধতি লিখিত আছে। রত্বাকরে বে সুক্ষা নাট্যপ্রণালী দেখিতে পাওয়া বার, অক্তর্কেন্দ্র গ্রন্থেই তৎসম্দার দৃষ্টি-লৈচের হয় মা। এই প্রফ্রেনাট্য অপেকা মৃত্য, কোহলীয়, রামানন্দতীর্থধামিক্কত গীত সিদ্ধান্ধতাম্বর, তুর্ক্ষসংহিতা এবং শান্তবাচার্য্যপ্রশীত
রক্ষোদয় প্রভৃতি অতি প্রাচীন সংস্কৃত সঙ্গীত
গ্রহসমূহে এবং নাট্যচক্রিকা প্রভৃতি কতিপন্ন
ভলকার গ্রহেও নাট্যপ্রকরণ সবিতার বর্ণিত
আছে।

উলিখিত গ্রন্থ সম্দার অবশ্বন করিয়া
"ভারতীর নাট্যরহস্ত " নামক এই কুল গ্রন্থথানি প্রণীত হইল। ইহা যে কোন গ্রন্থানেবের অনিকল অন্ত্রাদ নহে, তাহা মুক্তকঠে
বলিতে পারা যায়। এ হলে ইহাও বক্তবা
যে, বক্তানার প্রণীত নাট্যরহস্তে গৃহীত উদাহরণগুলি বাকালা নাটকসমূহ হইতেই উদ্ধৃত
করিয়া দেওয়া উচিত ছিল, কিছ নাটকাদি
দশরপ এবং নাটকাদি ভাইদেশ উপ্রশ্ন

গ্রন্থ অদ্যাপি বঙ্গভাষায় প্রথকাশিত হয় নাই; বিশেষতঃ যে সকল গ্রন্থ প্রচলিত আছে, তন্মধ্যে প্রায় কোন থানিকেই সংস্কৃতানুযায়ী সমুদাম লক্ষণাক্রান্ত বিবেচনা না হওয়াতেই স্নতরাং অগত্যা সংস্কৃত নাটকাদি হইতেই উদাহরণ সমস্ত অনুবাদ করিয়া দেওয়া হই-রাছে এবং বর্গুমান সময়ে প্রচলিত নাটক সমুদায়ের সংক্ষিপ্ত ইতিহাস ও ট্যাব্লুভিভাণ্টের मः एक विवत् शतिभिष्टे मः योक्ति दहै-রাছে।

> শ্রীশোরীন্দ্রমোহন ঠাকুর মিউজিক্ ডাক্তার।

পাথুরিয়াঘাটা : ২২এ মাঘ,—সম্বৎ ১৯৩৪।

## স্থচীপত্র।



### প্রথম পরিচ্ছেদ।

বুক্তান্ত ।		•	[ <del>\$1</del> 1
[ নাট্য-প্রকার-ভেদাদি ]	•••	•••	>
রঙ্গভূনি-নির্মাণ-প্রণালী	•••	•••	8
<b>ধ</b> কনিকা	•••	•••	¢
সভা-নিরূপণ	•••	•••	w
নাটক-লক্ষণ		•••	٦
প্রবেশক-লক্ষণ	•••	•••	>>
বিষয়ক-লক্ষণ	••• *	•••	20
নান্দী-লক্ষণ	•••	***	31
म्ब-लक्ष	•••	***	31

র্ভান্ত।		9	1 18
প্রস্তাবনা-লক্ষণ	• •		58
উদ্ঘত্যক-লক্ষণ	•••	• • •	১৯
কথোদ্ঘাত-লক্ষণ	• • •	***	53
প্রয়োগাতিশয়-লক্ষণ	•••	•••	२०
প্রবর্ত্তক-লক্ষণ	•••	•••	२०
অবলগিত-লকণ	•••		₹•
অভিনেত্বর্গের নামকরণ	•••	• • •	२२
অভিনেতৃবর্গের বস্ত্রাদির নি	য়ম	• • •	১৩
প্রকরণ-লক্ষণ	•••	•••	२৮
স্থবকার-লক্ষণ	•••	• • •	৩২
वेश्यूग-लक्ष		•••	90
ডিম-লক্ষণ	•••	•••	৩৬
ব্যায়োগ-লক্ষণ	•••	•••	৩৮
बड-नक्ष		•••	ಅನಿ

় বৃত্তান্ত ।		त्रृक्षा ।
প্রহসন-লক্ষণ	•••	84 ,
ভাগ-লক্ষণ	•••	··· ´ 8>
बीथी-लक्षन	•••	8२
घरश्रमिত-मक्त		··· 89
অসংপ্রবাপ-লক্ষণ	***	88
শ্রপঞ্জ লক্ষণ	•••	88
নাতিকো-লক্ষণ	•••	82
বাক্কেলি-লক্ষণ	••	84
অধিবল-লক্ষণ		····* 84,
<b>इल्-ल्</b> क्		··· 8 9
ব্যাহাৰ-লুক্ত্ৰ	.,	· · 85-,
भृत व-ज्यक्त	•••	· · 8৮
ত্রিগত-লক্ষণ		···^ 8*
গণ্ড-লকণ	•••	

### দ্বিতীয় পরিচ্ছেদ।

বৃত্তাস্ত।		প	<b>커</b> 커 1		
উপরূপক		• • •	<b>«</b> >		
না টিকা-লক্ষণ			€ ₹		
ত্রোটক-লক্ষণ		• • •	હ૭		
গোষ্ঠা-লক্ষণ	•		¢ <b>S</b>		
সট্টক-লক্ষণ	• •		<b>« 8</b>		
নাট্যরাসক-লক্ষণ		•••	<b>4</b> 8		
প্রস্থান-লকণ্		•••	C C		
উল্লাপ্য-লক্ষণ			৫৬		
<b>ফা</b> খ্য-লক্ষণ	***	•••	14		
প্রেক্তাণ-লক্ষণ	•••	****	49		
রাসক-লক্ষণ	•••	· • •	49		
मुः मार्थ-मार्ग			eb		
্লীগদিত-লক্ষণ	• • •	• • •	63		

বৃত্তান্ত।		' পৃ	\$1 1
শিয়ক-লক্ষণ	••	4	€ №
বিলাসিকা-লক্ষণ	••	•••	<b>' ' ' ' ' ' ' ' ' '</b>
হুৰ্ম্মল্লিকা-লক্ষণ	••		৬১
প্রকরণী-লক্ষণ	•	,	৬২
ऋदी <b>শ-लऋ</b> ण			કર
ভাণিকা-লক্ষণ		•••	৬৩
গেয়পদ-লক্ষণ		•••	58
স্থিতপাট্য-লক্ষণ			36
আসীন-লক্ষণ	•••	••	96
পুশগণ্ডিকা-লক্ষণ			৬৬
প্রচ্ছেদক-লক্ষণ		•••	৬৬
তিগৃঢ়-লক্ষণ	• • •	•••	৬৬
দৈৰূব-লক্ষণ		•••	49
ৰিগূঢ়ক-লক্ষণ	••	•••	<b>4</b> 9

খ্ভান্ত।			781
উত্তমোত্তমক-লক্ষণ	***	• • •	<b>6</b> 7
উক্তপ্রত্যুক্ত-লক্ষণ		• • •	৬৮
ভৃতীয় <i>ণ</i>	पतिरम्हम ।		
গ্রারন্ত-লক্ষণ	•••	• • •	9.
প্রযত্ন-লক্ষণ	•••		9 6
প্রাথ্যাশা-লক্ষণ	•••	•••	15
নিয়ত-প্রাপ্তি-লক্ষণ	• • •	•••	* 4
ফলাগম-লক্ষণ	•••	,	1 ₹
বীজ-লক্ষণ	•••	•••	र्द
বিন্দু-লক্ষণ	•••	• • •	3.6
প্তাকা-লক্ষণ	***	• · ·	98
প্রকরী-লক্ষণ	•••	• • •	93
কাৰ্যা-লক্ষণ	٠	• • •	9 ¢
সুখসদি-লক্ষণ	•••	•••	45

বৃ <b>ভাত</b> ।		গ্	<b>\$1</b> I
প্রতিমুখসন্ধি-লক্ষণ	• • •	•••	9 9,
গৰ্ভদন্ধি-লক্ষণ		••• •	99
বিমৰ্ষসন্ধি-লক্ষণ	••	•••	96
নিবৰ্হণদন্ধি-লক্ষণ	•••	•••	96
উপক্ষেপ-লক্ষণ		•••	<b>४</b> २
পরিকর-লক্ষণ	•••		৮২
পরিত্যাস-লক্ষণ	•••	•••	50
বিলোভন-লক্ষণ	•••	•••	७७
যুক্তি-লক্ষণ	• •	•••	<b>b</b> 8
প্রাপ্তি-লক্ষণ	•••	•••	P8'
সমাধান-লক্ষণ	•••	•••	<b>b</b> 8
বিধান-লক্ষণ	•••		<b>be</b>
পরিভাবনা-লক্ষণ		٠	40
উদ্ভেদ-লক্ষণ		•••,	<b>b.8</b>
,			

,

ৃখাত।	<b>य</b> श्रे ।
বিটলক্ষণ	··· •• >>>
শকারলক্ষণ	>>>
বিদ্যকলকণ	··· >৮২
<b>থেটলক্ষণ</b>	··· ›ሥኣ
<b>শা্লতীমাধ্</b> ব	· · · · >৮¢
<b>মুদ্রারাক্ষ</b> স	>>.
मृष्ड् क डिक	·· ·· › › › ኣ
বিক্রমোর্কশী	وهد ··· عنه
উন্তর্রামচরিত	> 5%
র <b>মাবলী</b>	··· P&¢ ···
<b>শালবিকাগ্নিমিত্র</b>	··· •·· <b>૨</b> ••
<b>মৃগান্ধলে</b> খা	२०७
<b>অভিজ্ঞানশকুস্ত</b> ল	208
বেণীসংহার	٠٠٠ ٠٠٠ ع٠٤

্ যুতাভ ।		7811
ध्यनर्यज्ञाचय या भूजाजि		٠٠٠ ٥٠٤
মহানাটক		202
<u> শারদাতিক</u> ক	•••	··· <b>২</b> ১৪
<b>য</b> যাতিচরিত	•••	··· ২১૯
<b>प्</b> ठावन	• • •	··· ২১٩
· <b>ধনঞ</b> য়বিজয়	•••	٠٠٠ ٩١٣
প্রচণ্ডপাণ্ডব		<b>۲</b> ۶۶
কপূর্যঞ্রী	* • •	··· <b>২</b> ২>
বালরামায়ণ	••	••• ५३३
বিদ্ধশালভঞ্জিকা		··· <b>२</b> २७
বিদগ্ধশাধৰ	•••	··· २२ <sup>१</sup>
<b>অ</b> ভিবামমণি		••• ২২৬
প্রহামবিজয়	•••	••• <b>૨</b> ૨°
<b>শ্রীদা</b> মচরিত	•••	··· 221

्रवृक्षां छ ।		•	गृक्षा ।
বেসংহার-লক্ষণ	* 0 *	• • •	÷.
মভূতাহরণ-ল <del>ক</del> ণ	• • •	•••	ઢર
্যাৰ্গ-লক্ষণ	•••	•••	<b>&gt;</b> > 6
ক্রপ-শেক্ষণ	•••	• • •	৯২
উদাহরণ-লক্ষণ	•••		<i>و</i> يم
ক্রম-লক্ষণ	•••		సాత
দ' গ্ৰহ-লক্ষণ	••		રુ
অসুমান-লক্ষণ	•••	•••	<b>⊼</b> 8
প্রার্থনা-লক্ষণ	•••	•••	86
ক্ষিপ্তি-লক্ষণ	••	•••	એ <b>લ</b>
ত্রেটিক সক্ষণ	•••	•••	۵¢
অধিবল-লক্ষণ	•••	•••	200
উ দেগ-লক্ষণ	9 w 4	٠,,	<b>৯७</b>
বিজ্ঞৰ-লক্ষণ	•••		અહ

বৃ <b>ভাত।</b>	,	*	<b>[8</b> ] +
अर्थवान-नक्रन	•••	•••	⋧३
मर्ग्न हिन्तकन	•••	•••	2
- জব-লক্ষণ	***	•••	ર્જ
শক্তি লকণ	0 4 4		ùb
শ্রেসক লক্ষণ	***	•••	৯৮
ব্যবসায়-লক্ষণ		,***** ***	29
विद्राध-मञ्जू			ઢઢ
গ্রহোচনা-লকণ	•••	•••	>00
বিচলন-লক্ষণ	•••	•••	> • •
८ सन्- गर्यः १	•••	•••	> •:
आमान-गवन	• • • A	•••	>0>
इनन-गणन	•••	•••	> • <
বাহার-লকণ	•	•••	>05
अजिह्नस-मक्त	•••	•••	>00

P".		•
বৃত্তান্ত ।		<b>१</b> ३१ ।
শেশ্বন্দূৰ্জ-লকণ		··· >২২ৢ
নৰ্ম্মকোট-লক্ষণ		\$20
নৰ্মগৰ্ভ-লক্ষণ		५२७
আরভ <b>টিবৃত্তি-লক্ষ</b> ণ		··· >২৩
দংক্ষিপ্তি-লক্ষণ		>58
অবপাত-লক্ষণ		··· >>8
বস্তুখান-লক্ষণ	- •	·· \$2¢
भटम्भिंछ-लक्ष		· >২¢
ভূষণ-লক্ষণ		>29
বৰ্ণনংহাত লক্ষণ		··· >२१
শোডা-লক্ষণ		254
উদাহরণ-লক্ষণ	•••	·· >5%
্হড়ু-লক্ষণ		> > > > > > > > > > > > > > > > > > > >
म <b>्भग्न-मक्</b> ष	•••	3.0

्र देखांच ।			¥81.
एंडे। ख-नक्रव			200
ু প্রক-লকণ	· ·,		১৩,
পদোচ্চয়-শক্ষণ	• • •		2 07
্নিদর্শন-বক্ষণ	••		১৩১
শভিপ্রায়-লক্ষণ		٠	<b>১</b> ৩২
গ্রোপ্তি-লক্ষণ		,,,,	20>
বিচার-লক্ষণ	••	• • •	১৩৩
দিষ্ট-লক্ষ্ণ	***	• • •	300
<b>े</b> अमिष्ठ- <b>लक्</b> न	) * •	et a finga	, ১৩৪
ঋণাতিপাত-লক্ষণ			3 08
গুণাডিশয়-লক্ষণ	• •	• • •	> <b>9</b> 6
बिटमसन-मक्तन	•• ,	1	300
मिल्रकि नऋव	, pro-pro-	, X'-	১৩৬
A STREET	4.46	·•••	১৩৬

রতাত।		731
बः भ-लक्ष	** 1	>194
ৰিপৰ্য্যয়-লক্ষণ	•••	20
मोकिगा-लक्ष	•••	··· >৩
<b>অনুনয়-লক্ষণ</b>		··· 201
মালা-শক্ষণ	•••	201
অর্থাপত্তি-লক্ষণ	***	5 93
গৰ্হণ-লক্ষণ	• • •	384
প্ৰছা-লক্ষণ		
ণ্ডাসিদ্ধি- <b>লক্ষণ</b>	•••	>84
শারপা- <b>লক্ষ</b> ণ	***	>8>
সং <b>ক্ষেপ-লক্ষণ</b>	***	>8>
গুণকার্ত্তন-লক্ষণ	• • .	·· >83
<b>्वभ-ज्यास</b> ्	•	•• አ8ኣ
मटनात्रथ-जन्मन	***	N 8 8

বৃত্তান্ত।		পৃষ্ঠা ৷
অমুক্তসিদ্ধি-লক্ষণ		>80
প্রিয় <sup>ঁ</sup> বচন-লক্ষণ	* • •	··· >80
আশীৰ্কাদ-লক্ষণ	•	>84
আক্রন-লক্ষণ	•••	··· \$8¢
ৰূপটতা-লক্ষণ	•••	··· >8a
অক্মা-লকণ	• •	· >8%
গৰ্ক-লক্ষণ	• • •	>8৬
উদ্যুম-লক্ষণ	•••	585
আশ্রয়-লকণ	•••	289
উৎপ্রাসন লক্ষণ	•••	>89
শ্পৃহা-ল <b>ক্ষ</b> ণ	•••	₩ >8৮
ক্ষোড-লক্ষণ	••	··· >86
পশ্চাত্তাপ লক্ষণ	•••	>8>
উপপত্তি-লক্ষণ	Y ***	>8>

বৃত্তান্ত।		7 <b>8</b> 1 1
আশংসা-লক্ষণ	•••	500'
অধ্যবসায়-লক্ষ্	• •	>4.
বিদপ-লক্ষণ		··· 5@•
উল্লেখ-লক্ষণ	,	> & >
উত্তেজন-লক্ষণ		. > ¢>
भद्रीद! <b>म-लक्ष</b> न		··· >&3
নীতি-লক্ষণ	7 * *	>63
অর্থবিশেষণ-লক্ষণ	• • •	··· ১৫৩
প্রোব্যাহন-লক্ষণ	•••	১৫৩
महिंगा- <b>लक</b> न	•••	> @ 8
অভিযান-লক্ষ্	***	568
অমুবৃত্তি-লক্ষণ	* v 2	> & 8
<b>डे</b> दकी र्छन-नक्षण	•••	··· >@¢ ,
ৰাচ্ফা-লকণ	**1	544

नुबाद 1		शृक्षा ।
<b>नहीशांत्र-ग</b> क्कन	•••	>৫৬
बिद्यम्म-लक्ष	•••	··· > 6&
প্রবর্তন-লক্ষণ		১৫৭
আধ্যান-লক্ষণ		>@9
ৰুক্তি-লক্ষণ		> 69
প্ৰহৰ-লক্ষণ	•••	>ab
<b>উপদেশ-</b> लक्ष	•••	··· >ab
🏢 : পঞ্চম পা	तेराष्ट्रम ।	
मुक्का-लक्कर	• • •	>63
্ৰোচা-লক্ষণ	• • •	১৬২
প্রাপন্তা-লক্ষণ	***	··· ১৬২
স্বাধীনপতিকা-লক্ষণ	•••	··· >७३
বাসকসজ্জা-লক্ষণ	•••	··· ১৬৩
্রিরহোৎক <b>ন্তিকা-লক্ষ</b> ণ		<u>১</u> ৬৩

রভাভ ।		" राज
<u>খণ্ডিতা-লক্ষণ</u>	•••	3.4
কলহাস্তরিতা-লক্ষণ	•••	··· 5'&
বিপ্ৰলনা-লক্ষণ	•••	··· > 500
প্রোষিতভর্ত্কা-লক্ষণ		··· > 36
অভিসারিকা-লক্ষণ	•••	<b>&gt;⊕</b> ≀
महारतियी-नक्ष	•••	>&6
( <b>परी-</b> नक्ष		>44
স্বামিনী-লক্ষণ	***	··· >145
ञ्चिती-लक्षन	•••	>49
ভোগিনী-লক্ষণ		··· >>
শিল্পকারিকা-শক্ষণ	•••	··· > %
নাটকীয়া-লক্ষ্	•••	··· >&>
नर्खकी-नक्रव	2 7 4	··· Kel
অমুচরী-ল ক্ষণ	•••	· - 265

বৃত্তান্ত।		<b>건</b> \$1 1
আযুক্তা-লক্ষণ		··· ১৬৯
পরিচারিকা-লক্ষণ	• • •	>90
সঞ্চারিকা-লক্ষণ	••	১٩٥
প্রেঙ্খণকারিকা-লক্ষণ	• • • •	· · · > 9 o
মহন্তরা-লক্ষণ	•••	595
প্রতীহারী- <b>লক্ষ</b> ণ		>9>
কুমারী-লক্ষণ		>95
স্থবিরা-লক্ষণ	•••	১৭১
রাজ-লক্ষণ	•••	>98
সেনাপতি-লক্ষণ	•••	··· > 9.8
মন্ত্ৰি-লক্ষণ		··· \$9¢
প্রাভ্বিবাক-লক্ষণ	•••	••• >9@
স্ত্রধার-লক্ষণ	< • •	، ۶۹ <i>م</i>
পারিপার্শিক-লক্ষণ	•••	٩٠٠ ٥٦

नृष्डां छ ।		<b>1981</b> 4
র্বনর্তক	••	• ২৩•
प्रथ् <b>त</b> िकक		२७३
<u> ধ্</u> তসমাগম		••• ২৩২
কংস্বধ		৽৽৽ ২৩২
<b>हां णार्यद</b>	• • •	≥o¢
কৌতুক <b>সৰ্ব্বস্ব</b>		⋯ ২৩৬
চিত্ৰবজ্ঞ		⋯ ২৩৭
নাগানন্দ		⋯ ২৩৯
চণ্ডকৌশিক		₹8∘
জগন্নাথ-বন্নভ	••	⋯ ₹8₹
দাদকেলি-কোমুদী	•••	··· <b>२</b> 8२
<b>রুঞ্চ</b> ক্তি	•••	••• २८७
সংকলস্থোদর	•••	··· ২8,6 ,
প্রবোধচক্রোদয়	• • •	••• २१६

বৃত্তাত ।		<b>경</b> 설 (
<b>প্রসর্</b> রাদ্ব	***	··· ২8৬
<b>মহাবী</b> রচ্রিত	•••	·•• >8৮
পাগুৰচরিত	•••	··· ২৪৮
নাট্যপরিশিষ্ট নাটক	•••	••• ২৪৯
<b>চৈত</b> ন্তচন্দের	•••	••• २१३
বসস্ততিলক	•••	٠٠٠ ২৫২
<b>প্রিয়দশিকা</b>	•••	••• २৫७
ললিতমাধৰ	• • • •	··· ২৫৩
<b>শ্রীরামজন্ম</b>	•••	··· ২৫৪
ট্যাব্লুভিভাণ্ট	•••	٠٠٠ ২৫৮
রক্তৃমি-নিশ্মাণ-পদ্ধতি	•••	··· ২৬২
षात्नाक-खनानी	•••	२७¢

## ভারতীয় নাট্যরহক্ত

## প্রথম পরিচেছদ।

ঁ দঙ্গীতং দ্বিবিধং প্রোক্তং দৃং প্রোব্যঞ্চ <mark>করিভিঃ ।</mark>

প্রাচীন সঙ্গীতশাস্ত্রকর্তারা দৃশ্য ও প্রার্থ ভদে সঙ্গীতকে প্রধান ছই ভাগে বিভক্ত করিয়াছেন। তথ্যধ্যে যাহা প্রসংগক্তিয়মাজের গ্রাহ্য, তাহা প্রাব্য সঙ্গীত, যেম। গীত ও বাদ্য। এবং যাহা অভিনের, অর্থাৎ অভিনর বারা স্লাদনীর, তাহাই দৃশ্য গ্রীত নামে অভিহিত্ত হর, বেমন নৃত্য ও নাট হাদি। যদিচ দুল

সদীত শব্দে মৃত্য ও নাটকাদি উভয়কেই বুঝায়, তথাপি আমরা এই গ্রান্থের যে যে স্থানে দুর্ভ সঙ্গীতের নাম নির্দেশ করিব, সর্ব্ধভ্রত ৰুত্য ও নাটকানি উভয় ন। বুৰিয়া ভঃ নাটকাদি বুঝিতে হইবে। দুখ্যসঙ্গীতে অনে কাংশে স্বরূপের আরোপ আছে বলিয়া ইহাতে রূপকও বলিয়া থাকে। নটেরা রঙ্গভূমিম<sup>ে</sup> নানা উপকরণে নাং।বিধ বেশ পরিবত্তনপূর্ক্ব বে কোন মহৎ বা সামান্ত লোকের অবস্থা , অন্তক্রণ করে, তাহারই নাম অভিনয়।

আদিক, বাচিক, আহার্য্য ও সাত্মিকভেদে

অভিনয় চারি ও কার এবং অবস্থাবিশেষে রূপক

দল প্রকার হইতে পারে। যথা:—নাটক,

প্রকরণ, সমবকার, ঈান্সুগ, ডিম, ব্যায়োগ,

শক্ষ, প্রহ্মন, ভাণ ৩ বীধী।

#### ভারতীর নাটারহত

আমরা বে কোন অভিলয়িত বিষয় প্রকাশ ছরি, তৎসমুদাই কৌশিকী, সাত্তী, ভারতী ভ আরভটা এই বৃত্তিচতুইয়ের একটা না একটা মে বা সমুদায়ের অহুগত হয়। সেই সকল াত্তির অমুগত হইয়া দশরপের প্রয়োগক্রিয়া गामिक इहेब्रा थाएक। नाउँक ও व्यक्त्र া অবস্থায় পরিণত হুই ত পারে, এবং ভয়েতেই কৌশিকী প্রভৃতি চারিটী বৃত্তি বংকে; কিন্তু অক্ত আটটীর রূপ কৌশিকী যাতীত অপ<sub>স</sub> তিনটী বৃত্তির অমুগত। পূর্ব্বোক্ত ₹শরপের অভিনয় প্রদর্শন করিতে **হ**ইলে ্রিকভূমির ও সভার আবি**শ্রক হ**য়, স্থতরাং পমেই তাহাদিপের বিবর্গ বিবৃত করা যাই

#### ভারতীর নাট্যরহত।

রঙ্গভূমি-নির্মাণ-প্রণালী। অনেকের মতে রকভূমির দৈর্ঘ্য, বিস্তার ও উচ্চতার কোন নির্দিষ্ট পরিমাণ নিরূপিড মাই, যেরূপ নাটকের অভিনয় প্রদর্শিত হই.ব. তদভিনয়োপযোগী করিয়াই রঙ্গভূমি নির্মাণ করা কর্মবা। কোন কোন নাটাবিৎ পণ্ডিত মতে তাহার দৈর্ঘ ও বিস্তার প্রত্যেকে বিং. হস্ত পরিমিত এবং উচ্চতা তাহার অমুরূপ অর্থাৎ যাহাতে স্থন্দর দেখায়, তৎপরিমাণে করিতে হয়। রঙ্গের মধ্যে ভে**ন্তর্গরিবে**শ খাকিবে না, উপবিভাগ কাঠাদি দৃঢ় পদাথে নির্দ্ধাণ করিয়া কলস, পতাকা, পুষ্পমাল্য ও কোরণাদি যারা ২শোভিত এবং গ্রাক্ পুত্তলিকাযুক্ত করা উচিত। অধোডাগ মক্ত্রণ ্ষ্পুত্রবর্ণ হইবে। কিন্তু কুটিমভাগ নিভাক্ত প্রিটি

\*

রা উচিত নহে, তাহাতে অভিনেত্বর্ণের ।

বৈদ্যালন হইবার সন্তাবনা। রক্তৃমির পশ্চিম

বাজে নেপথা করা কর্ত্তব্য, তাহা হইলে পাঁতা

বিশেষ উত্তম স্থবিধা হয়।

#### यवनिका ।

অভিনর আরভের পূর্বেবা প্রতি সংকর

শবে যে বিচিত্র পট বারা রক্ত্মির সমুধ ভাগ

মারত করা যার, তাহার নাম যবনিকা। অভিত্রে

বুখচ হক্ষ বন্ধ বারাই যবনিকা নির্মাণ করিতে

মে। প্রতি অকে বা প্রতি গর্ভাকে বেমন স্বর্গ
শমর মধ্যম পট পরিবর্তন হইয়া থাকে, সেই
শির মধ্যম পট পরিবর্তন হইয়া থাকে, সেই
শির স্বিশেশে যবনিকারও পরিবর্তন বিধেয়

শীলিরনে শুত্র, বীর্রনে শীত, ক্ষণরক্ষেত্র

প্রস্তুতরদে হরিত, হাজরদে বিচিত্র, ভরানকরদে मीन, रीखरनदरन धूमन ७ द्रोखदरन तक वर्दर ববনিকা প্রকেপ করা উচিত। কাহারও মডে গুদ্ধ অরুণবর্ণের যবনিকা সক্র রসেই বাছেত হইতে পাবে। অধুনাতন নাট্যকারেরা সকলেই প্রায় এই মতাবলম্বী। পুরাকালে যবনিকা ছই পত্তে বিভক্ত থাকিত. পাত্র প্রবেশের সময় সেই শগুরুয় গুইটা স্থলরী স্ত্রীলোক ছই পার্থে গুটাইয়া লইয়া যাইত। এক্ষণকাব স্থায় যন্ত্ৰ বিশেষ হারা উর্দ্ধে উত্তোলিত হইত না।

#### সভা নিরূপণ।

নাট্যশালার পূর্বভাগে নৃপতি বা সঙ্গীত-বিশারদ, নৃদাধিকাবিবেচফ, নার্গদেশী-বিভাগ-

वि९, नातनिक्तं नानिक्तं विक्तं, कनानिक-मिशून, অভিনয়বেন্তা, नर्वश्यकांत्र खन ও দোবের নিক্ষস্থরূপ, অক্টের অভিপ্রায়ঞ্জ ও কম্পীল সভাপতির আসন করা উচিত। ক্ষেণে ব্রাহ্মণদিগের, উত্তরে অমাত্য ও বালক-নগের, ভিত্তিপার্শে স্ত্রীলোকদিগের, সভা-প্লান্তে বন্দী, স্তাবক, রাজা বা সভাপতির ারীররক্ষক অস্ত্রিদলের, এবং অস্তান্ত ব্যক্তি-র্গের অবস্থিতিস্থান নিরূপিত থাকিবে। াপরিচিত শস্ত্রপাণি, অনাচারী, পীড়িত, অন্তি-য়ানভিজ্ঞ ও পাবগুদিগকে সভামধ্যে প্রবেশ ্রিতে দেওয়া উচিত নহে। মধ্যস্থতা, সাৰ-বানতা, **অচঞ্**লতা, স্তায়বাদিতা, নিরহকারিতা, প্ৰসভাৰাভিজ্ঞতা, সানন্দচিত্ততা, ইত্যাদি গুৰু আমৰিভূৰিত ব্যক্তিরাই নাট্যসভার সভ্যপদ্বী গ্রহণের উপযুক্ত পাত এবং এই সুক্র গুর্প বিরহিত মানবনিকর কেবল রসভঙ্গের একমাত কারণ।

#### ना छेकं-लक्ष्ण !

যাহাতে নূপতিগণের চরিত বর্ণিত আছে
বাহা নানাবিধ রসভাবে পবিপূর্ণ এবং যাহা
পাঠ বা প্রবণ করিবামাত্ত মনোমধ্যে অনমুভূত
ক্রথছঃখের উদর হয়, তাহার নাম নাটক
আর যাহাতে কোন প্রসিদ্ধ গল্পের কোন প্রসিদ্ধ
ও গান্তীর্য্যাদি উদাত্ত গুণবিশিষ্ট নারকের চরিত
বর্ণন রা কোন প্রসিদ্ধ বংশের ইতির্ত্ত, অথব
প্রাক্তাদি দিবাপুরুষগণেব বর্ণনা থাকে, যাহা
দানাপ্রকার বিভূতি, রৃদ্ধি বিশাসাদিযুক্ত

্য়, এবং যাহার প্রতি অঞ্চে বিদ্যকের প্রবেশ বর্ণিত থাকে, তাহাকে তোটক বলা যায়।

'অক্ষ্ণ' এই শক্ষটী রুচি, অর্থাৎ স্বতঃ সিদ্ধ।
কিল নানাবিধ রসভাবপূর্ণ ও নানা বিধান্ক্রন। অক শেষ হইলে তৎসমভিব্যাহারী
কর্ষের এবং বীজের অর্থাৎ মূল কথারও পরিসমাপ্তি হইবে, কিন্তু গরের একটু ছন্দ থাকিবে।
ইহাতে যে সকল নায়কের বিষয় বর্ণিত থাকিবে,
তাহাদিগের চরিত প্রত্যক্ষের ভার দৃষ্ট হইবে
এবং ইহা নানা অবস্থায় প্রিণত হইয়া ষথার্থ
রঙ্গ ব্যাপ্ত করিবে।

নারক, দেবী, পরিজন, পুরোহিত, অমাত্য ও বণিগ্গণের চরিত ইহাতে প্রত্যক্ষের স্থান্ন বর্ণিত হইবে। ক্রোধ, প্রসরতা, শোক, শাপ, উৎসর্গ, অধ্ব, বিত্তব, বিবাহ ও আত্ব্য- मःष्ठेन-मर्णन, धरै तकन विषय आफ छात्रसं बाक्टित। युक्त, ताजाह्याजि, मत्रम, नगतानिक स्वयत्वांस धरै तकन विषय न्जन स्वर्ण श्राद्यमञ् षात्रा वर्गिज स्टेटत।

'নায়ক'—নাটক বা প্রকরণ আশ্রয় করি: আৰু বা প্ৰবেশকে যাহাকে লক্ষ্য করে, সেই बाक्किरे नाग्रक। नाधूमिरंगत निक्कमण वा निका पास्तान वद्यविध कांग्रा द्वांता श्रादमक नकत्र স্থচিত করিবে। প্রয়োগ সময়ে সন্ধ্যাবন্দনাদি অবশ্র কর্মব্য কর্মের অবিরোধে যে মূল কথ এক দিবসেই ঘটিয়াছে, তাহা লইয়া অঙ্ক পূরণ করিতে হইবে। বৃদ্ধিমান লোকেরা এক অঙ্কেই লানাবিধ কার্যাও যোজিত করিতে পারেন কিন্তু আবশ্রক কার্য্যের প্রতিবন্ধক হইলে সে সকল কাৰ্য্য যোজনা করা উচিত মহে। অভিনয়- ল বেসকল অভিনেতা প্রবিষ্ট হইবে,তাহারা ্লেই স্থীর স্থীয় কার্য্য প্রকৃত্রন ও মূল ্বরের অসুগতভাবে সম্পাদন করিয়া নিজ্ঞান্ত ইবে এবং সেইখানে অক্টেরও শেষ হইবে।

দিবা বা রাত্রি এই উভয়ের মধ্যে যথক
ক্রপ কার্য্য জরা উচিত, অরমধ্যে তৎসমূদর
থক্ পৃথক্ ক্রপে অভিনীত হওরা কর্ত্তবা।
দি কথন দিবাবসানকার্য এক অরে শেষ না
, তাহা হইলে প্রবেশক দারা অরচ্ছেদ
রিয়া ভাহা সম্পর করিতে হইবে।

#### প্রাবেশক-লক্ষণ।

নাটক বা প্রকরণের মধ্যে নামকের অনুপ-স্থিতিতে তৎপরিজনদিগের যে কথোপকথন, ভাষাকেই প্রবেশক বলে। অথবা অনুদাত উজিতে নীচ-পাত্র-প্রযোজিত বিষয়কও প্রা শর্ক বলা বাইতে পারে। ছই আছের ম প্রবেশকের প্রযোগ হইবে, কিন্তু প্রথম অব প্রযুক্ত হইবে না। বেণীসংহারে আখংনা আছে রাক্ষসমিধুন প্রবেশক।

বে কার্য্য বা কথা এক মান বা এক ব সংঘটিত হইরাছে, তাহার অভিনর প্রদশ করিতে হইলে অকচেছদ করা কর্ত্ত্য। অ সেই কার্য্য এক বংসরের অধিককালস হইলেও (বেমল রাম ও ধুধিন্তিরের বনবাস তাহা বেন বংসর, বা মাস, অথবা দিনের মধে ঘটিয়াছে এইরূপ প্রতীত করাইরা বিশ্বন্তব বারা প্রস্তুক্ত হইবে। যদি কেহ কোন কার্য্যান্ত্র-রোধে বহু দ্রদেশে গমন করে, সে ছলেও আছ-ছেদ করা বিধেয়। সময়, উপান ও গতি চ্যাদি দানা বিষয়ের বর্ণনা প্রবেশকে হর নিরা ইহার নানাপ্রকার অর্থণ ছইজে ক্রে।

যে স্থলে বিষয় নিতান্ত সংক্ষিপ্ত, অথক পাত্রগত, সেধানে পরস্পর মিগনে অনেক ক্ষুত্র পাদ সংযোজিত হয় বলিয়া প্রয়োগে তশায় অস্কৃবিধা ঘটে।

#### বিষ্ণম্ভক-লক্ষণ।

প্রবোগের বাহুল্যহেড়ু এক অঙ্কের মধ্যে ে বিষরের সম্পূর্ণ শেষ না হইনে প্রবেশক ারা অতি অর কথার বিষয় সমাপ্র করার নাম বিষয়ক। সেই বিষয়ক দিবিধ;—শুদ্ধ ও স্থীণ। বিষয়ক মধারত প্রণাক্ত পাত্রবারা বিশার হইলে শুদ্ধ, আর নীচ ও মধ্য এই উত্তর ভণযুক্ত পাত্রহারা নিলার হইবে স্কীর্ণ না কভিহিত হয়। মালতী-মাধ্বে শ্বশানে কণা কুগুলা গুদ্ধ বিষ্ণভ্তকের স্থল এবং রামাভিনং কুপুণক ও কাপালিক স্কীর্ণ বিষ্ণভ্তক।

নাটক বা প্রকরণারত্তে প্রথমেই মহাজ পরিজনবর্গকে উপস্থিত কর। উচিত নে চারি বা পাঁচজন পরিজন পুরুষকে উপশি করা কর্ত্তব্য, কিন্তু বাায়োগ, ঈহামৃগ, সমবক ও ডিম ইহাদিগের কার্য্যারস্ত কথন দশ, কংবার, কথন বা বোড়শ জন পুরুষ দারা হই থাকে!

নাটকাদির অক্বর্ত্তন গোপ্ছোত্রের ন্তা ক্রমে সকীর্ণ হইরা আসিবে এবং উদাও তাঃ সকল নাটকাদির পর পব আকে অভিবার ইইবে। দিতে নানা রস ভাবাদিযুক্ত কাষ্য-ক্লেনে, এবং সেই সকল রস গুরুত মোজিকগণের মনে নিতান্ত চমৎক্লতি-লিয়া বোধ ছইবে।

াটকৈ পাঁচের অধিক দশ প্রাপ্ত আছ , আবশুক। কেহ কেহ কহেন, কোন ন কার্য্য নাটকেব ম্থদদ্ধিতেই দ্যাপিত र्व : कान कान कार्या भमन्य नाउँक পিয়া থাকিবে। নাটকের রসভাব অভি ৰণ হওয়া উচিত, তৎসমুদ্য স্পষ্ট ও **অগ্নচ** ্ৰারা প্রকাশিত হইবে, নাটকে অধিক পদ্য किरव मा; आवश्रक प्रमाधनि भूमायह াকা উচিত। প্রধান নায়ক তিন চারিটা াত্রগত হওয়া নিভান্ত আবগ্যক। দ্বাহ্বান; বধ, প্রকাশ্র যুদ্ধ, দেশাদিবিপ্লব, ভোজন, মল-

সূত্র-পরিত্যাগ, শূলার, অধরক্ষাণ ক্ষতক্রণ, স্থান, অনুলেপন, শ্র অভাঞ্চন, তৈলমর্দন, বস্ত্র পরিধান, ১ मधुशान, जनकीषा, मानाशतिधान, कांहनी वक्षन, मानिनी जीटनांटकत्र भा এবং অয়াম লজা ও জুওপা লনক क्षकाभाकारण क्षप्रभिक्त रहेरव ना। नाहेर প্রভাব অতি দীর্ঘ হওয়া উচিত নছে, ১ প্রহরসাধা নাটকই সর্বাঙ্গস্থলর। অতি বাাণ कानगांधा रहेरल जानच ও निजामिए दनः हहेवात्र मखावना ।

আছের উদরে প্রবিষ্ট এবং রজের ছা
আর্থ অর্থাং প্রস্তাবনাবিশিষ্ট অপর অঙ্ককে
গর্ভান্থ করে। ইহা বীজগর্ভ ও ফলয্ক হইয়
থাকে।

্লে পূর্ব্বরন্ধ, সভার ।নর্দেশ ও প্রস্তাবনা এই ও ক্ষরিতে হয়।

## ्र्ववित्रक्ष वा नान्ती-लक्ष्य।

হত্তধার কলের বিছবিনাশার্থ প্রথমেই
া পাঠ বা গান করে, তাহার নাম পূর্ববঙ্গ,
াৎ নালী। নালীলোকে দেবতা, প্রাশ্ধন
বা রাজার নাম উল্লেখ এবং আলীকাল,
স্ব্যাশন, চক্র, পদ্মকোরক প্রভৃতি বস্তবৃক্ষ
ই বা বাদশ পাদের প্রয়োগ গাকিবে। অনর্ধাথ্যে অইপ্রনী, এবং পূজানাগাতে হাদশপদী
ক্রী দেহিতে পাওয়া যার। ইহা প্রাচীন
ভাষ্মারী, বস্ততঃ নালীতে অই বা হাদশ পাদহৈয়াগের একান্ত আবস্তুকতা বিরহ, নতুবা

बहाकवि कामिनागाः नक्षणं ममसम्बद्धाः ना ।

रख्यांत बाता धरे खरू
नमाथ रहेटा हानक कर्याद रख तन वाकि तथ खिरिष्ट रहेश वस्तु, वा मूथ, स्थवा भाज निर्दम्भ कतिरह । केनाक्ताचर वस्त्रनिर्द्मभ, वस्त्रावनीरक वै निर्दम्भ, भक्सनाम भाजनिर्द्मभ आह्र । दक कान नाकेरक रख्यायह भृष्यत्रस्विधानामः स्वरूष्ट वस्त्र निर्दम्भ करिया धारक, এर वावशांत ख थानिक स्राह्म

#### गूथ-लक्ष्ण।

্লেষে প্ৰস্তুত বৃত্তান্তপ্ৰতিপাদক ৰাক্য প্ৰশেষকে মুধ বলে।

#### र्श-लक्ना

মথবা পারিপার্শিক **স্তর্গারের** তব্য বিষয় উত্থাপন ক্**বি**গা দিজে

. স্পষ্টক্লণে যে কথোপকথন কৰে, কে প্ৰস্তাবনা কছে। প্ৰস্তাবনা পঞ্চবিধ।
:—উদ্যাত্যক, কথোদ্যতৈ, প্ৰয়োগাতিশন্ধ,
ৰ্বক ও অবলগিত।

## উদ্বাত্যক-লক্ষণ।

এক্ষাৰ্থবিশিষ্ট পদকদম্বকে অক্সাৰ্থে বোজনা রার নাম উদ্বাত্যক। মুদ্রারাক্ষ্যে এই কোর প্রস্তারনা দৃষ্টিগোচ্ব হয়।

#### কথোদ্যাত-লক্ষণ।

হত্তথারের বাক্য বা বাক্যার্থ-প্রহ<del>ণপূর্বক</del>

পাত্রপ্রবেশের নাম কে েনীসংহারে যথাক্রমে বাক্য পাত্রপ্রবেশ হইয়াছে।

প্রয়োগাতিশয়-লক্ষণ।
বিদি এক প্রয়োগে প্রয়োগান্তর প্রয় হইয়া পাত্রপ্রবেশ হয়, তাহাকে প্রয়োগাতি বলা যায়। কুল্মালার প্রস্থাবনা এই জাত

#### প্রবর্ত্তক-লক্ষণ।

স্ত্রধারকর্তৃক কোন প্রবৃত্ত কাল বর্ণনস্য পাত্রপ্রবেশ হইলে তাহাকে প্রবৃত্তক বলে।

#### অবলগিত-লক্ষণ !

যে কার্য্যের সমাবেশে অন্ত কার্য্য সম্পা দিত হয়, তাহার নাম অবলগিত। শক্তলা অক্টাবনা এই প্রকার। শ

নামক বা রসের অনুচিত বিবর নাটক ধ্যে সন্নিবেশিত করা উচিত নহে। যেমন রাম ক্রের বালিবধ। রঙ্গমধ্যে যাহা অনভিনেয় (करन कथा बादा क्षेकांन करा कर्वता । স্বগত, প্রকাশ, জনান্তিক ও আকাশ তে, এই চারি প্রকারে নাটোরিখিত ব্যক্তি র উক্তি প্রকাশ হইয়া থাকে। যে বাকা ন্তর প্রবণ-যোগ্য নহে, অর্থাৎ মনে মনে ত হয়, তাহার নাম স্বগত। সকলের সমক্ষে া বাক্ত করা যায়, তাহার নাম প্রকাশ। लाक्त्र मधा कान वाकिविध्यक्त াপনে কোন কথা বলার নাম জনান্তিক। ह काशांक (कान कथारे विगएएक ना. ব্য এক জন অন্মিনেতা অভিনয় করিতে ब्रिष्ड आकारम कर्न नित्रा यनि करह, कि বলিতেছ ? এই কথাই কি বলিতেছে ? এইর জাণ করিয়া বাহা কিছুবলে, ভাহাকে আকা ভাবিত বলে।

## অভিনেতৃবর্গের নামকরণ।

नाटि। विधिक वाकिशत्यत माम यथार স্পষ্টরূপে নির্দেশ করা কর্ত্তব্য, কিছু সেই স নাম স্বেচ্চামত হওয়া উচিত নছে। ৰীৰ ব্যঞ্জক শব্দযোগে রাজার: নিজ শাথ भौजाक्रमार्व आकार्णव : धमवाहक भएक . क्ति । निक निक ध्येनिक नामाञ्चनादत स्वर<sup>ा</sup> ভর্জনক শব্দের বৈাগে প্রেষ্ঠ রাক্ষ্পের, জ ब्रक्ट. (मन. मार्ग. भागिछ ७ वनापि नक्टबा শামাল রাক্স'ও রাক্সীন: বুডুবাচক প্রত্রো यक शक्दर्रात : मखा, दनमा । भिळामि भक्तरा

গ্রেটার; পুল্প ও হাস্তবেধিক শব্দবোগে বিদ্
চর; লভাকুত্মাদিজ্ঞাপক শব্দবোগে চেটার;

ভরণ, স্থালা ও প্রিয়ন্ত্লাদিবোধক শব্দ
ালে স্থীজনের; লতা, নদী, পূল্প ও ভারাদি
শব্দবোগে নামিকার এবং বিজন, স্থান, রস

কামলতাদিহ্ছচক শব্দবোগে রাজমহিনীর

করণ করা কর্ত্তবা। তদ্ভির ব্যক্তিবর্গের নাম
শ্পকোন বিশেষবিধি দৃষ্টিগোচর হয় না, কিন্তু

নগণের জাতি পদাদি অনুসারে কোমল বা

শ নামের প্রয়োগ করা নিভান্ত প্রয়োজনীয়।

## অভিনেতৃগণের বস্ত্রাদির নিয়ম।

অভিনেত্দিগেশ বস্ত্রাদি ওক্ল, বিচিত্র ও দিন এই ভিনপ্রকার হওয়া উচিত। ধর্ম

কর্মে নিষ্ক ব্যক্তি, সামান্ত স্ত্রীলোক, অমাত কঞ্কী ও পুরোহিত, ইহাদিগের শুক্লবণে দেবতা, দানব, গন্ধর্ক, অসুর, ফক, রাষ্ রাজা ও রাজ-যোগিৎ, ইহাদিগ্রের বিচিত্র বর্ণে এবং মদাপ, উন্মত, শর্কতবাসী, চোর, ও দত্তে দণ্ডিত ব্যক্তি, ইহাদিগের মলিন वञ्जामि **रुरेरव** ; किन्न **এरे ध्वकां**त्र व विनिद्यार्थि एम्भ, काल, वस्म, शम ७ छा। ध्यें ि विरम्य मृष्टि ब्रांशा कर्खवा, त्यन मकर একজাতীয় না হয়।

কাটকের নাম বর্ণনীয় বিষয়ঘটিত হ উচিত। নাটকে বাচার্থি অপেক্ষা ব্যঙ্গার্থের সমধিক প্রাধান্ত, অতএব যাহাতে সেটী রু গার, তদিষরে সর্বতোলাবে সাবধান হও উচিত।

# कातकोह गाँउ सक्ता

মাটকে রাজাকে অধম ভূত্যেরা স্বামিন ্দ্ব**্, রাজর্ষি ও বিদ্**ষক বর্ষা ; ঋ**ষিরা** न विनिहा मरशाधन कतिरव। ताकाश विषु-কে বয়স্য বলিয়া ডাকিবেন : নটী ও ধ্যের পরস্পর আর্ঘা ও আর্ঘো পদ বাবহার য়বে। পারিপার্শ্বিক স্কেধারকে ভাব বলিয়া গাধন করিবে। স্ত্রধার পারিগার্ষিককে রব বলিবে। স্থীকে নাচেরা হণ্ডে, উদ্ধ । वग्रत्थ এवः মধ্যমের আর্ঘ্যে বলিয়া हर्त । प्रकृतको स्विविधितात श्री छ छत्रकन , াধন করিবে। বিদুষক বাজনী ও চেটাকে ভি বলিয়া ডা্কিবে। সার্থি র্ণীকে ্মন বলিবে। ইতবেরা বৃহদিগকে তাত বে। শিষ্য ও অমুক্ত ভাতৃগণ্কে বংগ, ; তপশীকে সাধো , মজাত যাকি

মান্ত হইলে পূজা; আচার্যাকে উপাধ্য ভূপতিকে মহারাজ; য্বরাজকে কুমার, ভ ভর্জারক; দাসীকে হল্পে; বেখাকে অঞ্জ কুট্টনীকে অহু; বৃদ্ধাকে পূজা; এবং রাদিকে ভজা, দত্ত প্রভৃতি বলিয়া সংঘাধন কর্ত্তবা। রাজকুমারীকে অধ্যেরা ভর্তৃদারি সদৃশ বাজিরা হলা বলিয়া ভাকিবে। যাহার বেমন কর্মা, যেমন পদ, যেমন বিদ্ ব্যুমন জাতি, তদ্ঘটিত নাম হারা ভাং সংঘাধন করা কর্ত্তবা।

সংস্কৃত সাটককন্তারা নাট্যোলিখিত বা বিশেষে সংস্কৃত, সৌরসেনী, মহারাহী, মাং কর্মাগধী প্রকৃতি নানা ভাষা ব্যবহার কা গিলাছেম ৷ বস্তুতঃ নুটকে বিভিন্ন প্রেণ গোকের ভিন্ন ভাষা প্রচলিত থাকা কর্ত্তৰ নালভার, বাল, দিছ, গৃষ্টাত, মাভিপায় র, তর্ক, নিদর্শন, সজাবনা, বিচার, উপ-, স্লেৰ, নরাভিত, বাগ্ডপ্লী, নানল বাক্য, জোব বাক্য প্রভৃতি চড়ংবটপ্রকার অলভাব টো বাবস্থত হইরা থাকে।

নাটকে কথন কথন নৃত্যের সহিত গান

ব্রারেও বাঁতি পাছে কি র সেই নৃত্যাক গান

ম সমরে বাদ্যান্তত, তাংন বা বাদ্যের

তুগত হুইরা থাকে। নাটো স্ত্রী ও পুরুষ

মেরই পরিচ্ছল-বিপ্রায় দাহে, অর্থাৎ স্ত্রী

ক পুলাবের কেশ এবং প্রকারে স্বীলোকের

শ প্রিরান করিয়াও নৃত্য করিয়া থাকে।

টকে যে স্কল গান গীত হয়, তাহা চত্রত্র
শ শর্থাৎ চারি-ক্লি-বিশিষ্ট হওয়া উচিত।

ই চারিটা ক্লির ম্বো মুখ ও প্রভিন্নুথ

প্রকাশভাবে, আর অন্তরা ও মিল এই তু পাদ গৃঢ়কপে সন্ধিবেশিত রাথা কর্ত্তব্য। গুলি রসভাবে পরিপূর্ণ, মনোহর বাক্যাবর্ত্ত রচিত এবং হাবহেলাদিগুণযুক্ত হওয়া নি আবশ্যক।

শকুন্তলা, বেণী-সংহার, উত্তর-রামচ প্রস্তৃতি গ্রন্থ উৎকৃষ্ট নাটকমধ্যে পরিগণিত

নৃত্য, গীত ও পতাকাস্থানাদিযুক্ত নাট মহানাটক বলে। বালরামায়ণ মহানাটক গণ্য।

#### প্রকরণ-লক্ষণ।

যাহার আখ্যায়িকা কবির স্বাহপো
ক্ষিক,—অনিত্য ধর্মার্থকামপরতন্ত্র অমাত

ণ ৰা বণিক্ নায়কক্সপে পরিচিত, তাহাকে । বলে। অথবা যাহার কার্যাবলী প্রকৃত 
হাচিত অর্থাৎ রাজা বা ,রাজপুঞাদির 
না হইয়াও নিতান্ত চমংকৃতিক্সনক হয়, 
কেও প্রকরণ কলা যাইতে পারে। বিপ্রক প্রকরণ মৃদ্ধকটিক, অমাত্যনায়ক প্রকরণ 
গীমাধব এবং বণিঙ্নায়ক পুপভৃষিত 
দি।

নাটকে যে সকল বিষয় উক্ত হটয়াছে,

ণে তৎসম্দাঘই থাকিবে, কেবল প্রকবণিত বিষয়টা কাল্পনিক হইকে সংক্রেপে
ত গেলে এই পর্যান্ত বলা দায় দে, প্রক উদাভগুণযুক্ত প্রসিদ্ধ নায়ক, বা কোন
দির চরিত, কিখা কোন রাজোচিত কার্যা চ থাকিবে না। ইহাতে কেবল প্রাহ্মণ, বণিক্, ও অমাতা প্রভৃতি ঘপর দাধার চরিত্র উল্লিখিত হইবে। বিশেষতঃ দাস, শ্রেষী, গ্রাহ্মণ,, বারাদনা বা ইতর কুলনা দিগের চরিত্র ও কার্য্য কার্বারূপে 🕐 হইবে। প্রফরণের নায়িকা কপন কুলজা বেখ্যা, কথন বা কুল্জা ও বেখা এই প্রকারই হইতে পারে। অতএব এইরপ স ত্রমভেদে প্রকর্ণও তিনপ্রকার হইশা 🤫 পুষ্পভূষিতে কুলন্ত্রী, রঙ্গদত্তে বেখা ব কটিকে কুলন্ত্ৰী ও বেশু৷ উভয়ই নায়িক গুহীত হইয়াছে।

যেস্থানে ব্রাহ্মণাদি নায়কগণের গ কথাবার্তা হইবে, সেথানে যেন বারাগনা প্র নারিকান্ধপে গৃহীত না হয়। যে স্থলে ে যুবতী নাদিকার্দ্রে প্রতিভাত হইবে, সেধঃ

हलकामिनी गर्भत्र काम উत्तर मा धारक। নে ইতরকুলসভাব। জীলোকের ব্রান্ত াৰ, সেধানেও বেশ্যান উল্লেখ কলকা যদি প্রাসঞ্জিকজন্ম বেশ্বনিব্র ক্রা ধা পতে, তাহা চহলে সেখানকাৰ সাধাত াই মত হওয়া উটিক, অর্থাৎ নাটকালিতে দিগের বেকপভাষা কহিবটে বীতি আতে প ভাষাই বাবহণর কলিত গ্রাম । 'गंड अक्ष डडेर्ड मम अगुच महारातमः জ অহা হটতে পাবে।

বিষম্ভকের পাঠ সক্ষদ্ধি এখনে প্রথম প্রথম উক্ত হুইবে এইং প্রশোকন লগে ইহাও ত ও সংক্ষিপ্ত কথার স্পাল হু ৮৭: ইচিত। ই উক্ত হুইবাছে যে, ৬৯ ও স্ফ্রাণ ডেকে ত্তক বিবিধ। মধ্যম প্রফে দ্বাস্থাক এবং নীচ পাত্র ছারা সজীর্ণ বিক্যকে পঠিত প্রবেশক অক্ষারের মধ্যে থাকিয়া প্রস্তাব বিলক্ষণরূপে জানিয়া অর্থের প মিল্রক্ষা ক্রত সংক্ষেপে স্বকার্য্য সম্

প্রকরণের নায়িকা অতি চতুরা উভ্যন্থসমর্থা, নানাবিশ নজাগীতবাদ্যকশলা, সম্ভোগপট, রাজ-স্থোপ্যক্তা তবং বিকাধানিপ্রা হওয়া উচিত

## মুম্বকার লক্ষণ।

সমবকারের উপাথান দেবাস্থর-কীয়, নায়ক প্রসিদ্ধ উদাত্ত গুণযুক্ত এবং তিনটী ভ্টবে। এক এক অল্পে কপ ্ৰ ও বিহান এই ভিন প্ৰকাৰ বিষয় বৰ্ণিক व। यात जन नामक ও আঠाর जन नामिका हेशात क्रिया भाग करा ने भारकर এই যে, প্রথমাক্ষে গ্র ও वीथीत अन ममुनात्र था रेटव । देशत्र ্জক বার নাড়ীতে অর্থ ২৪ দণ্ডে, র আহু চারি নাড়ীতে (সাহিত্য-বর্পণ ্মতে তিন নাডীতে) এবং গতীয় অছ নাড়ীতে সম্পন্ন করিতে হইবে। ইহার াানভাগে যুদ্ধ, জল, অগি ও গজেন্দ্ৰেৰ উল্লিখিত থাকিবে।

সমবকারের বিদ্রব স্বাভাবিক, অর্থাৎ তিসম্ভব, ক্লিম অর্থাৎ নগরাদির অবরোধ এবং দৈব এই তিন প্রকার হওদা উচিত। গট্যও স্থধহুঃধের উৎপত্তি অমুসারে তিন প্রকার হইয়া থাকে, কবিরা নিজ নিজকা সাবে ভাষা ভির করিয়া কন। বিহারও फार्थर जन निमंद , त रस। खर মাদির 1. াপন হিতমনক বিহ ধর্মবিহার, কর্থনাভাশয়ে বা অর্থ দিবা বিহার সাহায়, তাহাকে অর্থবিহার কোনৰূপে কামিনীর মন ভূলাইয়া নি मक्रम कविरम छोडोरक कामविशात । कृष्टिम अर्थाए यात्रा सहस्त्र (वास्त्रामा ह নহে, এরাণ উফিক ও অমুষ্ট ভূ ছন্দ ই প্রয়োগ করিতে হয়। কিন্তু তাহা না ভাবযুক্ত হওয়া উচিত।

সমবকারে বিমর্ষদক্ষি থাকে না. তিনটা মাত্র আন্ধ নির্দিষ্ট হইয়াছে, তঃ প্রথমটাতে ইটা স্কি, এবং অপব হ ধ মধ্যে থেটীতে হয়, একটা দক্তি দাল্ল
ত করিতে হয়। ইহাতে অন্নপ্রিমাণে

ধকী বৃদ্ধি থাকে। প্রবেশন নিন্দু ও

ধকেব বিশেষ প্রায়েজন হয় না, বীধ

প্রধানভাবে ব্রিজ হয়। সমুদ্রমণ্ন

ভ গ্রন্থ প্রকরণের উদাহবণস্থল।

# ঈহামুগ-লক্ষণ।

হৈষ্ণির আখ্যায়িকা কিয়দংশে প্রসিদ্ধ
কিয়দংশে অপ্রসিদ্ধ, চানি অঙ্কে সম্বদ্ধ।
নামক মহুষ্য, এবং নামিকা দেবতা;
উদ্ধতশুৰ্ক, নামিকা রোষপ্রতন্ত্রা।
ধা সংক্ষোভ, বিজ্ঞব ও নান্তাগাদির
বিলক্ষাক্রপে বাণিত থাকা উচিত।

নারিকাব সহিত কলহ, বিচেদ্র, অপহ ও মদান্ধতাদি দোবে বিহারক্রিয়া অচা থাকিবে। ইহার কার্যা, পুরুষসংখ্যা, র রস ব্যায়োগের অন্তর্নপ হইবে। ইব্রেক্ট্র ব্যক্তিদিগের বন্ধ ও উদয় বিশিত থাকিবে, কিন্ত কোনরূপ হল অক্রিয়া যুদ্ধাদি ক্রিয়ার নির্ভি করিতে হ কুমুমশেথব্রিজয়াদি গ্রন্থ উহা-মৃগমধ্যে গণিত।

# ডিম-লক্ষণ।

ভিমেব বর্ণিত বিষয় প্রাসিদ্ধ, এবং । প্রাসিদ্ধ ও উদাত্তগুণ্যুক্ত ছইবে । ক্রিশ্টা লক্ষণাক্রাপ্ত ও চারি অফ

। উচিত। ডিমে আদি, শান্ত ও হাক্ত ত অপর সমস্ত রসেরই সঞ্চার থাকিবে -্য রসই থাকুক না কেন, তাহা যেন প্রথরভাবে থাকিয়া চমৎক্ততি-জনক হয়। টাগ্ৰহণ, বজোৱাপাত ও যুদ্ধাদিব বর্ণনই া প্রধান অন্ন। ইহাতে মায়া, ইন্দ্রজান ना शुक्रस्यत्र ममार्टिशामिव উল্লেখ थाका । দেব, মহোরগ, রাক্ষস, যক্ষ, ভূত, ও পিশাচ এই সকলেরই কার্যা বিশেষ-বর্ণিত থাকিবে। ইহার নায়ক যোল এবং ইহাতে কৌশিকী বৃদ্ধি, বিষম্ভক, শক ও বিমর্ব সন্ধি থাকিবে না। ডিমেব ় জিপুরদাহাদিই অধিক প্রসিদ্ধ।

# वार्शिश-लक्ष।

क्तिन श्रिमिक दाङ्गः भग्रम् मृष्ट्र गङ्ग 'দেবভা, ব্যায়েগেৰ নায়ক। কিন্তু দেই ন্সতি উন্নত অহন্ধাবী, দর্শযুক্ত এবং शाधामियक इरेटनर। हेशांक श्रीरमाक অন্ন থাকিলে ৷ ইহাও ডিখেব স্থায় এক-সংঘটিত এবং সমবকাবের স্থায় অনেক-সাগ্ৰ। ইহাতে একটামাত অহ ও যুদ্ধধৰ্ণ **डि**ट्रिश शकिरण, किल (गर्दे एक ध्यम श्रीदः निणिट ना ६म. १ छम्पतः, विभवंत्रकि छ 🖎 -বৃত্তি "প্ৰিবে লা। হাল, আদি ও বাতীৰ অন্তান্ত নদওলি অসীস্থন্নপ হট यथा :--- भोगकिकारुवनाति वार्मार्गर र হৰণগ্ৰাম !

## वक-लक्षा।

অঙ্ককে স্চরাচর উৎস্প্রকান্ধ বলেঃ নাটকাদির অন্তর্গত অহু পরিছেণজ্ঞ ইছার উক্ত নাম নির্দিষ্ট হইয়াছে। অক্ষের আখাা-য়িকা প্রসিদ্ধ ও **অ**প্রসিদ্ধ উভয়বিধ**ই** হইতে পারে। দিব্যপুরুষ ( এক্সফাদি ) ব্যতীত **অন্যান্য পুরুবগণকে** ইহাতে নায়করপে উপ-ष्ट्र'भिष्ठ क्रिटिश दस्र। यदह क्रमन तम्हे वहन-পরিমাণে ভাদমান থাকা উচিত, কিন্তু বণ ৰা উদ্ধত প্ৰহারাদির কথা কিছুই থাকিবে ना । जीत्नाकिपरिशत विनाल, निर्द्शमवाकामिहे व्यक्तिभाष अयुक्त इहेत्। इंशव वृद्धि ভাৰতী, উপাধ্যানভাগ উপবনগমন, ক্ৰীড়া, विशंब, जीमरकांशामि ७ मताश्व कृमामित्र বর্ণনায় পরিপূর্ণ থাকিবে, রচনা বিলোমগতিতে

হওরা উচিত; অফ একটা, স্বির্তি অল, এবং জন্ম পরাজ্য ফল । যথা :—-শর্মিটাব্যাতি অভ্তি উৎকৃষ্ট অম্বগ্রন্থ।

## প্রহসন-লক্ষণ।

প্রহাসনের নারক তাপদ, প্রাহ্মণ ক্ষথবা কল্প কোন প্রুষও হইতে পারে। ইহার আধ্যা-রিকা কবিকলিত, বৃত্তি আবডটা, অন্ধ এক বা হুইটা হইতে গান্দ্যের কথা ও নীচজনোক্ত পরিহাসাদি ভিন্নত অধিকপরিমাণে থাকা আবশ্রুর ভিন্তি অধিকপরিমাণে থাকা বিশেষ ভাবযুক্ত ভিন্তান কথাওলি বিশেষ নিয়ক একটীর ক্ষিত হটাব লা, কাহারও মতে ইহাতে জনেক ভ্রাচারের কথা থাকিবে। ভদ্ধ ও স্থীপ্ডেদে প্রহসন চ্ইপ্রকার হইছে পারে। প্রোক্ত লক্ষণাক্রান্ত হইলে ভদ্ধ এবং বেশ্রা, নপুংসক, বিট, বিণিক্ ও দাসীদিগের পরিহাসাদিযুক্ত হইলে স্থীণ হইবে। ইহাতে জীলোকের নৃত্য থাকা কর্ত্তব্য, এবং ইহার অঙ্গাদি বীথীর ভার হইবে। যথা:—প্রহসনের প্রধান গ্রন্থ কন্দর্শকেলি প্রভৃতি।

## ভাগ-লক্ষণ।

যাহাতে ধৃর্ত্তের চরিতঘটিত আখ্যায়িকা,
নানা অবস্থার ঘটনা, একটীমাত্র অন্ধ ও নিপুণ,
পণ্ডিত, নৃত্যগীতাভিজ্ঞ অথ্চ ধৃর্ত নামক থাকে,
তাহাকে ভাগ কচে। সেই নামকই রঙ্গস্থানে অন্যের অনমুভূত বিষয় আবিষ্ণত করিয়া

সধােধন ও উক্তি প্রত্যুক্তি প্রারই আকাশতাবিত দ্বারা সম্পন্ন করিবে। ইহার উপাধাানটী কাই-কল্লিত এবং শৌষ্য, বীষ্য ও সৌভাগ্যের বর্ণনায় পরিপূর্ণ। ইহাতে বীর অথবা আদি রসই প্রধান, বৃত্তি প্রায়ই ভারতী, কদাচিৎ কৌশিকী विखित्र अभारवर्ग (मथा यांग्र, मूथ ७ निवर्र गमिक থাকে, এবং অভিনয়কার্য্যে নৃত্য ও দশবিধ নুত্যাঙ্গের বিশেষ আবশুকতা আছে। যথা :— লীলামধুকর প্রভৃতি গ্রন্থ ভাণের উদাহরণ उदा ।

# वीथी-लक्ष्म।

বীপীতে একটা অন্ধ ও এক বা ছুইটা পাত্র
 পাকিবে। ইহাও ভাগের ন্যার আকাশভাষিত

দারা উত্তর প্রভুগভরে পরিপূর্ণ হইবে। ইংরি প্রাকৃতি উত্তম, মধাম ও অধ্য এই তিন্ধাকার হইরা থাকে ৷ ইহাতে সকলপ্রেকার াসই थारक, किन्छ माहिजामर्भनक की वरनन, आपि রস অধিকপরিমাণে বর্ণিত হয় বলিয়া ইহা খাদিবসপ্রধান। ইহাতে মণ ও নিবর্হণ সৃদ্ধি থাকে, ভাহাতেই সমুদায় প্রয়োজন প্রকাত हम। वीशीए धरे एउदी अम शारक। यथा:--উদ্ঘাত্যক, অবল্গিড, অবস্যন্দিতক, অস্ৎ-अनान, अनक, चालिका, वाक्किल, अधिदश, ছল, ব্যাহার, মুদ্র, সিগত, এবং গও। এডমধ্যে উদ্যাত্যক ও অবলণিতের লক্ষণ পূর্বে উক্ত হইয়াছে, এক্সণে ভয়াভিরিক অত্যেকের লক্ষণ নিয়ে ক্রমশঃ প্রকাশ করা बाहरजरक ।

# অবস্যন্দিত-লক্ষণ।

কোন কথা বলিলে যদি তাহাতে ভাল

মন্দ উপস্থিত হয়, তাহা হইলে সেই প্রথমোক্ত
কথার অন্যপ্রকার অর্থ করার নাম অব
স্যান্দিত। যথা:—রামচ্ছলিতে "বাছা! কাল
অযোধ্যায় যাইবে, কিন্ত অযোধ্যাধিপতিকে
বিনীতভাবে প্রণামাদি কবিও", ইত্যাদি সীতাবাক্য অবস্যান্দিতের উদাহরণস্থল।

# অস্থপ্রণাপ-লক্ষণ।

হিতাহিতবিবেদন। শৃত্য মৃথের অসম্বন্ধ
কথার অসম্বন্ধ প্রত্যুত্তর প্রদান করাকে অসংপ্রকাপ বলে। যথা :— বেণীসংহারে হুর্ব্যোধনের
প্রতি গান্ধারীর বাক্য অসংপ্রকাপের দৃষ্টাত্তত্বল।

## প্রপঞ্চ-লক্ষণ।

কোন প্রকৃতার্থ বিষয়ের নিমিন্ত পর-পারের হাস্যজনক কথোপরুখনকে প্রপঞ্চ বলা যার। যথা:—বিক্রমোর্কশীতে বড়ভীস্থ বিদ্-যক এবং চেটার পরস্পার কথোপকখন প্রকৃত প্রপঞ্চ।

# নালিকা-লক্ষণ।

বাক্যের স্বরূপার্থ গোপন কবিয়া অন্য কোনরপ অর্থ প্রকাশ করার নাম প্রহেলিকা। দেই প্রহেলিকা হান্যপরিহানফলে প্রযুক্ত হইলে নালিকা নামে অভিহিত হইয়া থাকে। যথা:—রত্নাবলীতে স্বস্কৃতা।—"সবি! তুমি যাহার নিমিত্ত আসিয়াছ, সে এইথানেই সাছে। সাগরিকা।—"আমি কাহার নিমিত্ত এথানে আসিয়াছি ?"হ্বসক্তা।—"চিত্রফুলকের জন্য", ইত্যাদি বাক্য নালিকার উদাহরণহল।

# वाकरकिल-लक्षण।

কথোপকথন, হাস্থপরিহাস, বা ক্রোধানি প্রকাশন্থলে প্রস্পরের ক্রমান্বয়ে উত্তর প্রত্যুন্তর করা, অথবা সহসা বাক্যের আকাজ্ফাসন্থি থামার নাম বাক্কেলি। যথা:—"মদ্য তোমার অতি প্রিয়, কিন্তু সেই মদ্য বারাঙ্গনার সহিত একক্র পান করিতে পারিলে আরও অধিকতর প্রিয় হইতে পারে", ইত্যাদি বাক্য বাক্কেলির উত্তম দৃষ্টান্ত।

# ष्यिवन-लक्ष्म।

স্পর্কাশীল পরস্পারের বক্রতাবোক্ত উব্জি প্রত্যক্তির ক্রমশ: অধিক প্রচণ্ডতা হওয়াকে দ্ববিবল বলে । অথবা উত্তরপ্রতান্তরস্থলে
শক্রর বাক্য শুনিয়া নিজে আর্থ কিছু অধিক
বলিতে যাওয়াকেও অধিবল বলে। যথা:—
প্রভাবতীতে "আজ ক্ষণকালের মধ্যে এই গদা
দারা ইহার বক্ষঃস্থল চূর্ণ করিয়া ভোমাদিগের
উভর লোক উন্মূলিত করিব", ইত্যাদি বক্রনাভবাক্য অধিবলাক্ষণাক্রাস্ত।

## ছল-লক্ষ।

বস্ততঃ প্রিয় নহে, অথচ প্রিয়ের মত ভাসমান অপ্রিয় বাক্য দারা ছলনা কবাকেই ছল বলে। অথবা উপহাস বা ক্রোধ প্রকাশ করিয়া কোন একার্থবিশিষ্ট কথা দারা অভ্য-প্রকার অভিপ্রায় বুঝানকেও ছল বলা ঘাইতে পারে। যথা:—বেশীসংহারে "ল্যুতছলের কর্তা, জতুগৃহোদীপক, ছংশাসনাদির গুরু, অঙ্গরাজের মিত্র, ফ্রোপদীর কেশাকর্ষণ ও বস্ত্রহরণে াটু, পাণ্ডবদিগের প্রেভু, সেই রাজা হর্ষ্যোধন এক্ষণে কোথায় ? আমরা তাঁহাকে দেখিতে আসি-য়াছি", ইত্যাদি ভীমার্জ্ঞ্নের বাক্য ছলমূলক।

# व्याहात-लक्ष्ण।

পবের নিমিত হাস্যলোভপ্রকাশক বচনাবলীকে ব্যাহার বলে। যথা:---মালবিকামিমিত্রে মালবিকার লাস্য প্রদর্শনের পর বিদ্যকাদির পরস্পর কথোপকথন ব্যাহারের উদাহরণস্থল।

### श्रुपय लक्ष्ण।

ষেধানে গুণ, দোষের স্থায় এবং দোষ গুণের স্থায় প্রযুক্ত হয়, তাহাকে মূদব বলে। বধা:— "প্রিরন্ধীবিততা, ক্রতা, নি:ম্বেহতা ও ক্তরতা প্রভৃতি আমার দোষ সকল আদ্য তোমাকে দেখিরা গুণতা প্রাপ্ত হইল। যৌবন-শ্রীভৃবিত তাহার সেই মনোহর রূপ ও সৌন্দর্য্য মথের নিক্তেন হইলেও আমার অশেষ ছ:ধের হেতু হইতেছে", ইত্যাদি বাক্য মৃদ-বের প্রেকৃত উদাহরণস্থল।

# ত্রিগত-লক্ষণ।

শহদাত বচন, প্রয়োগকালে তিনপ্রকারে ।
বিভক্ত হইয়া হাস্যরসমূক হইলে ত্রিগত
নামে কথিত হয়। অথবা শ্রুতিসমতাহেডু
অনেকার্থের প্রয়োগের নাম ত্রিগত। যথা:—
বিক্রমোর্মণীতে "মহারাজ! আমি এই বনের
মধ্যে আপনার বিরহে অতিকাতরা একটা

দর্বাদস্পরী রমণীকে দেখিগছি," ইত্যাদি বাক্য ত্রিগতের প্রকৃত দৃষ্টাস্তত্ব।

## গণ্ড-লক্ষণ।

এক প্রকার অর্থে প্রযুক্ত কোন কথাকে প্রস্তুতবিষয়ক অর্থে ঘটাইয়া ছরা করিয়া বলার নাম গণ্ড। যথা:—বেণীসংহারে "মহারাজ! ভগ্গ ভগ্গ," ইত্যাদি কঞ্কীবাক্য গণ্ডলক্ষণা ক্রাস্তঃ।

এই সমুদার বিষয় নাটকারি সকলেরই বিশেষ উপবোগী হইলেও কেবল বীথীতেই ব্যবহৃত হইয়া থাকে। মালাকারে নানারনেব সঞ্চার থাকে বলিয়া ইহাকে বীথী বলে। মাল-বিকামিমিত গ্রন্থ ইহার মধ্যে পরিগণিত।

# দ্বিতীয় পরিচ্ছেদ।

#### উপরূপক ৷

প্রথমাক লকণাক্রান্ত অভিনেম বিষয়
দকলের নাম বেমন রূপক, তত্তির প্রকারান্তরে
অভিনেতব্য বিষয়সমূহকে উপরূপক বলে।
উপরূপকও প্রকারভেদে অটাদশবিধ হইয়া
থাকে। যথা:—নাটকা, লোটক, গোচী,
দক্তক, নাট্যরাসক, প্রস্থান, উরাপ্য, কাব্য,
প্রেমণ, রাসক, সংলাপক, প্রীগদিত, শিরক,
বিশাসিকা, হর্মলিকা, প্রকরণী, হল্লীশ ও
ভাশিকা। ইহাদিপের প্রভ্যেকের লক্ষণ ও
উদাহরণ ক্রমশঃ বিবৃত হইতেহে।

# নাটিকা-লক্ষণ।

নাটিকার উপাধ্যান কবিকল্পিত। ইহাতে অনেকগুলি নাথিকাসমাগম, চারিটা অন্ধ, कि भिकी तुखि अवः अञ्चलतिमारण विभर्ष मिक्र থাকা কর্ত্তব্য। নৃত্যগীতপ্রভৃতিতে অমুবক্ত, নিশ্চিন্ত, আংগাদী, তথচ রাজাকে নাটিকার নাম্বক করিতে হয়। অস্তঃপুরচারিণীদিগের সঙ্গীত-कुणना इंख्या डेहिड; अधान नामिका नृशवः णका, অবিবাহিতা ও নবান্তবাগা হইবে, নাম্বক সেই নায়িকার প্রতি অত্যাসক্তচিত্ত হইয়াও প্রধান রাজকুলসভূতা অভিপ্রগ্লা, অত্যন্ত মানিনী প্রধানমহিষীর শঙ্কায় সতত শঙ্কিত থাকিবে এবং নায়কনায়িকার পরস্পর সন্মিলন মহিষীর আয় স্তাধীন হইবে। যথা:—বন্ধাবলী উৎকৃষ্ট নাটিক!!

# ত্রেটিক-লক্ষণ।

যাহাতে পাঁচ, সাত, আট অগবা নযটা অন্ধ থাকে এবং যাহার নারক মন্থব্য আর নারিকাদেব-যোনিসম্ভবা, তাহাকে ত্রোটক বলে। ত্রোটকের প্রতি অঙ্কেই বিদ্যুক ও আদিরস্বাহল্যথাকিবে। বথা:—বিক্রমোর্জনী প্রভৃতি ত্রোটকগ্রন্থ।

# গোষ্ঠী-লক্ষণ।

যে উপরপক নয় দশটী প্রাক্ত মহুষা ও পাঁচ ছয়টী স্ত্রীলোকঘটিত ব্ভাস্তযুক্ত, প্রগণ্ড-বাকাশৃষ্ক, কোশিকীবৃত্তিবিশিষ্ট, গর্ভ ও বিমর্থ সন্ধিবিবর্জিত, একাঙ্কে পরিণত এবং আদিরস-বছল, তাহার নাম গোষ্ঠী। যথা:—বৈরত্তু-শদনিকা গোষ্ঠীপ্রেণীভূকা।

# সম্ভক-লক্ষণ।

বাহা প্রচ্র-প্রাক্ত-ভাষা-পূর্ণ, বিষম্ভক প্রবেশকশ্ন্ত, অন্তরসমূক্ত, পাত্রান্তরের প্রবেশ-রহিত, যবনিকানামক আছে আবদ্ধ, তাহাকে সট্টক বলা যায়। স্টকের অন্যাক্ত বিষয় নাটিকার মত। যথা:—কপুরমঞ্জরীনামক এছ স্টকমধ্যে প্রসিদ্ধ।

# নাট্যরাসক-লক্ষণ।

ষাহাতে একটীমাত্র অঙ্ক, বিবিধতালনঃ
বিশুদ্ধ গীত, অতি উদারচরিত নামক, পীঠমর্দ ভূপনায়ক, বাসকসজ্জা নারিকা, আদিরসমুজ হাজরসপ্রাধান্ত, মুখ ও নিবর্ছণ সন্ধি এবং দশ অন্ধবিশিষ্ট লান্যের সমাবেশ দেখা যায়, তাহার নাম নাট্যরাসক। কোন কোন নাট্যবিৎ পণ্ডিত ইহাতে কেবল প্রতিমুখ ভিন্ন অপর কয়েকটী সন্ধি যোজনা করিতে বিধি দেন। পূর্কোক্ত সন্ধিছরবিশিষ্ট নর্শ্ববতী এবং সন্ধিচতুইরমুক্ত বিশাসবতী গ্রন্থই অধিক প্রসিদ্ধ।

# প্রস্থান-লক্ষণ।

প্রস্থানের নায়ক দাস, উপনায়ক অতি
নীচ ব্যক্তি, নায়িকা দাসী, বৃত্তি কৌশিকী ও
ভারতী, এবং অঙ্ক হুইটামাত্র হওয়া উচিত।
ইহাতে প্ররাপানের অধিক আয়োজন ও তাললয়াদিসম্ম সঙ্গীতও থাকে। শৃঙ্গারতিশক
প্রস্থানমধ্যে পরিগণিত।

# উল্লাপ্য-লক্ষণ।

যাহার নামক উদাভগুণযুক্ত, আখ্যায়িকা কর্গীয়া, রস হাস্য-ক্যাদি-করুণাত্মক, উপাখ্যান-ভাগ বহু সংগ্রামবর্ণনে পরিপূর্ণ, এবং সঙ্গীত-যুক্ত, তাহাকে উল্লাপ্য বলে। ইহাতে অহু একটী, কাহারও মতে তিনটী ও একবিংশতি শিল্পকাঙ্গ বণিত থাকে। উল্লাপ্যের মধ্যে দেবী-মহাদেবনামক গ্রন্থ বিখ্যাত।

# কাব্য-লক্ষণ।

যাহা আরভটী বৃত্তিরহিত, একান্ধবিশিষ্ট, হাস্যরসপ্রধান, তালহীন থণ্ডমাত্রা ও দিপ-দিকা প্রভৃতি গীতযুক্ত, তাহাকে কাব্য বলে! কাব্যের সাদ্যক্ষে সন্ধি এবং আদিরসরসিক! প্রতি উচ্চপ্রকৃতি নামিকা থাকা কর্ত্তবা। কাব্যের মধ্যে যাদবোদয় অতি প্রসিদ্ধ।

## প্রেখ্রণ-লক্ষণ।

যাহাতে গর্জ সন্ধি, বিমর্ষ সন্ধি, নায়ক, স্থাধার ও বিকন্তক বা প্রবেশক থাকে না, একটীমাত্র অন্ধ, সকলপ্রকার বৃত্তি ও নেপথ্যে নান্দীগানবিধান থাকে, তাহাকে প্রেম্মণ বলে। যেমন বালিবধ ইত্যাদি।

# রাসক-লক্ষণ।

রাসকে একটীমাত্র অঙ্ক, পাঁচটা পাত্ত্রের সমাবেশ, মুখ ও নিবর্ছণ সন্ধি, নানা-ভাষা-কৌশল, ভারতী ও কৌশিকী বৃদ্ধি, বীধীর সম্পার অঙ্গ, নৃত্যগীতের সংযোগ, শ্লেষবাকো রচিত নান্দী, অতি বিখ্যাত নাম্বিকা এবং মূর্থ নামক থাকা কর্তব্য। কেহ কেহ ইহাতে সন্ধি ও প্রতিম্থসন্ধি যোজনা করিয়া থাকেন; যেমন মেনকাহিত ইত্যাদি।

# मःलां भ-लक्ष।

যাহাতে তিন বা চারিটা অন্ধ, অতি
পাষণ্ড নায়ক, আদি ও করুণা ভিন্ন অন্য কোন
রস, প্ররোগছলে সংগ্রাম ও উপপ্লবাদির বর্ণন
এবং কৌশিকী ও ভারতী ভিন্ন অপর কোন
হৃত্তি থাকে, তাহার নাম সংলাপ। সংলাপেত মধ্যে মারাকাপালিক প্রভৃতি গ্রন্থ অতি প্রাদির।

# শ্রীগদিত-লক্ষণ।

বিখ্যাত আধ্যায়িকাপূর্ণ, এক অন্ধবিশিষ্ট, উদান্তগণভূষিত বিখ্যাত নামকনায়িকামূক, গর্ভসান্ধ-বিমর্থসদ্ধি-বিবর্জিত, বছল ভারতী বৃত্তিনিবন্ধ, শ্রীশক্ষ্মুক্ত উপরপককে শ্রীগদিত বলে। কাহারও মতে ইহাতে শ্রী সমং উপস্থিত থাকিয়া গান ও শ্লোক পাঠ করেন। বেমন লীড়ারসাতল ইত্যাদি।

# শিল্পক-লক্ষণ।

যাহাতে চারিটা অহ, চারিটা ত্বন্ধি, শান্ত ও হাস্য ভিন্ন সমূদ্র রস, ত্রাহ্মণ নাম্নক, শানাদির বর্ণন, অতি হীনজাতীয় উপনামক, শানংসা, তর্ক, সন্দেহ, তাপ, উদ্বেগ, গ্রেম্ভি, প্রযন্ত, গ্রথন, উৎকণ্ঠা, আকারগোপন, অপ্রতিপত্তি, বিলাদ, আলদা, বামা, প্রহর্ষ, অল্লীলমৃচ্তা, সাধনামুগম, উচ্চ্বাদ, বিশ্বয়, প্রাপ্তি,
লাভ, বিশ্বতি, সম্পেট, বৈশারদা, প্রবোধন
প্রবং চমৎকারিত্ব এই দকল বিষয়ের সমাবেশ
দেখা যায়, তাহাকে শিল্লক কহে। যেমন
ক্ষনকাবতীমাধব।

# বিলাদিক!-লক্ষণ।

বিলাসিকায় বহুলভাবে আদিরসবর্ণন, একটা আছ, দশবিধ লাস্তাঙ্গ, বিদ্বক, বিট, পীঠমর্দ্গ, অর্থাৎ নায়কের অন্তর্মপ গুণসম্পন্ন সহায় থাকিবে। ইহার নায়ক অতি হীনজাতীয়, শাখ্যায়িকা অতি অল্প, 'কিন্তু বেশভুষাদিব আড়ম্বরে পরিপূর্ণ হইবে। ইহাতে গর্জসন্ধি ও বিনর্বসন্ধি থাকে না। কেহ ইহাকে ছুর্মনিকার অন্তর্গত বলিয়া বর্ণন করেন, কেহ বা ইহার বিলাসিকা নামের পরিবর্ত্তে শুদ্ধ লাসিকাই বলিয়া থাকেন। বিলাসিকার গ্রন্থ অন্তেইবা।

# তুর্মাল্লিকা-লক্ষণ।

বাহাতে মন্থ্য নায়ক, অতি হীনজাতীয় প্রতিনায়ক, কৌশিকী ও ভারতী বৃত্তি এবং চারিটী অন্ধ থাকে, তাহাকে হুর্দ্মলিকা বলে। কিন্তু ঐ অন্ধচতুইয়ের মধ্যে প্রথম আন্ধ বিটের জীড়াতেই পর্য্যাপ্ত, বিতীয় অন্ধ বিদ্বকেন্দ্র চেইাতে পরিপূর্ণ, তৃতীয় অন্ধ পীঠমর্দ্দের বিষন্ধনিক ও চতুর্থ আন্ধ প্রধান নায়কের জ্রীড়া-

বর্ণনবিশিষ্ট হওয়া উচিত। বেমন বিক্মতী ইত্যাদি:

# প্রকরণী-লক্ষণ।

যাহার নায়ক সার্থবাহ, নায়িকা নায়কের সমানবংশসমূভ্তা এবং অস্তান্ত বিষয় নাটিকার অমুরূপ, তাহাকে প্রকরণী বলে। গ্রন্থ অবে-ষ্টব্য।

# क्लीम-लक्क ।

যাহাতে একটামাত্র অন্ধ, অতি স্থচতুরা সাত আট বা দশটা নায়িকা, স্থবকা নায়ক, কৌশিকী বৃত্তি, মুধ ও নিবর্ছণ সন্ধি এবং বছবিধ তাল্দয়াদিস্থসকত স্ণীত থাকে, ভাহাকে স্বনীশ বলে। বেমন কেলিব্রৈবভক ইত্যাদি।

## ভাণিকা-লক্ষণ।

বাহাতে বেশভ্বার অতিশন্ন পারিপাটা,
মূব ও নিবর্হণ সদ্ধি, কৌশিকী ও ভারতী
বৃদ্ধি, একটীমাত্র অস্ক অসামান্য উদারচরিতা
নামিকা, অত্যস্ত অধমপ্রকৃতি নারক, উপস্থাস (প্রসঙ্গক্রমে কোন কার্য্যবর্ণন), বিস্থাস
(নির্বেদ বাক্য), বিবোধ (ভাস্থিবিনাশ),
সাধ্বস (আরোপিত আধ্যান), সমর্পণ (ক্রোধ
অথবা শীড়ানিবন্ধন সোপালম্ভ বাক্যপ্রারোগ),
নিবৃদ্ধি (নিম্পানের উপস্থাস) এবং সংহার
(কার্য্যস্মাপন), এই সকল লক্ষণ শক্ষিত হর,

ভাহাকে ভাণিকা কহে। ইহার উদাহরণত্তন কামদন্তা।

রূপক ও উপরূপকের নাম লক্ষণাদি প্রদর্শিত হইল, এক্ষণে রূপকাঙ্গলাক্ষের অঙ্গনম্ হের নাম লক্ষণাদির বিবরণ ক্রমশঃ বর্ণিত হুইতেছে। নাট্যকারেরা গেয়পদ, স্থিতপাট্য, আসীন, পুষ্পগণ্ডিকা, প্রচ্ছেদক, ত্রিপূঢ়, দৈন্ধব, দ্বিপূঢ়, উত্তমোত্তমক ও উক্তপ্রভ্যুক্ত, নাট্যাক্ষ লাদ্যের এই দশ্বিধ অঙ্গ নির্দ্ধেশ করিয়া থাকেন।

## (गग्नभन-लक्षन।

গায়কেরা আসনে উপবিষ্ট হইরা তন্ত্রীভাও সন্মুথে লইরা যে, শুদ্ধ (বাদ্যহীন) গান করে, তাহাকে গেরপদ, বলে। যথা:—নাগানন্দে গৌরীগৃহে বীণাবাদনপূর্বক মলয়বতীর গান নেমুপদের উদাহরণস্থল।

# স্থিতপাট্য-লক্ষণ।

যাহা অনেক চারীযুক্ত, পঞ্চপাণি অর্থাৎ পঞ্চতালী নৃত্যের অমুসারী এবং বংসপ্ছেবিশিষ্ট, তাহার নাম স্থিতপাট্য: মতাস্তবে কুস্কমশর-শর-তাপিতা নারিকাদিগের প্রাকৃত ভাষাবিরচিত বিরহগান করাকেও স্থিতপাট্য বলে।

# আসীন-লক্ষণ।

আসনোপবিষ্ট ব্যক্তিবর্গের সর্ব্ধপ্রকার বাদ্য পরিত্যাগ এবং অঙ্গপ্রত্যঙ্গ প্রসারণ করিয়া চিস্তাশোকভরে উপবিষ্ট হওয়ার নাম আসীন।

# পুষ্পগত্তিকা-লক্ষণ।

যাহাতে স্ত্রীলোকেরা পুরুষের গ্রায় গাঁত, বাদ্য এবং তাওব ও লাস্য দ্বিবিধ নৃত্যক্রিয়া সম্পাদন করে, তাহার নাম পুষ্পগতিকা।

#### थराष्ट्र**मक**-लक्कन ।

স্ত্রীলোকে আপনপতিকে অন্ত স্ত্রীর সহিত সঙ্গত দেখিয়া প্রেমবিচ্ছেদে কুদ্দ হইয়া বীণাদি স্বর্যোগে যে গান করে, তাহাকে প্রচ্ছেদক বলে।

# ত্রিগৃঢ়-লক্ষণ।

জনিষ্ঠুর অথচ লক্ষ-পদ-বিশিষ্ট সমর্ত পুরুষভাবে পরিপূর্ণ নাট্যকে ত্রিগৃঢ় বলে কাহারও মতে পুরুষগণের স্ত্রীবেশধারণ করিয়া অভিনয় করার নাম ত্রিগুঢ়। যথা — নালতী- মাধবে " এই ত আমি মালতীর বেশধারণ করিলাম," ইত্যাদি মকরন্দবাক্য ত্রিগুঢ়ের উত্তম উদাহরণ-স্থল।

### रेमक्रव-लक्ष्ण।

কপবাদ্যাদিসংযুক্ত, স্থব্যক্ত কবণেব আশ্রয়, পাঠাহীন ও স্বভাবোক্তিতে পবিপূর্ণ নাটাকে দৈশ্বব বলো। কেই কেই বলেন থে, কোন অভিনেতা সক্ষেত ভূলিয়া অর্থাৎ কক্ত ব্যেব থেয়া হারাইয়া বীণাদিস্থরসংযোগে থে বাভাবিক ভাষা বলে, তাহারই নাম দৈশ্বব।

# দ্বিগৃঢ়ক-লক্ষণ।

ষেথানে মুখ ও প্রতিমুখ দক্ষি ও চতুরশ্র-পদ গীত থাকিবে এবং যাহ। নানা রসভাবার্থ-সংযুক্ত, তাহাকে দ্বিগুঢ়ক বলে।

# উত্তমোত্তমক-লক্ষণ।

যাহাতে বীণাদি বিবিধযন্ত্রের ক্রিয়া নান।
প্রকার চমৎকারজনক শ্লোক ও হাবভাবাদির
সমাবেশ থাকে, তাহার নাম উত্তযোত্মক।

# উক্তপ্রত্যুক্ত-লক্ষণ।

যাহা কোপ, তিরস্বার, অথবা অনুগ্রহজ্য উত্তর প্রত্যুত্তরপূর্ণ নানা গীতবাদ্যবিশিষ্ট তাহাকে উক্তপ্রত্যুক্ত বলে।

দশরপ্কান্ধ লাস্যের নামলক্ষণাদির বিষয় একপ্রকার বলা হইল, এক্ষণে ইহার সদ্ধি বিধি-বিষয়ক শবীরগত অন্যান্য লক্ষণ সমুদাধ বলা আবশ্রক।

# তৃতীয় পরিচ্ছেদ।

ইতিবৃত্তই নাট্যের শরীর, সেই ইতিবৃত্ত আধিকারিক এবং প্রাসঙ্গিকভেদে দ্বিবিধ ও পঞ্চান্ধিতে বিভক্ত। যে কাৰ্য্য ফলপ্ৰাপ্তি-বিষয়ে সমর্থ, তাহার নাম অধিকার, এবং সেই অধিকারদারা ফলপ্রাপ্তি পর্যান্ত নীয়মান ইতি-বৃত্তের নাম আধিকারিক। পরপ্রয়োজনপ্রযুক্ত যে ইতিরুত্ত, সেই ইতিরুত্তের প্রদঙ্গক্রমে নিজের কোন প্রয়োজনসিদ্ধি হইলে তাহাকে প্রাস-দিক ইতিবৃত্ত বলে। কবির প্রযন্তাতিশয়ে বিধি-মতে প্রযুক্ত অভিনেতৃগণকর্তৃক ফলের উৎকর্ব-হেতু বে ফলপ্রাপ্তি হয়, তাহাকে ফলপ্রাপ্তি वर्ग थवः मिट्टे करनद बना आधिकादिक छ

তাহার উপকরণজন্য আত্মদিক অর্থাৎ প্রা ফিকের ব্যবহার হইয়া থাকে। সেই ফলপ্রাপ্তিব পাঁচটী অবস্থা আছে। যথা:—প্রারম্ভ, প্রযন্ত্র, প্রাপ্ত্যাশা, নিয়তপ্রাপ্তি এবং ফলাগ্ম।

### প্রারম্ভ-লক্ষণ।

মুথ্য কলসিদ্ধির নিমিত্ত ঔৎস্থক্য প্রকাশ কবার নাম প্রারম্ভ। যথা:—রক্লাবলীতে রহা বলীর রাজান্তঃপুরপ্রবেশের নিমিত্ত যেগিদ বায়ণের ঔৎস্থক্য প্রকাশ।

#### প্রযন্ত্র-লক্ষণ।

ফলপ্রাপ্তির হৃত অতিত্বরাযুক্ত ব্যাপাবকে প্রেয়ত্ব বলে। কাহারও মতে কোন বাক্তির ফল-প্রাপ্তি না দেখিয়া ফলের প্রতি অত্যক্ত ঔৎ স্থাক্যের সহিত ধাবনের নামই প্রবন্ধ। বধা:— রত্নাবলীতে রতাবলীর চিত্রপট লিখন। রাম-চরিতে সমুদ্রমন্থন ইত্যাদি।

### প্রাপ্ত্যাশা-লকণ।

যাহাতে ভাবমাত্রে ফলগাপ্তির প্রতি
কিঞ্চিৎও আশা থাকে, তাহাকে প্রাপ্ত্যাশা
বলে। অথবা যেধানে উপায়সত্ত্বও অপায়ের
আশহায় ফলপ্রাপ্তির সম্পূর্ণ নিশ্চয়তা করিতে
পারা যায় না, অথচ সম্ভাবনা থাকে, তাহার
নাম প্রাপ্ত্যাশা। যথা:—রত্নাবলীতে বেশপরিবর্তনাদি দ্বারা রত্নাবলীর 'উদয়নরাজের সঙ্গমরূপ ফলপ্রাপ্তি।

### নিয়তপ্রাপ্তি-লক্ষণ।

বেধানে রূপ বা ক্রিয়া ছারা ফলপ্রাপ্তির সম্পূর্ণ নিশ্চয়তা থাঞে, তাহাকে নিয়তপ্রাপ্তি বলে। অথবা অপারের দুরীকরণে যে ফল প্রাপ্তির নিশ্বরতা হয়, তাহার নাম নিয়ত-প্রাপ্তি। যথা:—রক্লাবলীতে "দেবীর অমুগ্রহ লাভ ব্যতিরেকে এক্ষণে অন্ত কোন উপায় দেখিতে পাইতেছি না," ইত্যানি বাজবাক্য।

#### ফলাগম-লক্ষণ।

সমুদার অভিপ্রেত ক্রিয়াফলের লাভকে ফলাগম বলে। যেমন রক্নাবলীতে উদযন-রাজের চক্রবর্ত্তিগলক্ষণ ফলান্তরলাভের সহিত রক্নাবলীলাত।

ফলার্থিকর্ত্ক আরক ইতিবৃত্তাদি কার্যোব ক্রমান্তরে এই পাঁচপ্রকার অবস্থা হইয়া থাকে। ইহারা স্বভাবতঃ পরস্পর ভিন্ন হইলেও পরস্পর একত হইয়া ফলের হেতুস্কপ হয়। যে সকল বিষয় ধারা ইতিবৃত্তের প্রয়োজন-সিদ্ধ হয়, তাহাদিগকে অর্থপ্রকৃতি বলে। সেই অর্থপ্রকৃতিসকলের পাঁচটা প্রকারভেদ আছে। যথা:--বীজ, বিন্দু, পতাকা, প্রক্রী ও কার্য্য। ইহাদের লক্ষণ ও উদাহরণ নিয়ে প্রদর্শিত হইতেছে।

### বীজ-লক্ষণ।

প্রথমে অল্পমাত্র সম্পিষ্ট ও পরে বিস্তারিত হইয়া ফলাবসান পর্যান্ত বর্ণিত ফলের প্রথম কারণকে বীজ বলে। যথা:—রত্নাবলীতে বৎস-রাজের দৈবাত্তক্ল্যলালিত রত্নাবলীপ্রান্তিহেতু যৌগদ্ধরান্ত্রপকার্যা। অথবা বেণীসংহারে জৌপদীর কেশসংযমনহেতৃ ভীমের ক্রোধোপচিত মুধিষ্টিরের উৎসাহ।

### বিন্দু-লক্ষণ।

প্রয়োজনসকলের পরম্পার বিচ্ছেদ সন্থা বনা থাকিলে যাহা ছারা কার্য্যশেষ পর্যাল তাহাদিগের বিচ্ছেদঘটনা না হয়, ত'হাকে বিন্দু বলে। যথা:—রজাবলীতে অনঙ্গপূজা সমাপ্ত হইলে সাগরিকার উদ্ধনরাজের পরি চয়প্রাপ্তি।

#### পতাকা-লক্ষণ।

যে ইতিবৃত্ত ফল ও প্রস্তুত বিষয়ের উপ-কারক, অথচ প্রস্তুত প্রধান বিষয়ের স্থায় করিত, তাহাকে পতাকা বলে। যেমন:—রাম চরিতে স্থানীবাদির, বেণীসংহারে ভীমাদির ও শকুন্তুলায় বিদ্যকের চরিত পতাকার উদা-হরণস্থা।

### धकती-लक्ष्ण।

প্রস্তুত বিষয়ের কোন একভাগে প্রসঞ্জনে কোন চরিত বর্ণনকে প্রকরী বলে।

যথা — কুলপত্যকে রাবণের সহিত জটায্র
বিরোধসংবাদ।

### কার্য্য-লক্ষণ।

যাহার জন্ম কোন কিছু আবস্ত হয়, তাহা ব নাম কার্যা। কাহারও মতে নাইকেব প্রধান উদ্দেশ্য-বিষয়ক বর্ণনের নামই কার্যা। যথা:— রামচরিতে রাবণবধ।

পূর্ব্বোক্ত পতাকায় এক বা ততোধিক যে
সৃদ্ধি থাকে, তাহা প্রধানার্থের অনুযায়ী হইলেই
সম্পদ্ধি নামে অভিহিত হয়: ার্ভ বা বিমর্কে
পতাকা সুম্পন্ন হয় ইহা এাদ্দিক বলিয়া

কোন বস্তুসম্পর্কীর এবং প্রধান নায়ক ব্যতীত জ্ঞন্ত কোন প্রয়োজনসাধক ও শিষ্টপদসম্বদ্ধ হয়। ইহাতে অর্থের উপযোগ থাকে। চারিটী পতাকাবিশিষ্ট কাব্য নাটকে প্রযোজিত হয়।

নাটকে মুখ, প্রতিমুখ, গর্ভ, বিমর্ষ ও নিবর্হণ বা উপসংহৃতি এই পাচপ্রকার দ্রি পাকে। এই পঞ্চদদ্বিবিশিষ্ট নাটকই অতি প্রশস্ত। অবশিষ্ট অপ্রধান দ্রিগুলি উক্ত পঞ্চ দ্রদ্ধির অন্ত্র্গতমাত্র।

### गूथमिक-लक्ष।

যেখানে বীজ কথার উৎপত্তি হয় এবং
নানা অর্থযুক্ত রদ থাকে, তাহাকে মুখদন্ধি
বলে। ষণা:—রত্নাবলীর প্রথমাত্তে মুখদন্ধি
দৃষ্টিগোচর হয়।

# প্রতিমুখসিক লক্ষণ।

পূর্ব্বাক্ত ম্থদদিতে প্রধান ফলের উপান্তর বাদ্ধান বাদে কান প্রানে লক্ষ্য, কোন স্থানে বা কিঞ্চিৎ অস্পান্তর ভার প্রাতীত হই মা যে, উদিন্ত হয়, তাহাকে প্রতিম্থদদি বলে। যথা:—রক্ষাবলীর প্রথম ও দিতীয়াকে উপজ্ঞিপ্ত বংশরাক্রেল সাগরিকাদমাগমহে ভূত্ত অস্থলগরীজের স্বস্পতা ও বিদ্যুক্ত ক্র্যাগরীজের স্বস্পতা ও বিদ্যুক্ত ক্রিক্ত কিঞ্চিৎ লক্ষ্য, এবং বাসবদ্ধান্ত কিঞ্চিৎ লক্ষ্য, এবং বাসবদ্ধান্ত কিঞ্চিৎ লক্ষ্য, গ্রাহা কিঞ্চিৎ উন্নীয়ন্দ্র উদ্দেশকণ উদ্ভেদ।

# গর্ভদন্ধি-লক্ষণ।

যাহাতে প্রধান বীজের উদ্ভেদ, কথন প্রাপ্তি, কথন বা অপ্রাপ্তি এবং পুনরম্বেষণ সংঘটিত হয়, তাহাকে গর্ভদন্ধি কহে। যথা —
বন্ধাবলীর দ্বিতীয়ান্ধে স্থাসতার বাক্যে সম্ভেদ,
প্নর্কার বাসবদন্তান প্রবেশে হ্রাস। ভূতী

যাক্ষেও ইহার উদাহরণ যথেষ্ট দেখিতে পাওয়া
বায়।

# বিমর্ঘসন্ধি-লক্ষণ।

যে স্থলে ক্রোধ, ব্যসন ও শাপাদি দাব।

মথ্য ফলোপায়ের ব্যাঘাত জনায়, তাহার নাম
বিমধ সদ্ধি। যথা ---শকুন্তলার চতুর্থাফে
প্রিয়ম্বদাব সহিত অনস্মার শকুন্তলাঘটিত
কথোপকথন।

# নিবৰ্হণসন্ধি-লক্ষণ।

যাহা ধাবা নানা ভাবোত্তর বীজবিশি? মুখাদির অর্থসমূহ যাব্য স্থান উৎক্ষিপ হইয়া একার্থ প্রতিপন্ন করে, ভাহাকে নিবর্হণ দক্ষি বলে। যথা:—বেণীসংহারে কঞ্কীয়ুধি-ষ্টিরসংবাদ,অথবা শকুন্তলার সপ্তমাক্ষে শকুন্তলার অভিজ্ঞানদর্শনহেতু পরবৃত্তান্ত।

উক্ত পাঁচপ্রকার সন্ধিই নাটক ও প্রকরণে পাকে। ডিম ও সমবকারে বিমর্থ সন্ধি ভিন্ন অপর চারিপ্রকার সন্ধি ও কৌশিকী ভিন্ন অপর তিনপ্রকার বৃত্তির বিদ্যমানতা দেখা বায়। ব্যায়োগ ও ঈহামূগে গর্ভ ও বিমর্ষ সন্ধি शाक ना. এवः एक को निकी वृद्धि ए शिएड পাওয়া যায়। প্রহসন, বীথী, অন্ধ ও ভাগ মুখ ৪ নিবহণ সন্ধিযুক্ত এবং কৌশিকী ভিন্ন অব-শিষ্ট বৃত্তিবিশিষ্ট হয়। এই পাচপ্রকার সন্ধির্থই नाना अत्र আছে, उৎनमूनाय क्रमभः विवृष्ठ করা যাইতেছে।

मम्भाम् खग्यूक वृखमभृश्कर महात्र वला : ইষ্ট বিষয়ের রচনা, প্রাক্ত বুক্তান্তের উপক্ষ রাগপ্রাপ্তি, প্রয়োগ, গুপ্ত বিষয়ের গোপন প্রকাশ্ত বিষয়ের প্রকাশ এই গুলি প্রধান সন্ধ্যক্ষ ! কাবা বে, অর্থহীন হইয়াও অঞ্চন্দ ষিত হইলে প্রয়োগের প্রদীপ্তিহেতু শোভা পায उपविषय त्याय १व कि इसाक मान्य नार्थ কিন্তু উৎকৃষ্ট কাব্যও অঙ্গহীন হইলে বিক্লঙ্গে ব্যক্তির স্থায় কাহারও মনোরঞ্জন করিতে সক্ষম **इम्र ना : अञ्जाद मिक्कि-धार्माण गर्था श**ुक् यशांत्रमभूनं कविजान्नमकन श्राराशं कविटा १४: শাম, ভেদ, প্রদান, দণ্ড, বধ, প্রত্যুৎপর্মতিত গোত্রস্থলিত, গাহস, ভয়, লজ্জা, মায়া, ক্রোণ ও**জঃ, সম্বরণ, ভ্রাস্তি, হেত্ববধারণ, দূত**, শে<sup>র্ব</sup>া শ্বপ, চিত্র ও মন্ততা এই াক্লকেই সন্ধান্তর বলে

উপক্ষেপ, পরিকর, পরিস্থাস, বিলোভন, যুক্তি, প্রাপ্তি, সমাধান, বিধান, পরিভাবনা, উদ্ভেদ, কারণ ও ভেদ এই ধাদশ-বিধ অঙ্গ ম্থ-সন্ধিতে সংযোজিত থাকে।

প্রতিমুখে বিলাস, পরিসর্প, বিধৃত, তাপন
নর্ম, নর্মগ্রাভি, প্রগণন, নিবোধ, পর্য্যুপাসন.
পূষ্প, বজ্র, উপস্তাস ও বর্ণসংহার এই কয়েকটী
অঙ্গ আছে।

শভ্তাহরণ, মার্গ, রূপ, উদাহবণ, ক্রম, সংগ্রহ, অহমান, প্রার্থনা, ক্রিপ্তি, তোটক, অধি বল, উদ্বেগ ও বিজব এই ত্রগ্রোদশটী গর্ভসন্দাদ।

অপবাদ, সম্পেট, দ্রখ, শক্তি, প্রসঙ্গ, ব্যব-সায়, বিরোধ, প্রেরোচনা, বিচলন, আদান, ছলন, ব্যাহার ও হ্যতি এই তেরটীকে বিমর্থ-সন্ধান্ত বলে। নিবর্হণসন্ধিতে সন্ধি, বিবোধ, গ্রথন, নির্ণ, পরিভাষণ, ক্রতি, প্রসাদ, আনন্দ, সময়, উপ গূহন, আভাষণ, পূর্বভাব, কাব্যসংহার ও প্রশস্তি এই চতুর্দশটী অঙ্গ আছে।

যে সকল সন্ধান্ধের নাম উক্ত হইল,তাহা দিগের লক্ষণ ও উদাহরণ বলা যাইতেছে।

# উপক্ষেপ-লক্ষণ।

ইতিবৃত্তমূলক কাব্যার্থের সংক্ষেপে উপ ক্ষেপককে অর্থাৎ যেখানে কাব্যের প্রস্তুতার্থের উৎপত্তি হ্য, তাহাকে উপক্ষেপ বলে। যথা— বেণীসংহারে "লাক্ষাগৃহ" ইত্যাদি ভীমবাকা :

### পরিকর-লক্ষণ।

কাব্যের উৎপন্নার্থবাছল্যের নাম পরিক্রা যথা:---বেণীসংহারে " কৌরবর্গণের সহিত্ আমার যে দারুণ শক্রতা, তাহার কারণ বাজাও নহেন এবং তোমরাও নহ," ইত্যাদি ভীমবাকা।

### পরিন্থাস লক্ষণ।

ভবিষ্যতের গর্ত্তে নিহিত, অর্থাৎ পরে হাহা হইবে, তদ্বিষয়ক বর্ণনকে পরিস্থাস বলা যায়। যথা:—বেণীসংহারে অতি অভিমানিনী দ্রৌপদীর নিকট ভীমের প্রব্যেষ্টনক আখাস ব্রক্তা।

### वित्नाज्ञ-लक्ष्ण।

নায়কাদির গুণবর্ণন করাব নাম বিলো-ছন। যথা:—বেণীসংহাবে "নাথ। তুমি কুপিক হইলে কোন কার্য্যই ১ %র হয় না," ইত্যাদি জৌপদীর বাকা।

# যুক্তি-লক্ষণ।

অর্থের অর্থাৎ প্রস্তুত বিষয়ের সমাক্
প্রকারে ধারণ করার নাম যুক্তি। যথা:—বেণিসংহারে ভীমের প্রতি "আর্য্য! মহাবাজ কিব ইত্যাদি সহদেববাক্য।

# প্রাপ্তি-লক্ষণ।

স্থাগমকে প্রাণ্ডি বলে। যথা: — বেণী
সংহারে "নাথ! এ কথা অশ্রুত পূর্ব্ব," ইত্যাদি
দৌপদীবাক্য।

### সমাধান-লক্ষণ।

বীজার্থের অর্থাৎ মূল বিষয়ের কথনকে
সমাধান বলা য়ায। যথা:—বেণীসংহারে "এহে
সকলে শ্রবণ কর, বিরাট্ ক্রপদ প্রভৃতি সকলে"
ইত্যাদি নেপণ্যোক্ত বা গু।

### বিধান লক্ষণ।

যে স্থান স্থাও ছ:খ উভয়েরই উক্তি থাকে, তাহাকে বিধান বলে। যথা:—বাল-চরিতে "বৎস! তোমার উৎসাহাতিশয়" ইত্যাদি বাক্য।

### পরিভাবনা-লক্ষণ।

সকৌতৃহল উক্তির নাম পরিভাবনা।
বধা:—বেণীসংহারে "নাথ! এক্ষণে কি প্রলয়
প্রোধর" ইত্যাদি ডৌপদীবাক্য।

# উদ্ভেদ-লক্ষণ।

বীলার্থের অঙ্ক্রের নাম উত্তেদ। যথা:— বেণীসংহারে "জীবিতেখর। পুনর্কার তুমি আমাকে সমাখাসিত করিবে," ইত্যাদি জৌপদী-বাক্য।

#### ভারতীয় নাটারহক্ত ;

### কারণ-লক্ষণ।

প্রকৃতার্থের সমারস্তকেই কারণ বলে ।
বথা:—বেণীসংহারে "দেবি! আমরা এফনে
রুককুলক্ষরের নিমিত্ত চলিলাম," ইত্যাদি
বাক্য

#### (अम-लक्ष्म।

সমূহের ভেদনকে ভেদ বলে। যথা :--বেণীসংহারে " অদা হইতে আমি তোমাদেং
সহিত ভিন্ন হইলাম," ইত্যাদি ভীমবাকা।

# विनाम-लक्ष्य।

রতিবিশিষ্ট সভোগেচ্ছার নাম বিলাব ।

বথা:—শকুন্তলায় "প্রিয়া শকুন্তলা আমার
পক্ষে নিতান্ত গ্র্লভ নহেন," ইত্যাদি বাজ
বাকা।

# পরিদর্শ-লক্ষণ।

ইট অথচ নই বস্তব কোণ চিহ্ন দেখিবা ভাহার অমুসরণ করাকেই পরিদর্প বলা বার। যথা:—শকুস্তলার "এন্থলে ভবিতবতোই মুগ্ৰ" ইতাদি রাজবাকা।

# বিধৃত-লক্ষণ।

কৃতাস্থনয় অগ্রাহ্য করার নাম বিগ্ত।

বধা:—শকুন্তলায় " অন্তঃপুরবিরহপর্যুৎস্থাক

মহারাজ্যকে আমাদিগের উপরোধ করা বুগা,"

ইত্যাদি বাক্য।

#### তাপন-লক্ষণ।

কোন বিষয়ের উপায় না দেখাকে তাপন বলে। যথা:—রত্মাবলীতে "হুর্গত জনের প্রাকি আমার অন্তর্গার," ইড্যাদি দাগরিকাবাকা।

#### নৰ্ম-লক্ষণ।

ক্রীড়া বা বিলোভনের নিমিত্ত হাস্থকর বাক্যের নাম নর্মা। যথা:—রত্নাবলীতে "সধি। তুমি যাহার জন্মে এথানে আসিয়াছ, দে এই তোমার সম্মুথে রহিয়াছে," ইত্যাদি স্থসক্ষতানক্য।

# নর্মান্ত্যতি-লক্ষণ।

পরিহাসছলে সন্তোষ উৎপাদন করাকে
নর্মহাতি বলে। যথা:—রক্সাবলীতে "স্থি।
তুমি এমন নিষ্ঠ্র হইলে কেন," ইত্যাদি
স্থাস্কতাবাক্য।

#### প্রগণন-লক্ষণ।

পরস্পরের উত্তরোত্তর বাক্যকে প্রগণন বলে। যথা:—বিক্রমে।র্কনীতে "মহারাজ! জরষুক্ত হউন," উর্বালীর এই বাকা প্রবণে "তুমি যথন আমার জয় কামনা করিতেছ, তথন অবশ্রই আমার জয় হইবে," ইত্যাদি রাজ-বাকা।

#### बिद्राध-लक्ष्ण।

ব্যসনসম্প্রাপ্তির নাম নিরোধ। যথা:—

চপ্তকৌশিকে "আমার অপরিণামদর্শিতাদোষে

অলম্ভ অগ্নিকে পাদস্পৃষ্ট করা ছইয়াছে,"

ইত্যাদি রাজবাক্য।

# পর্যুপাসন লক্ষণ।

কৃষ্ণ ব্যক্তির প্রতি অমুনয় করাকে পর্যা-পাসন বলে। যথা:—রব্বাবলীতে "কোপ করিও না, ইনি কদলীগৃহমধ্যে প্রবেশ করিযা-ছেন," ইত্যাদি বাক্য।

### পুজ্প-লক্ষণ।

বিশেষ মনোগত কথাকে পুষ্প বলে।
যথা:—রত্মাবলীতে "বয়স্তা! তুমি আশ্চ্যা
শ্রীলাভ করিয়াছ," ইত্যাদি বিদ্যকবাক শ্রবণা
নস্তর "বয়স্তা! তুমি সতা কথাই বলিয়াছ, ইনি
যথার্থ ই লক্ষ্মী, ইঁহার পাণিপল্লব পারিজাত পল্লবসদৃশ মনোহর," ইত্যাদি রাজবাক্য।

#### বজ্ৰ-লক্ষণ।

অতি নিষ্ঠুব বাক্যেব নাম বক্স। যথা -রত্নাবলীতে "তৃমি আমাকে কেমন করিলা
কানিতে পারিলে ?" রাজার এই বাক্য শ্রবণে
"শুদ্ধ আপনাকে নয়, চিত্রপট পর্যান্তও দেখিয়াছি, আমি এখনই গিয়া দেবীকে সব বলিয়া
দিব," ইত্যাদি স্বসন্ধাবাক্য।

# উপন্যাস-লক্ষণ।

উপপত্তিক্বত অর্থকে অর্থাৎ কল্লিত গলকে উপস্থান বলে। কাহারও মতে অগ্নন্থানি দ্বার। কোন ব্যক্তিকে প্রসন্ধ করার নাম উপস্থান। বথা:—রক্ষাবলীতে "মহারাজ! আমাকে ভ্রম করিবেন না," ইত্যাদি স্মস্ঞতাবাক্য।

# বর্ণসংহার-লক্ষণ।

চতুর্ববর্ণের অর্থাং ব্রাহ্মণ, কল্রিয়, বৈশ্র ও শূদ্র, এই চারি জাতির পরস্পর মিলনকে বর্ণসংহার বলা যায়। যথা:— শীবচরিতের তৃতীয় অঙ্কে "ঋষিদিগের এই সভা, আর এই বীর মুধাজিং," ইত্যাদি বাক্য। রত্বাবলীর বিতীয় অঙ্কে "ইহা হইতেও গুক্তর প্রসাদ" ইত্যাদি বাক্য।

# অভূতাহরণ-লক্ষণ।

কাপট্যাশ্রর বাক্যকে অভ্তাহরণ বলে।
যথা:—বেণীসংহারে "সত্যবাদী যুধিন্তির, অনাযাসে অশ্বথামা হত হইয়াছে, এই কথাটী
অভি
শুদ্ধভাবে বলিয়া শেষে 'গল,' এই কথাটী অভি
মুদ্ধরে বলিয়া," ইত্যাদি অশ্বথামার বাক্য।

# মার্গ-লক্ষণ।

যথার্থ কথা বলার নাম মার্গ। যথা :—
চণ্ডকৌশিকে "ভগবন্! ভার্য্যাপুত্র বিক্রয
করিয়া যে অর্থ সংগ্রহ করিয়াছি, তাহা গ্রহণ
করূন," ইত্যাদি রাজবাক্য।

#### क्राथ-लक्ष्ण।

চিত্রার্থান্থগত বাক্যকে রূপ বলে। যথা:--রত্নাবলীতে "আমার মন স্বভাবতঃ অতি

চপল, অথত হর্লক্য হইলেও কন্দর্প কিপ্রকারে ভাহাকে শরবিদ্ধ করিল," ইত্যাদি রাজবাক্য।

# উদাহরণ-লক্ষণ।

উৎকর্ষবিশিষ্ট বাফোর নাম উদাহরণ।

যথা:—বেণীদংহারে "পাগুবদেনামধ্যে যে যে

ব্যক্তি গুরু অহঙ্কারে মত হইয়া শস্ত্র গ্রহণ

করিয়াছে," ইত্যাদি অশ্বথামার বাক্য।

#### ক্রম-লক্ষণ।

বাক্যের প্রকৃতার্থ উপলব্ধির নাম ক্রম।

বধা: —শকুস্তলার "যাহা হউক্ত জনিমেষ

নয়নে প্রিয়াকে দেখি," ইত্যাদি রাজবাক্য।

#### সংগ্রহ-লক্ষণ।

সাম, দান ও অর্থযুক্ত বিষয়কে সংগ্রহ বন্ধে। মথা:—রত্নাবলীতে "ধল্ল বয়তা। এই তোমার পারিতোষিক গ্রহণ কর," ইত্যাদি যাজবাকা!

### অনুমান-লক্ষণ।

রূপের অন্তর্মণ কথনকে অন্ত্যান বলে।
কাহারও মতে হেতুদর্শনে কোন প্রক্রত বিষষ্
স্থিব করাকেও অন্ত্যান বলে। যথা:—জানকী
রাঘবে "বচ্ছল গমনে পৃথিবীকে ভদ্দিমতী
করিতেছে," ইত্যাদি রামবাক্য।

### প্রার্থনা-লক্ষণ।

অথম বিনয়পূর্বক কাহাকে কোন কানে নিয়োগ করার নাম প্রার্থনা। কাহাবভ মতে বমণ, হর্ষ ও উৎসবের প্রার্থনাকেই প্রার্থনা বলে। যথা:—রক্সাবলীতে "প্রিয়ে সাগ্রিকে। তোমার চন্দ্রনদশ মুখ, উৎপলসদৃশ নয়ন, পদ্ম

সদশ করে, রম্ভাসদৃশ উরু, মৃণালগদৃশ বাহ আমাকে অতিশয় আনন্দিত করিতেছে," ইত্যাদি রাজবাকা।

### ফিপ্তি-লক্ষণ।

কোন বহস্তার্থ প্রকাশ করাকে শিপ্তি বলে। যথা:—বেণীসংহাবে "একটী জ্বুদ্রেব বিপাকে এই সকল দারুণ ঘটনা উপস্থিত." ইত্যাদি বাক্য।

# ত্রেটিক-লক্ষণ।

সংরক অর্থাৎ ক্রোধ প্রকাশপূর্বক কোন বাক্য বলাকে ত্রোটক বলে। যথা:—চণ্ড-কৌশিকে "আঃ—আজও তুমি আমার যজ্ঞের বর্ণ দক্ষিণা সংগ্রহ করিতে পার নাই?" ইত্যাদি কৌশিকবাক্য।

# अधिवल-लक्कं**।**

কাপট্যপ্রকাশপূর্বক কোন অভিস্থি নাধন করাকে অধিবল বলে। যথা:—রক্ষা বলীতে "ভর্ত্দারিকে! এই সেই চিত্রশালিক<sup>1</sup> ইত্যাদি কাঞ্চন্মালাবাক্য।

# উদ্বেগ-লক্ষণ।

বাজা, শক্র বা দস্ম দ্বারা উৎপন্ধ ভয়কে উদ্বেগ বলা যায়। যথা:—বেণীসংহারে "এক-বথারুড় সেই কর্ণারি অর্জুন ও ক্রকন্মা কুকো দরকে পাইয়াছি," ইত্যাদি বাকা।

# বিদ্রব-লক্ষণ।

শকা, ভয় বা আসজনিত সম্ভ্রমকে বিজ্রব বলে ৷ যথা:—"কালাস্তকসদৃশ কুদ্ধ দশা-স্থাকে নিরীক্ষণ করিয়া বানর সৈন্তদিপের মধ্যে একটা ভূমূল কোলাহল উদ্ধিত হইল," ইত্যাদি বাকা !

# অপবাদ-লক্ষণ।

লোকের অনর্থক দোষকথনকে অপবাদ বলে। যথা:—বেণীসংহারে "পাঞালক। সেই গুরাঝা গুর্যোধনের কি কোন স্থানে কোন-ক্রপ সন্ধান পাইয়াছ ?" ইত্যাদি মৃথিটির-বাকা।

### मटम्ला - लक्क ।

রোষপ্রযুক্ত বাকোর নাম স্পোট। যথা:—
বেণীসংহারে " আরে বাযুপুত্র ! তৃই বৃদ্ধ মহণ্
রাজের সরিধানে অতিশয় গহিত নিজ কার্য্যয়ম্হের সাবা করিতেছিস!" ইত্যাদি রাজরাক্য।

#### **एय-लक्ष्य**।

প্রবল শোকাদি দারা আক্রান্ত হইবা শুরুজনকে ব্যতিক্রম করার নাম দ্রব। যথা— বেণীসংহারে "ভগবন্ ক্লফাগ্রন্ধা স্বভ্জালাতঃ!" ইত্যাদি যুধিষ্ঠিরবাক্য।

### শক্তি-লক্ষণ।

বিরোধপ্রশমনকে শক্তি বলে। যথা — বেণীনংহারে "সমরে নিহত আত্মীয়জনেব দেহ অদ্য সকলে ভশ্মসাৎ করুক," ইত্যাদি বাকা।

#### প্রসঙ্গ-লক্ষণ।

ধর্ষণাযুক্ত বাক্যের নাম প্রসঙ্গ। যথা দ্ মুচ্ছকটিকে "আর্য্য বিশ্বদন্তের পৌক্র, সাগরদত্তেই পুত্র এই চারুদন্ত সামাক্ত অলঙ্কারৈর লোভে সেন্তদেন। বেখাকে নই করিয়াছে, তজ্জ্ঞ ইহাকে বধ করিবার নিমিত্ত বগ্য ভূমিতে লইয়া বাওয়া হইতেছে," ইত্যাদি চাণ্ডালবাক্য প্রবণানস্তর "যে বংশ শত শত যাগ্যতে প্রিক্ ইইয়াছে," ইত্যাদি চারুদ্ভবাক্য।

### वावमाय-लक्ष्ण।

প্রতিজ্ঞার হেড়ু আশ্রম্ন করাকে ব্যবসাম বলে। যথা:—বেণীসংহারে "সম্পায় কোব-বের জীবনহস্কা, ছঃশাসনের শোণিতপাতা ও ঘর্ষ্যোধনের উক্তঙ্গকর্তা ভীম আপনাকে প্রণাম করিতেছে," ইত্যাদি ভীমবাকা।

# বিরোধ-লক্ষণ।

উত্তরোজর বাক্যকে বিরোধ বলা যায়। কাহারও মতে কার্য্যতায়োপগমনের নাম বিরোধ। যথা:—্বেণীসংহারে "ভীন্মরূপ মহার্ন? পার হইয়াছি, প্রালয়ানলস্বরূপ চোণকেও নিকা রণ কবিলাম," ইত্যাদি যুধিষ্টিরবাক্য:

### প্ররোচনা-লক্ষণ।

সম্দায় কার্যা একত্র প্রদর্শন করাকে প্ররোদ্ধনা বলে। যথা —বেনীসংহারে "আমি দেব ১ক্রাপানির সহিত 'ভতোবা তেশ্যার হাজ্যাতি-ঘেকের নিমিত্ত স্থবর্গ কলস সকল সলিলপূর্থ করুক,' এই কথা বলিয়া" ইত্যাদি পাঞ্চালবাক।

# বিচলন লক্ষণ।

অসমানার্থসংযুক্ত বাক্যকে বিচলন বলে। কোন কোন নাট্যবিৎ পণ্ডিত বিচলনের পরি বর্ত্তে থেদকে বিমর্থসন্ধির অঙ্গ বলিয়া নির্দেশ করিয়া থাকেন।

#### (र्यम-लक्त्र)।

মানসিক চেষ্টা হইতে সমুৎপন্ন এনকে ्थेम बला। यथा:--मालकीमाध्य " क्रमम দলিত হইতেছে, কিছু বিদীর্ণ হইতেছে না; িন্নি ত্ৰহ কৰে কৰে মোহ প্ৰাপ্ত হই-ে তেওঁ, কিং একেবাবে চৈতন্ত ত্যাগ করি-ग्लाइ मा: · मीह भवीवत्क निवस्त्र मध করিতেছে, বিশাঃ একেবারে ভশ্মসাৎ কবি-তেছে না: মর্শ্রছেদী বিধাতা অনবরত প্রহার করিতেছেন, কিন্তু জীবন নাশ করিতেছেন ना." हेजानि वाका।

### আদান-লক্ষণ।

मगुनाम कार्यात এक बीक तराटक आमान बर्ण। यथा :---(विनिःह्: दृतः " आहः म्रम्खन्कः

চারী ব্যক্তিবর্গ ! স্থামি রাক্ষ্য বা ভূত নহি \* ইত্যাদি ভীমবাক্য ।

#### ছলন-লক্ষণ।

অপমানজনিত সক্ষোহের নাম ছলন বা ছাদন। যথা:—বেণীসংহারে "আর্যা! ইনি শুদ্ধ বাক্যেই যা কিছু অপ্রিম্ন কার্য্য করিতেছেন, কিন্তু কার্য্যে পরিণত করিতে অক্ষম, বিশেষতঃ শতলাভূশোকে এক্ষণে অভিশম ছঃথিতঙ্ আছেন, ই হার বাক্যবাণে কাত্রর হইবেননা," ইত্যাদি অর্জুনবাক্য।

#### ব্যাহার-লক্ষণ।

প্রত্যক্ষ কথনকে ব্যাহার বলে। কোন কোন নাট্যবিৎ পণ্ডিত ব্যাহারের পরিবর্ত্তে প্রতিষেধকে বিমর্থ সন্ধির অঙ্গ বলিয়া করনা করেন।

### ্প্রতিষেধ-লক্ষণ।

অভিনয়িত বিষয়ের প্রতীঘাতকে প্রতি-ষেধ বলে। যথা:—প্রভাবতীতে বিদূষকের প্রতি "সথে! তুমি এখানে একাকী রহিয়াছ কেন ?" ইত্যাদি প্রহায়বাকা ৷

### ছ্যুতি-লক্ষণ।

পাণিক্ষেপ অর্থাৎ তিরস্কারযুক্ত বাক্যের नाम छाजि। यथा:--- द्विमश्हादत " दह इर्र्यान ধন। তুমি নির্মাণ চক্সবংশে জন্মপরিগ্রহ কবি মাছ, এখন পর্যান্তও তোমার হল্ডে গদা রহি ষাছে," ইত্যাদি ভীমবাকা।

### मिक-लिक्स ।

বীজোপগমনকে সন্ধি বলে। যথা:---तिवीनःशांत्र 'यळावतीनखाव । जामि शांशां

ব্লিয়াছিলাম, তাহা কি তোমার স্থরণ হর 🕫 ইত্যাদি জীমবাক্য।

#### বিবোধ-লক্ষণ।

কার্যাদেরণকে বিবোধ বলা যায়। যথা — বেণীদংহারে " আর্যা ! আমাকে ক্ষণকালের জন্ত পরিত্যাগ করুন," ভীমের এই বাকা শ্রবণ করিয়া খ্রিষ্ঠির উত্তর করিলেন, "আর কি স্বব-শিষ্ট আছে ?" ইত্যাদি বাকা ।

#### গ্রথন-লকণ।

কার্যের উপলাসকে গ্রথন বলে। যথা — বেণীসংহারে "অয়ি পাঞ্চালি। আমি জীবিত গাকিতে তুমি কথনই স্বীয় হত্তে হঃশাসনকর্তৃক খালিত কেশপাশে বেণী আবদ্ধ করিও না," ইত্যাদি ভীমবাক্য।

### निर्वश-लक्ष्म ।

অহভূতার্থ কথনের নাম নির্ণয়। যথা:---বেণীসংহারে "দেব অন্নাতশত্রো! ক্র্যোধন হতক **আন্ত**ও," ইত্যাদি ভীমবাকা :

### পরিভাষণ লক্ষণ।

পরিবাদকত বাকাকে পরিভাষণ বলে। गथा:-- मकुखनाम "आर्रा! त्मरे भूका। नव বর্ণিনী কোনু রান্ধর্ষির পত্নী ?" বাজায় এই বাকা এবণে "কে এখন সেই ধর্মপত্রী পরি ত্যাগীর নাম মুখে আনিবে গ" ইত্যাদি তাপদী-वाका।

### ক্রতি-লক্ষণ।

শকার্থের স্থিরীকরণের নাম ক্লতি। হথা :--বেণীসংহারে 'ভগবান ব্যাসদেব ও বাস্মীকি প্রভৃতি ঋষিগণ অভিবেকসামগ্রী লইরা রহিশা হেন," ইত্যাদি রুষ্ণবাক্য।

#### প্রসাদ-লক্ষণ।

শুশ্রমাদি ধারা যাহা উৎপন্ন হয়, ভাহাকে প্রসাদ বলে। যথা:—বেণীসংহারে ভীমকর্তৃক ড্রোপদীর কেশসংঘ্যমন ইত্যাদি।

#### আনন্দ-লক্ষণ।

অভিনয়িত বিষয় প্রাপ্তির নাম আনন :

যথা:—বেণীসংহারে "নাগের প্রসাদে আমি বিষ
ব্যাপার শিক্ষা করিব," ইত্যাদি দ্রৌপদীবাক্য :

### मग्रा-लक्ष।

ছ:খাপনয়নকে সময় বলে। যথা:—রজা বলীতে "ভগিনি! আখাসিতা হও, আখাসিত! হও," ইত্যাদি বাসবদতাবাক্য।

### উপগৃহন-লক্ষণ।

অত্তবন্তপ্রাপ্তির নাম উপগৃহন। যথা :— প্রভাবতীতে নারদকে দেখিয়া উর্দ্ধর্থ "বিছ্য-রেখাসদৃশ, পরিমলাদ্ধ অমরপঙ্জিবিশিষ্ট পুষ্প-শলা ধারণ করিয়া" ইত্যাদি প্রভ্যমবাক্য

### আভাষণ-লক্ষণ।

দান অথবা মান ঘারা নিম্পন্ন কার্য্যকে আভাষণ বলে। যথা:—চণ্ডকৌশিকে "তবে এস, ধর্মলোকে বাস করসে," ইত্যাদি ধর্ম বক্তা।

### পূৰ্বভাব লক্ষণ।

কার্য্যোগদেশক বিষয়কে পূর্বভাব বা পূর্ববাক্য বলে। যথা:—বেণীসংহারে "বুদ্ধি-মতিকে। একণে ুনেই অহত্ত্বতা ভাত্মতী কোধার ? এখন মাসিরা পাগুবপত্নী ড্রৌপ দীকে পরাভব করুক মা," ইত্যাদি জীম-বাক্য :

### কাব্যসংহার-লক্ষণ।

বর এবং প্রসাদ অর্পাৎ অন্তগ্রহ প্রাধিব নাম কাব্যসংহার। যথা:—প্রায় সকল নাট কেই "তোমার আব কি উপকার করিব"।

### প্রশস্তি লক্ষণ।

দেব, দ্বিজ ও নৃপাদির প্রশংসাকে প্রশন্তি
বলে। যথা:—প্রভাবতীতে "রাজারা প্রতিনিয়ত স্নতনির্বিশেষে প্রজাপাশন করুন,
ইত্যাদি বাক্য।

সনীতশাস্ত্রকুশন পণ্ডিতেরা এই সকল অন্তকে কার্য্য, কান্য, অবস্থা ও রসভাবের শক্ষারী করিয়া প্রাযুক্ত করিয়া থাকেন।

মন্ধ্যকের বিবরণ একপ্রকার বলা হইল, একণে

এই সকল অঙ্গসম্বন্ধীর সন্ধ্যন্তর দম্হ ও

শর্থোপক্ষেপক সকলের নাম, লক্ষণ ও উদা

চবণ বলা শহিতেছে !

সাম, ভেদ, প্রদান, দশু, বধ, প্রত্যুৎপর্ম
মতিছ, গোত্রশ্বসিত, সাহস, ভর, লজ্জা, মারা.
কোধ, ওজঃ, সম্বৰণ, প্রান্ধি, হেম্ববদারণ, দ্ত,
লেথ. স্বপ্ন, চিত্র ও মদ এই একবিংশতিটী সন্ধ্যন্তর
দন্ধি। বিজন্তক, চ্লিকা, প্রবেশক, অন্ধাবতার
ও অন্ধ্যুধ এই পাঁচটী অর্থোপক্ষেণক, অর্থাৎ
ইছাদিগের হারা অর্থের স্টনা হয়।

বিষ্কৃত্তক ও প্রবেশকের লক্ষণ পূর্বে উক্ত হইয়াছে, এক্ষণে চুলিকা, অধাবতার ও অন্ত-রুখের লক্ষণ ভ্রমণঃ প্রকাশ করা ঘাইতেছে।

### চুলিকা-লক্ষণ।

যবনিকার অন্তরস্থ ব্যক্তি ধারা কোনপ্রকার
আর্থের স্টনা হইলে তাহাকে চুলিকা বলে।
যথা:—বীরচরিতের চতুর্থাক্তের প্রথমেই নেপথে
বাম্মের পরশুরামবিজয়-সংবাদ স্থটিত হইখাছে

#### অস্বাবতার-লক্ষণ।

এক অক্ষের শেষে কোন পাত্র দ্বারা দেই আদ্বের অক্ষয়রপ অক্ষান্তরের অবতারণা করার নাম অহ্বাবতার। যথা:—শকুন্তলার পঞ্চাক্ষে পাত্র দ্বারা হচিত ষ্ঠাক।

#### অন্ধ মুখ-লক্ষণ।

ব্রী বা পুরুষ ধারা কোন অংশর মুখ বিচ্ছিন্ন হইলে পুনরায় তাহার উপক্ষেপকে অঙ্কমুথ বলে। কাহারও মতে এঃ অংক সমুদায় তদ্ধের সমস্ত বিবরণ স্চিত ক্লার নাম আন্ধমুখা আনুমুখই বীজার্থস্থাপক। যথা:—মানতীমাধ্বে প্রথমান্ধাদিতে কামন্দকী ও অবলোকিতার সংক্ষিপ্ত কথাপ্রবন্ধের প্রসন্ধত্তে ভূরিবস্ত প্রভৃতির সন্ধিবেশ স্থাতিত হইয়াছে।

সামান্তাকারে অভিনেতবা বিষয় সকলের বিবরণ একপ্রকার বলা হইল, এফণে স্বিস্তার নাটকলক্ষণ নির্দিষ্ট হইতেছে।

য়ড়ি ও বৃত্ত্যকর্ক, পঞ্চাবস্থাপ্রাপ্ত পঞ্চ শন্ধিবিশিষ্ট, একবিংশতি সাদ্ধ্যত্তর ও চতুঃবৃষ্টি শন্ধান্তরাক সম্পন্ন, ছত্তিশপ্রকার লক্ষণাক্রান্ত, নানাপ্রকার গুণালকারপূর্ণ, মহারস, মহাভোগ, উদাভবচন, মহাপুরুষসঞ্চার, সদাচার, জন-ধোষভা, স্থান্তর্তমাদি, স্থান্তর্ত্তাদি গুণ- গুদ্দিত নাটকই প্রশস্ত। নাটকে লোকের সুধ হঃধন্ধনিত অবস্থা বর্ণিত থাকিবে। সে ক্রান कानरे नरह. रम भिन्न भिन्नरे नरह, रम विमा तिमारि बरर. स्म कला कलारे नर्ए, स्म कम्ब কৰ্ম্মই নহে, যাহা নাটকে প্ৰযুক্ত না হয়। নানা ৰস্থাগত লোকেব স্বভাব অঙ্গভঙ্গীযুক্ত অভিনয় ধারা স্পষ্টভাবে মভিনীত হইবে। নাটকে দেবতা, রাজা ও ঋষিদিগের চরিত এবং লোকের মনের ভাব, বুদ্ধিচাতুর্যা, নিপুণতা মুর্থতা প্রভৃতি সমুদায়েরই বর্ণন থাকিবে। নানা ভাব, নান' রদ, ও নানা প্রকার কর্মপ্রবৃত্তি বারা নাটককে নানা অবস্থান্তরিত করা উচিত। লোকের ভাব, বলাবল, সম্ভোগ ও যুক্তি উত্তম রূপে দেখিয়া নাটকে প্রয়োগ করিতে হয়।

# চতুর্থ পরিচ্ছেদ।

পূর্ব্ব পূর্ব্ব পরিচ্ছেদে নাটকাদিব নাম,
লক্ষণ, অঙ্ক ও প্রত্যঙ্গগুলি একপ্রকার বর্ণিত
হইরাছে, অধুনা কৌশিকী প্রভৃতি বৃত্তি সমূহের
উৎপত্তি ও লক্ষণাদি বলা ঘাইতেছে।

যৎকালে ভগবান্ নারায়ণ নিজ মারায়
পদ্পায় লোককে সংক্ষিপ্ত এবং সমস্ত জগৎ
অর্থববৎ করিরা নাগপর্যাকে শরান ছিলেন,
সেই সময়ে বলবীর্য্য-মদোক্ষত মধু ও কৈটড
নামে হুইটা অহ্বর তাঁহার সহিত যুদ্ধ প্রার্থনার
অতিশয় তর্জন গর্জন করিতে লাগিল। পরে
হাহারা জাত্ব ও মৃষ্টি, বারা সেই ভৃতভাবন
অক্র প্রুষক্ক গ্রহার বরত ঘোরতর সংগ্রাম

আরম্ভ করিল। যুদ্ধ সময়ে তাঁহাদিগের প্রস্প্র नाना शक्षवांका ७ निकावांक त्यन वर्षव কম্পিত হইতে লাগিল। তাঁহাদিগের সেই সকল বাকা শ্রবণ করিয়া প্রজাপতি ব্রহ্মা ভয়ে निजास की व इहेगा विकृतक विनित्तन; क्रावन! बाशनि (य मकल कथा विल्एएहन, मकल কথারই পরম্পব উত্তোত্তব সম্বন্ধ দেখা বাই-তেছে, এই কি তবে ভারতী-রুদ্তি সম্ৎপন্ন इहेल ? याहा इंडेक भीघ देशां मिशक निधन ককন। মধুসদন প্রজাপতি ব্রহ্মার এই কথা শ্রবণ ক্রিয়া উত্তর ক্রিলেন, হে ব্রন্ধন! কার্য্যোদ্ধারের নিমিত্ত আমি এই ভারতী বুতিব সৃষ্টি করিলাম, অতএব হে বাগিভোষ্ঠ। আপনি আজা করুন, এই ভারতী-বৃত্তি যেন পৃথিবীতে বছলপ্রচার হয়। জাপনি ভাত হইবেন না

মামি অরায় ইহাদিগকে শমনসদনে প্রেরণ করিতেছি, ব্রহ্মাকে এই কথা বলিয়া বিষ্ণু সেই অস্থরধরের সহিত তুমুল সংগ্রাম আবস্ত করি-লেন। ফলতঃ বিষ্ণুর স্বল পার্নারকেপ্তেত পৃথিবী অভিশয় ভারবতী হওয়াতেই লারতী রভির উৎপত্তি হয়। তাঁহার শার্মধন্ত্র তীত্র, দীপ্ত ও সন্থাধিক বল্গন দারা সাত্ততী বৃত্তি উৎপन इहेल। विकृ युक्रमभएय विविध व्यक्र-চালনবৈচিত্র স্বারা যে কেশপাশ বন্ধন করেন, তাহাতে কৌশিকী বৃত্তি জন্মিল : এবং যুদ্ধে ব্যাগৃত বিষ্ণুঅঙ্গদমুলায় যে নান: সংরম্ভ, আবেগ ও গতিবিশিষ্ট হইয়াছিল ভাহাডেই পার্কটী বৃত্তির উৎপত্তি।

অনস্তর উক্ত অস্তবন্ধ্য বিষ্ণুর যুদ্ধে নিধন থাপ্ত হইলে ব্ৰহা নানাধাকারে বিফুব প্রশংসা-

वान कतिया करिएनन, तनव ! आश्रनाचात्रा ऋहे এই চারিটা বুদ্ধি আমি প্রথমে চারি বেদে मिरबाषिण कतिय। धाग्रवरम छात्रजी, यज्-**ट्यान नायछी.** नामरवरम ट्योनिकी धवः अथर्स-**दिरा आवण्डी** वृद्धि निर्मिष्ठे स्टेटव। नांधा-কারেরাও সেই গল্পযোনির অন্কুজার উক্ত বৃত্তি চতুষ্টর নাট্যে প্রযুক্ত করিরাছেন। সঙ্গীতরত্বাকর কারের মতে পুরুষার্থোপযোগিনী বাঙ্মন:কারজ ८०डी वित्मत्तव मामरे वृद्धि । जिनि वर्णन, श्रक, বন্ধু, অথর্ব ও সাম, এই বেদচতুষ্টর হইতে ক্রমান্বয়ে ভারতী, সাল্বতী, আবভটী ও कोिनकी अहे हातिही तुछि छे अन हरेमा छ। वृक्ति मभूमारम् त उँ ५ अ दिवस । अक्था का व ৰলা হইল, লক্ষণ ও উদাহরণ নিমে প্রকটিত इटेट्डिक ।

### ভারতী-রুত্তি-লক্ষণ।

ষাহা গান্তীৰ্য্যাদি-গুণবিশিষ্ট-বাক্যগুল্ফিত. পুরুষমাত্রপ্রহোজ্য এবং সংস্কৃতবছ্ত তাহাই ভারতী বৃদ্ধি নামে অভিহিত হইয়া থাকে। দর্মপ্রকার রসেই ভারতী রুত্তি প্রযুক্ত হইতে পারে। কোন কোন নাটাবিৎ পশুত সংস্কৃত-বছল, নটাশ্রয় বাগ্ব্যাপারকেই ভারতী বৃত্তি विषया जिल्ला कतिया शिवाद्यम । धारताहमा. আমুধ, বীণী এবং প্রহসন এই চারিটা প্রকার-ভেদ ভারতী বৃত্তিতে লক্ষিত হয়। আমুথেরও আবার পাঁচটা অন্ধ আছে। যথা:—উদ্ঘাত্যক্, কথোদ্যাত, প্রয়োগাতিশয়, প্রবর্ত্তক এবং অব-লগিত। ইহাদিনের প্রত্যেকের লক্ষণ ও উদা-হরণ প্রভৃতি হানান্তরে উন্নিধিত আছে। ছতরাং এত্তল পুরুক্ত্রেথ নিপ্রয়োজন।

### সাত্তী-বৃত্তি-লক্ষণ।

যাহ। সৰগুণ্যুক্ত, স্থায়চরিতবিশিষ্ট, উৎকট হর্ষোৎপাদক এবং শোকভাববিধীন তাহাকে সাস্বতী-বৃদ্ধি বলে। ইহাতে বীর, অন্ত, রৌদ্র এবং অন্নপরিমাণে আদিরস সঞ্চারিত থাকিবে। উদ্ধৃত পুরুষ ও পাত্রদিগের পরস্পার্ ধর্ষণা ইহার একটা প্রধান অস। উত্থাপক, পরিবর্ত্তক, সংশাপ ও সংঘাত্যক এই চারিটা প্রকারভেদ সাস্বতী-বৃত্তিতে গ্রিক্ত হয়।

## উত্থাপক-লক্ষণ।

বলি কোন পাত্র 'আমি এই উখিত হইলাম, তোমার শক্তি থাকে, নিবারণ কর'
ইত্যাকার আফালনপুর্বুক উথিত হর, তাহার
নাম উলাপক, অর্থাৎ শক্তা উত্তেলমকারী

वाकारक ख्रियामक करना । यथा :--वीत्रवंत्रिएड "আনদের অভই হউক, বা বিশ্বরের অভুই হইক, অথবা ছঃথের নিমিত্তই হউক, আমি ভোমাকে দেখিয়াছি." ইত্যাদি বাকা।

### পরিবর্ত্তক-লক্ষণ।

প্রারন্ধ কার্য্যের অন্তথা করণকে পরি बर्खक वटन । यथा --- (वनीमःशांद्र "महत्मव पूरि यांछ, शक्त चार्यकी २७." हेजानि कीमवाका ।

## म्। भःलाभ-लक्षनः

माम, बीक, ও नित्रामर्वयूक व्यानाभ वा নানা ভাবপূর্ণ গভীরোক্তিকে সংলাপ বলে। मधा:--बीतहतिहरू " महाराय व्यवश्र कार्ख-রীর্যার ক্লন্তের নিমিত আপুনাকে এই পর্য अवास-कवित्रार्द्यस्य ।", शतकतामः वारवक्षक

বাকাঁ প্রবণ করিয়া কহিলেন, "দাশরণি রাম! হা, এ সেই পরগুই বটে," ইত্যাদি পরগুরামবাকঃ:

#### সংঘাত্যক-লক্ষণ।

মন্ত্র, অর্থ ও কার্য্যের শক্তি দৈববল অথবা নিজদোবে মিলনভক্ত হওয়াকে সংঘাতাক বলে। কেহ কেহ কার্যা-শক্তি ও নিজদোব এই চুইটা কথার উল্লেখ করেন নাই। যথা:— মন্ত্র-শক্তি ও অর্থ-শক্তি দারা মূদ্রাক্ষদে বাক্ষস-সহচরদিগের পরস্পারভেদসাধন, এবং দৈব-শক্তি দারা রামায়ণে রাবণের সহিত বিভীষণের ভেদ-সাধন হয়।

### किंगिकी-इकि-लक्न।

ননোহর নেগথ্যবিশেষ দারা বিচিত্র, ব্রীসমূল, নৃত্যগীতপূর্ণ, কামোপভোগবহন বৃত্তিকে কৌশিকী-বৃত্তি বলে। কৌশিকী-বৃত্তিরও চারিটা প্রকারভেদ আছে। যণা:— নর্মা, নর্মান্দুর্জা, নর্মান্দোট ও নর্মাগর্ভ।

### নৰ্ম লক্ষণ।

যাহাতে বিহারক্রিয়ার বাহুলা বর্ণন ও পরি-হাস-জনক কথোপকথন থাকে, কিন্তু বীরাদি রসের উলেথমাত্র থাকে না, তাহাকে নর্মা বলে। কাহারও মতে প্রিয়সন্নিধানে বাক্চাতুর্য্য প্রদ-র্শনের নাম নর্মা। শুদ্ধ হাস্ত, সবিহার হাস্ত ও সভয় হাস্তম্ভ হইয়া নৰ্মণ্ড লিবিধভাবে প্রযুক্ত হইয়া থাকে। শুদ্ধ হাস্তমুক্ত বণা:--বত্নাবলীতে চিত্রফলক লক্ষ্য করিয়া "তোমার নিকটে এই বে একটা স্ত্ৰীমূৰ্ত্তি আলিখিত আছে, এটা আর্যাবসম্ভকের বিদ্যা না কি ?" ইত্যাদি

বাসবদভার সহাস বাকা। সবিহার হাস্ত যথা:--শকুস্তলায় "অসম্ভষ্ট হইয়াই বা কি করিবে ?" শকুন্তলার এই বাক্যে "হাঁ তাই বটে " ইত্যাদি রাজবাক্য। সভয় হাস্ত যথা --রত্নাবলীতে "আমি এ নকল বুত্তান্ত বুঝিন্ড পারিয়াছি, এই চিত্রফলক থানি লইয়া এখনই মহিষীব নিকট গিয়া সকল কথা বলিয়া हिंद," ইত্যাদি স্থেদঙ্গতাবাক্য।

## নশ্মস্ফুর্জ্জ-লক্ষণ।

প্রারম্ভে অতি সুখ-জনক এবং অবসানে অতি ভয়ন্তর নায়কনায়িকার নথ সঙ্গমকে নর্মা-ফর্ক কহে। যথা :--মানবিকাগ্নিমিত্রে " স্থলরি। প্রণ্যামুরাগী ব্যক্তির সঙ্গমভন্ন পরিত্যাগ কব." ইত্যাদি নায়কবাকা প্রবাণ "মহারাজ! আমি

দেবীর ভয়ে নিজপ্রিয়কার্য্যও করিতে সমর্থা নহি, " ইত্যাদি মালবিকাবাকা।

### नर्पारका छ-लक्ष ।

অন্নমাত্র ভাব দ্বাবা অন্ন রস প্রকাশ করার নাম নর্মক্ষোট। যথা:—মালতীমাধবে "ইহাব গমন আল্ভব্যঞ্জক, দৃষ্টি শৃত্য" ইত্যাদি বাক্য।

### নশ্মগর্ভ-লক্ষণ।

প্রচ্ছনভাবে অবস্থিত অর্থাৎ ছন্মনেশী নায়কের ব্যবহারকে নক্ষগভ বলে। যথা — মাল্ডীমাধ্বে স্থীরপণারী মাধ্যকর্ক মাল ভীর মূরণ-ব্যবসায় নিধাবণ।

### আবভটী-বৃত্তি-লক্ষণ।

भारा, हे ज्ञजान, मःश्राम, त्कांध, छेष्-ज्ञांकि, दध, दक्त, दिनिध প্रकांत्र कांशंहा, প্রবঞ্চনা, দন্ত, মিথ্যাবাক্য ইত্যাদির্ক্ত বৃদ্ধিকে আরভটী রত্তি বলে। সংক্ষিপ্তি, অবপাত, বস্ত, থাপন ও সম্পেট এই চারিটী আরভটী বুতির অস।

#### मःकिशि-लक्का।

শিল্প বা অন্ত কোনপ্রকাব সংক্ষেপে বস্তু-বচনাকে সংক্ষিপ্তি কছে। যথা:--উদয়নচবিতে কিলিঞ্চন্তিপ্রয়োগ।

#### অবপাত-লক্ষণ।

ভয়, ৩ হর্ষের উদয়, বিদ্রব, নাশ, মন্ত্র-আবরণ, পাত্রের শীঘ্র প্রবেশ ও শীঘ্র নির্গমনকে अदशां वरन। यथा:--क्रुक् दावर्गत यह खरक "थकारुख शक्तवश्रातम क तिया" हेट्यानि वाका ।

### बखुर्थात्रम-लक्त्।

যাহাতে সকল রসের একত্র স্মাবেশ থাকে, বিজ্ঞানির উল্লেখ থাকে না, বস্তজান ক্রমশঃ পরিষ্টুট হয়, তাহাকে বস্তৃথাপন বলে। কাহারও মতে মায়া হারা উত্থাপিত বস্তকে বস্তৃথাপন কহে। যথা:—উদান্তরাঘ্বে "জন্ত্রী পুক্ষপ নিশান্তভ্যঃপটলে ব্যাপ্ত হইরা বিশ্রাম করুক," ইত্যাদি বাক্য।

### मस्भिष्ठ-लक्ष्म।

সংরম্ভ-প্রেযুক্ত বহু যুদ্ধের কণ্টতা-পৃষ্ধক
নির্চেদ এবং বহুলপরিমাণে শত্রপ্রহারাদি বর্ণনকে সম্পেট বংল। কাহারও মতে ক্রেদ্ধ সম্বরযোধ-বরের স্থাতাতের নাম সম্পেট। ঘথা:
নালতীমাধ্বে মাধ্ব ও অঘোরঘন্টের যুদ্ধ।

র্ভিসম্দায়ের উৎপত্তি, নাম, লক্ষণ হ উদাহরণাদি বর্ণিত হইল, কিন্তু কোন্ কোন বৃত্তি কোন্ কোন্ রমে অবস্থিত, তাহা বলা ক্রুৱঃ

হান্ত, আদি ও করুণ রসে কৌশিকী-রভিং
বীর, রৌজ ও অভ্ত রসে সাত্ত্রতী ও ভারতী
রভিং এবং ভয়ানক, বীভংগ ও রৌজ রচে
আরভটী বৃত্তি প্রযুক্ত হয়। অতঃপব নাটালক্ষ্য
সম্দারের নাম, লক্ষ্য ও উদাহরণ দিবত
করা ঘাইতেছে।

ভূষণ, নর্ধনংধান শোভা, উনাধন হেন্দ্র সংশয়, দুষ্টানে, তকা, গলোজ্য, নিদর্শনা, অভি প্রার, প্রাপ্তি, বিচাব, দিখি, উপনিষ্ট, গুলাকি-পাত, গুলাজিশায়, বিশেষণা, নিকানে, নিভি, জংশ, বিপর্যায়, দাক্ষিণ্য, ঘান্দম, মানা, অর্থাপত্তি, গুইণ, পুন্থা, প্রসিদ্ধি, সার্গানি সংক্ষেপ, গুণ**কীর্ত্তন, লেশ, মনোবণ, অনু**ক্তন সিন্ধি ও প্রিম্বর্টন এই ছত্তিশপ্রকার লক্ষণ নাটকে লক্ষিত হয়। ইহাদিগের লক্ষণোদাহবণ নিমে প্রকটিত ক্রা যাইতেছে।

### ভূষণ-লক্ষণ।

সালস্কারগুণের সহিত কোন বিষয়ের গোগকে ভূষণ বলে। যথা:—"হে মুগ্নে! অর বিদ্দ সকল তোমার মথত্রী দেখিয়া আডেপ করিতেছে, কেনই বা আক্ষেপ করে থ যাহাদের কোষদ গুলি সমগ্র সম্পত্তি বর্তুমান, তাহাদের হৃষর কাজ কি আছে ?" ইত্যাদি বাকঃ।

### বর্ণনংহাত লক্ষ্।

চমৎক্তিন্দক অর্থনিনিত্ত প্রিনিতাক্ষর শক্ত খারা কোন বিষয় বর্ণনা করাকে অঞ্চর- নংহাত বলে । বধা: সক্তনার "ভোরা-বিগের সধী না কি অত্যন্ত অহুত্ব হইরাছেন !" রাজার এই বাক্য জবণে "সত্যতি উপস্ক ঔবধ প্রাপ্ত হইরাছেন, শীর্ষই আরোগ্যনাত করি-বেন," ইত্যাদি প্রিয়বদাবাক্য।

### শোভা-লকণ।

যেখানে কোন প্রসিদ্ধ অর্থের সহিত কোন অপ্রসিদ্ধ অর্থ প্রকাশ পার, এবং যাহা শিষ্টলক্ষণাক্রান্ত অথচ আশ্চর্য্য অর্থবিশিষ্ট, তাহাকে শোভা বলে। যথা:—"প্রভু যদি সদ্-বংশসম্ভব, পবিত্রান্থা, পণ্ডিত ও নানা গুণাবিত হইরাও ধহুর স্তান্ধ ক্র অর্পাৎ বক্র হন, উাহাকে পরিত্যাপ করা ক্রিয়া," ইত্যাদি

## क्षिक्तन नक्त ।

বেখানে তুল্যার্থবিশিষ্ট বাক্যের থারা কোর্নী অভিমন্ত অর্থ নিছ্ক হয়, তাহাকে উদাহরণ বলে। বথা?—"তুমি লোকাতীত কান্তের অন্ত্যরন করিরা উন্তমই করিয়াছ, কারণ, বেমন হর্ব্য ব্যতিরেকে দিবসের ও চক্র ব্যতিরেকে নিশার শোভা হর না, তজ্ঞপ স্বামী ব্যতিরেকে রমণী-শোভা-সম্পাদন হইবার নহে।"

### ে হৈছু-লক্ষণ।

হেতৃ দর্শনে ইউকারক সংক্ষেপোক বাক্যকে
হেতৃ বলে । যথা:—বেণীসংহারে "চেটা।—
(তীনের প্রতি) আমি এই কথা বলিলাম, ভার্মবিভাগ্রেমানিট্রের কেশ অমৃক্ত থাকিতে আমাবের রেশী ক্রথনই রেশ সংযত করিবেন মা

#### मः भग्न-लक्षा

অজ্ঞাত-তথ ব্যক্তির কোন বিষয়ক সলে হকে সংশান বলে। যথা:— ধ্যাতিবিদ্ধমে "ইনি কি লক্ষ্মী, বা বক্ষকতা কিছা এই বিষয়ের অদি দেৰতা অথবা স্বয়ং পার্বক্তী ৮"

### দৃষ্টান্ত লক্ষণ।

কোন অর্থসাধনের নিমিত পক্ষনিদর্শন করাকে দৃষ্টান্ত বলে। ফথা:---বেণীদংহাবে "ভীম।—আর্যা! এটা তাহার উপযুক্ত কথাই হইয়াছে, যেহেতু সে হুর্যোধনের বনিতা।"

#### তর্ক-লক্ষণ।

কোন প্রকৃতিগামী অর্থের সহিত তুলা ভর্ককে তর্ক বলে। বথা:—বেগীসংহারে"আমি প্রারহ শুভাশুভ বুগ দেখিরা থাকি, এবং সেই শতসংখ্যক স্বশ্ন **সামান** এবং আমান ভ্ৰাতৃগণকে স্পৰ্শ করে।

#### পদোচ্চয়-লক্ষণ।

পদসম্হের অফুরূপ অর্থসঞ্চরত পদো তর বলে। যথা:— শকুন্তনার "রাজা।— প্রিরার রক্তাধ্বে কিশলম্বাল, বাহুতে কোমল বিটপের অফুকরণ, সমুদার অলে প্রফুল কুন্তুমের স্থার লোচনলোভনীর মনোহর যৌবন সংঘত ক্রাছে।"

### निमर्भन-लक्ष्म ।

পরমত-এগুনার্ব কোন প্রসিদ্ধ অর্থের কীন্তন করাকে নিদ্দান বজে। মথা:— "মাজারা কন্তিবোচিত ধর্ম অবসম্বন করিয়াই শত্রুবধ করিয়া থাকেন, কিছা রামচন্ত্র যে, বালিব

প্রতি গোপনে শরক্ষেপ করিয়াছিলেন, সেন क जियमको स्पा रय नार्ट।"

### অভিপ্রায়-লক্ষণ।

সাদ্খ্যজানহেত্ব কোন অভুতার্থের কল্ল नोरक अध्िकाम परम । मथा:--भकुछलाङ्ग "ঋষি যে এই স্বভাবস্থন্দর শরীরকে তপস্থার ক্রেশে ক্রিষ্ট করিতে ইচ্ছুক হইয়াছেন, দেটী কেবল নীলোৎপল পত্রধারে শুমীরক্ষকে ছেদন করিতে উদ্যত হওয়া হঠয়াছে।"

### প্রাপ্তি-লক্ষণ।

বেখানে কোন অংশের ছারা কিছুমতে अष्ट्रमान क्या थाय, ठाशक आश्रि वटन যথা:--প্রভাবতীতে "সর্মত্রগ এই ভ্রমর অব্ছাই আমার প্রিয়তমা প্রভাবতীকে দেখিয়াছে।"

#### বিচার-লক্ষণ।

যুক্তিযুক্ত বাক্য বারা কোন অপ্রপ্রকার্থ ,
সাধন করাকে বিচার বলে। যথা:—চক্রকলাতে
"রাজা!—অবশ্রই ইঁহার অন্তঃকরণে মদনবিকার সঞ্চারিত হইয়াছে, যেহেতু ইঁহার হাতে
কোন পরিতোষের চিহ্ন উপলবি হইতেছে না,
আমি এক দৃষ্টে ইঁহার প্রতি দৃষ্টি নিংফেণ
করিতেছি, কিন্তু ইনি একবারও আমার প্রতি
নেত্রপাত করিতেছেন না, এবং স্থী হারা সকল
কথারই অসম্বত উত্তর প্রদান করিতেছেন।"

### ' দিউ-লক্ষণ।

দেশ কাণ বিবেচনারকোন বিষয়ের বর্ণন করাকে দিট বলে। যথা:—বেশীসংহাবে "কহ-দেব।—অন্ত্যস্ত ক্লুদ্ধ আর্থানারীরে যে উত্ত জ্যোতিঃস্বৰূপ ক্লোধানির সক্ষার হইয়াছে, তাহা নিশ্চর্যই প্রার্ট্সদূশী ক্রফার সমাপনে স্বত্যস্ত ন্ত্রিত হইবে।"

### खेशिकिक-लक्ष्म।

শাস্ত্রাম্থগত মনোহর বাক্যকে উপনিই বলে। যথা:—শকুন্তলায় "গুরুজনের শুশ্রমা ও সপত্নীগণের প্রতি প্রিয়দখীর স্থায় বাবহার ক্রিও, স্বামী ক্রোধপবতন্ত্র হইয়া তিবস্কার ক্রিণেও কথনই তাঁহার প্রতিক্লাচরণে প্রবৃত্ত হইও না, ইত্যাদি।"

### গুণাতিপাত-লক্ষণ।

শুণের প্রতি বিপরীত আচরণকে গুণাতি-পাত বলে। মথা:—চক্রকলার (চক্রমার প্রতি) "যদিও তুমি অন্ধকারবিমাশপটু, সকল লোকেই ভোমার পাদপ্রহণে তৎপর এবং তুমি সর্বাদাই পশুণভির শিরোভূষণ হইয়াছ, তথাপি ত্রী-লোকের জীবন্ হরণ করিতেছ ?"

### গুণাতিশয়-লক্ষণ।

সামান্ত গুণোত্তেককে গুণাতিশন বলে।
বথা:—চক্তকলার "হুন্দরি! ভূলানিত অতি
চঞ্চল প্রস্কুন শীলারবিন্দন্তর্মুক্ত, দোবরহিত,
নিরন্তর পরিপূর্ব, নিদ্দান চক্র কোথার পাইলে?"

### विरमघन-लक्कन।

বছবিধ প্রসিদ্ধার্থ বলিয়া কোন বিশে-ষোক্তি কখলকে বিশেষণ বলে। যথা — "এই বুদ লোকের ভৃষ্ণাপহারী, অতি নির্দ্মণ, দিজ-গণের দেবিত, সাধারণের প্রিয়, পন্মের আকর বটে, কিন্তু কড়াশর (জনাশর)।"

### নিক্তি-লক্ষণ।

পূর্ব্বসিদ্ধার্থ বিষয়ের কথনকে নিক্তি বলো। যথা:—বেণীসংহারে "সমুদান কেরিং নষ্ট হইয়াছে, ইত্যাদি।"

### সিদ্ধি-লক্ষণ।

অভিপ্রেতার্থ সিদ্ধির নিমিত্ত বছ বিষয়ের কার্ত্তনকে সিদ্ধি বলে। যথা — "বাজন্। পৃথি বীর রক্ষার নিমিত্ত কুর্মাবাজের যে বীষ্টা অনস্তদেবের যে বিক্রম, তৎসমুদ্যুই তে'নাভে বিদ্যমান রহিয়াছে।"

#### ज्रभ-लक्ष्म।

কুষ ব্যক্তিদিগের বক্তব্য বিধয়ের বিপণীত কথনকে জংশ বলে। যথা — বেণিসংহাবে "গুর্ব্যোধন।— (কঞ্কীর প্রতি) কঞ্চিন্

পাওস্ত কি এই যুদ্ধে অচিবকাল মধ্যে নিজ-বাছবলে ভৃত্য, মিত্র, বান্ধব, পুজ্র, অমুজগণের সহিত স্থােধনকে বিনাশ করিবে না ?"

### বিপর্যায়-লক্ষণ।

मेर्निर्ध्ययुक्त यथार्थ विठाद्यत अग्रशास्त्र मः च छन दक विभया या विकास विक যাহারা জগৎকে অদাতা মনে করিয়া সম্মোষ অবলম্বন করে, তাহারা আপনার নিকট উপ-ক্তিত হইলে আর সেরপ সভোগ অব**লয়**ন করিতে পারে না।"

### मिक्रिशा-लक्ष्

বিবিধ চেঠা বা বাক্য দ্বারা পবের চিত্তান্ত वर्षन कन्नारक मामिना चरन। यथा -- "विजी-ৰণা এক্ষণে ভূমিই ত এই লকার রাজা, অতএব পুরীর শোভা সম্পাদন কর, আর্য্য রামচক্রের অমুগৃহীত ব্যক্তির কোন কালে কোন বিশ্ব হইবার সম্ভাবনা নাই।"

### অমুনয়-লক্ষণ।

নিশ্ব বাক্য ছারা প্রয়োজন সিদ্ধি কবাৰ নাম অন্থনর। যথা:—বেণীসংহাবে "কুপ।--( অশ্বখামার প্রতি ) তুমি সর্বপ্রকার দিব্যাত্ত প্রয়োগকুশল, জোণের তুল্য পরাক্রমবিশিষ্ট, ভোমাতে কোন বিষয়ই অস্তব হইতে পাবে না।"

#### माला-लक्ना

যে অভীষ্টার্থ একার্থপ্রতিপাদক নহে, তাহাকে মালা বলে। বথা:—শকুন্তনার "রাজা।—প্রিরে! ক্লান্তিনাশক সজল শতিদ নিলনীপত্ৰ-ভাৰত্বক ছারা কি ব্যক্তন করিব ? অধবা তোমার রক্তক্মলসদৃশ পাদযুগল জোড়ে ধারণ করিব ? যাহাতে তোমার স্থাযুক্তব হয়, বল ।"

# অর্থাপত্তি-লক্ষণ।

একার্থে অর্থান্তরের প্রতীতি হওয়াকে অর্থাপত্তি বলে। যথা :—বেণীসংহারে "দ্রোণাচার্যা অর্থামাকে রাজ্যে অভিষক্ত করিবার
নিমিত্ত ইচ্ছা করেন" রাজা কর্ণের এই বাক্য
ভানিয়া বলিলেন, "অন্তর্গজ । তুমি যথার্থ
কথাই বাল শহু, ভাহা না হইলে তিনি ত সিন্ধু
রাজকে অভন্নওনান করিয়াছিলেন, তবে অর্জুন
বধন ভাহাকে বধ করে, তথন উপেকা প্রদর্শন
ভিন্নিকেক

## शर्र १-लक्ष्ण।

কাহারও কোন দোষোদ্ঘোষণা হইলে তাহাকে তিরজার করার নাম গর্হণ ৷ যথা — বেণীসংহাবে "অখখামা ৷— (কর্ণের প্রতি) আমাব অস্ত সমদায় কি তোমার অস্তের লাম প্রকশাণে হীনবীয়া হইরাছে ? ইত্যাদি ।"

# পূচ্ছা-লক্ষণ।

অভার্থনা বাক্যে কোন অর্থান্তেরণকে পৃক্ষা বলে। বথা — েগীসংহারে "স্থানরক।—আর্থা রণ! আপনাশ কি আজ শুদ্ধ সার্থিমাত্র-সহয়ে মহারাজ রুথ্যোধনকে দেথিয়াছেন।"

## প্রসিদ্ধি-লক্ষ্ণ।

উৎকৃষ্ট-লোক-প্রসিদার্থ থাবা কোন স্বর্থ-সাধনকে প্রসিদ্ধি বলে যথা — বিক্রমোর্ক<sup>নিতে</sup> নরাজা !— স্থা ও চক্র বাহার মাতামহ ও পিতামহ, উর্কাশী এবং পৃথিবী বাহাকে স্বন্ধ-কর পতিরূপে গ্রহণ করিয়াছে।"

### সারপ্য-লক্ষণ।

দারপা-জ্ঞানে অভিভূত ব্যক্তির কোভ প্রকাশ করাকে সারপা বলে। যথা —-বেণী-বংহারে হুর্যোধন ভ্রান্তিতে ভীমের প্রতি "হুরা-যন্ হুর্যোধন হতক।" ইত্যাদি যুধিষ্টরবাকা।

### मः(कश-लक्ष)।

শপরের কার্য্যগৌরব সংক্ষেপ করিবার তে আপনাতে নিযুক্ত করার নাম সংক্ষেপ।
বর্ধা —চক্রকলায় "রাজা।—প্রিয়ে ! ভোমার ক্ষ সমুদার শিরীবকুক্সমাপেকাও অতি কোমল, ওকপরিশ্রমাধ্য কার্যে নিযুক্ত করিবা সেই কোষলাল সমূহকে অকারণ ক্লিষ্ট করিতেছ কেন ? (আপনাকে দেখাইয়া) এই ভোমার দাসই অভিলযিত কুসুমচয়ন করিয়া দিতেছে।"

# ७१कीर्डन-लक्ष।

কোন ব্যক্তিয গুণকথনকে গুণকীর্ত্তন বলে। যথা — চক্রকলায় "তোমার ধঞ্জনসদৃশ নেত্রযুগলে ইত্যাদি।"

#### (लग-लक्षन।

কোন বিষয়ের সাদৃত্য দেখাইরা যে বাবং বলা যায়, তাহাকে লেশ বলে। যথা :--বেলা দংহারে "রাজা। —শিখণ্ডিকে নেতা করিন্দ রজ পিতামহ ভীমদেবকে সংহার করাতে পাতৃ প্রক্ষিণের বে শ্লাঘা অন্মিরাছে, আমাদিগেরও আমা সেই লাখা হইবে।"

### ब्रावात्य-लक्ना

ভদী করিয়া অভিপ্রাদ প্রকাশ করাব নাম মনোরখা ষধা: - শুন্দরি! দেখ, মন্মর্থশরকাতর এই জলহংস রমশের নিমিত্ত কেমন মধুর ক্ষনি করিয়া নিজ প্রিয়া-মুখ চুম্বন করিতেছে!"

# অনুক্তসিদ্ধি-লক্ষণ।

কোন বিস্তৃত প্রস্তাবের মধ্যে বিশেষ
প্রয়োজনীয় বিষয়কে অন্তক্তসিদ্ধি বলে। গণা —
বৃক্ষবাটকাতে "কুশাদি! চক্সমার নিকট এই
যে দ্ইটা বস্তু দেখিতেছ, ইহারা কল্যান-নামা
তিয়া শাব প্নর্স্থ ভিন্ন আর কিছুই নহে।"

# · व्यिग्नवहन-लक्ष्म ।

পূক্য ব্যক্তির সহর্ব বাক্যের প্রামাণের নিষিত্ব বাহা কিছু বনা বার, জাহাকে প্রিয়বচন বলে। যথা —শক্তলায় "অগ্রে কুস্থম পশ্চাৎ দলোদ্পন, অগ্রে মেঘাণ্ম পশ্চাৎ বৃষ্টি ছইছ। থাকে, নিমিভনৈমিভিকের এইটা নৈদর্গিক নিয়ম, কিন্তু আপনার যে অত্র্রাহ, তাহার অগ্রে সম্পদ।"

নাট্যলক্ষণ সম্দায়েব নাম, লক্ষণ ও উদাহত একপ্রকার বলা হইল, এক্ষণে নাট্যালক্ষার সম্হের নামলক্ষণাদি প্রদর্শিত হইতেছে।

আণীর্কাদ, আক্রন্দ, কপটতা, অক্ষমা, গর্ক্ষ, উদ্যম, আশ্রয়, উৎপ্রাসন, স্পৃহা, ক্ষেত্র, প্রভাৱাপ, উপপত্তি, আশংসা, এধ্যবসায়, বিদর্প, উল্লেখ, উত্তেজন, পরীবাদ, নীতি, অর্থ-বিশেষণ, প্রোৎসাহন, সাহায্য, অভিমান, অন্ত্রন্থ, উৎকীর্ত্তন, যাচ্ঞা, পরীহার, নিবেদন,

क्षवर्त्तन, व्यानान, युक्ति, व्यव्यं ও উপদেশ এই দকলগুলি নাট্যের বিশেষ অলম্বারম্বরূপ।

# वानीर्याप-लक्क।

আত্মীয় ব্যক্তির মঙ্গলস্থচক বাক্যকে আশী-র্কাণ বলে। যথা:—শক্স্তলার "বংসে! তুমি রাজা য্যাতিপত্মী শর্মিগ্রার ন্যায় পতির প্রিয় এবং শর্মিগ্র পুত্র পুক্রর নাায় পুত্রও প্রাপ্ত হও।"

### আক্রন্দ-লক্ষণ।

শোকে প্রবাপ বাক্য উচ্চারণ করাকে
আক্রন্ম বলে। যথা:—বেণীসংহারে "কঞ্কী।—
হা দেনি হুস্তি রাক্ষণ্ডবনপতাকে। ইত্যাদি।"

# কপটতা-লক্ষণ।

মায়া **অবলখন** করিয়া অন্যপ্রকার রূপ-ধরাকে কপটভা বলে। যথা:—কুলপভ্যকে "সেই রাক্ষস মৃগন্ধপ পরিজ্যাগ ও অম্য কপট-দেহ ধারণ করিয়া **লক্ষণকে** যুদ্ধে সংশয়িত করিল।'

#### অক্ষা-লফণ।

অন্ধনাত্রও পরিভবকে অক্ষমা বলে। যথা:—
শকুন্তলান্ধ "রাজা।—সত্যবাদিন্! আমি সকলই
বুঝিতে পারিয়াছি" ইত্যাদি রাজবাক্য শ্রবণে
"নিপাত যাও" ইত্যাদি শার্গদেববাক্য।

### পর্ব্ব-লক্ষণ।

সাহন্ধার বাক্যকে গর্ক বলে। যথা:—শক্-স্তলার "রাজা।—আমারও গৃহে অন্ত প্রাণীতে দৌরাদ্ধ্য করিতেহন্ত, ইত্যাদি।"

# छेमाम-लक्ष्ण।

কোন কার্য্যের আরম্ভকে উদ্যম বলে।

যথা:—কুন্তে "রাবণ।—আমি শোকে নিতাও

আ**ছের হইরা সমস্ত জগৎই আজ অন্ত**কমর দেখিতেছি।"

#### जालाग्र-लक्षन।

আতি গুণবং কার্য্যের হেড়ু গ্রহণকে
আত্রর বলে। ঘথা:—বিভীষণ-নির্ভর্গনাকে
"বিভীষণ।—আমি একমাত্র য়ামচক্রকেই আত্রম
করিব।"

## উৎপ্রাদন-লক্ষণ।

যে সকল অসাধু ব্যক্তি আপনাকে সাধু
বলিয়া লোকের নিকট পরিচয় প্রদান করে,
তাহাদিপকে উপহাস করাকে উৎপ্রাসন বলে।
বথা:—লকুন্তলাদ্দ "লার্সদেব।—মহারাজ!
অন্ত লোকের সংসর্গে বোধ হয়, আপমি পূর্বন
ব্রোত্ত বিশ্বত হইয়া থাকি:বন, তথাপি ধর্মতীক

ব্যক্তির ধর্মদারা পরিত্যাগ করা কখনই উচিত নহে, ইত্যাদি।"

# म्भूश-लक्षन ।

কোন বস্তুর রমণীয়তা হেতু তাহাব প্রতি
যে আকাজ্জা হয়, তাহাকে ম্পৃহা বলে। যথা —
শকুন্তলায় "রাজা।—এই যে প্রিয়ার অপরিক্ষত অথচ কোমল অধর মনোহর ফুবণ দাবা
পিপাদা নিবারণের জন্ত আমায় পান করিতে
অনুমতি করিতেছে।"

### কোভ-লক্ষণ।

তিরস্বার-বাক্য-প্রয়োগকে ক্ষোভ বলে :

যথা — "রে ভপস্বিচাণ্ডাল! তুই মনে করিতেছিস্, প্রচ্ছরভাবে শুদ্ধ বালীকেই বিনষ্ট করিলি,
তাহা নম্ম, আপনার প্রলোকও নষ্ট করিলি!"

#### পশ্চাতাপ-লক্ষণ।

অজ্ঞানক্বত হৃদ্দেশ্বর নিমিত্ত পরিতাপ করাকে পশ্চান্তাপ বলে। যথা:—অন্তাপাকে "রাম।—দেবী কি আমাকে চ্ছন করেন নাই, তবে কি আমি পুনঃ পুনঃ মিথ্যা প্রতারিত হইতেছি ?"

# উপপত্তি-লক্ষণ।

অর্থনিদ্ধির নিমিত্ত হেতু কথনকে উপপত্তি বলে। যথা:—নাগানন্দে বধ্যশিলাতে "নায়ক।—
ত্মি মরিলে যিনি নিশ্চয়ই মরিবেন, এবং ত্মি জীবিত থাকিলে যিনি জীবনধারণ করিবেন, তাঁহাকে যদি জীবিত রাধিতে অভিলাব পাকে, তবৈ আমার জীবনবিনিময়ে নিজ প্রাণ রক্ষা কর।"

# আশংসা-লক্ষণ ৷

শক্তি উক্তিকে আশংসা বলে। বং: — মালতীমাধ্বে "মাধ্ব।—অশ্মি কি আর তাহার কন্দপের মঙ্গলগৃহস্করপ মুখ দেখিতে পাইব?"

### অধ্যবসায়-লক্ষণ।

কোন বিষয়ে প্রতিজ্ঞা করার নাম অধাবাদায়। যথা:—প্রভাবতীতে "বন্ধনাভ।—আমি আজ কণকালের মধ্যে অবলীলাক্রমে এই গদাধারা ইহার বক্ষঃস্থল চূর্ণ করিয়া তোনাদিগের উভয় লোক উন্মূলিত করিব।"

# বিদর্প-লক্ষণ।

অনিষ্ট-কণপ্রদ কোন কর্ম্মের স্নারস্তকে বিসর্প বলা বায়। যথা:—বেণীসংহারে "এক ছক্ষ্মের এই পরিপাক ইত্যাদি"।

# **উ**ह्मिथ-लक्क्न।

কার্যগ্রহণের নাম উল্লেখ। যথা:—শকুন্তুলায় "তাপসন্ধর।—(রাজার প্রতি) সমিদাহরণের নিমিত্ত আমরা যাইতেছি। নিকটেই
শকুন্তলাকর্ত্ক রক্ষিত আমাদিপের গুরু কণুক্ষির আশ্রম, যদি আপনার বিশেষ কার্য্য-হানি
না হয়, তাহা হইলে আশ্রমে গিয়া আতিথা
প্রহণ করুন।"

# **উ**ट्डिक-लक्क ।

স্বকার্য্য-সিদ্ধির নিমিত্ত অপর ব্যক্তিকে পাঠাইবার জন্য পরুষবাক্য প্রমোপ করাকে উত্তেজন বলে। হথা:---"আহে ইক্রজিৎ! ভূমি বে অভি-প্রচণ্ড-বলবীর্যাশালী, সেটা কেবল কথানাত, যেহেতু ভূমি আমাদিগের ভরে প্রজ্ঞান

ভাবে যুদ্ধ করিতেছ, অতএব ভোমাকে দিক থাক।"

# পরীবাদ-লক্ষণ।

তিরস্বার করাকে পরীবাদ বলে। যথা.—
স্থানবাস্কে " হুর্যোধন।—স্বের সাবথি। তোকে
ধিক্ থাক, তুই এ কি কাজ করিয়াছিস, সেই
পাপাত্মা বুকোদর এখনই শিরীষ-কুস্থম-স্থকুমার বৎস হুঃশাসনের প্রতি পাপাচরণ কবিবে,
ইত্যাদি।"

# নীতি-লক্ষণ।

শাস্ত্রসঙ্গত কর্ম্বব্য কর্ম্ম সম্পাদনকে নীতি বলে। যথা:—শকুন্তলায় "গুমন্ত।—শান্তিরসা স্পদ তপোবনে বিনীতবেশেই প্রবেশ করা কর্মব্য।"

# व्यर्थितित्वधन-लक्ष्मन ।

তিরস্কারভাবে কোন উক্ত বিষয়ের কীর্ত্তন
করাকে অর্থবিশেষণ বলে। যথা — শকুস্তলায়
" শাঙ্গ দৈব।— ( রাজার প্রতি ) আঃ এ কি ?
ভূমি কি কথা বলিতেছ। অহে ভূমি নিজেই
লোকবৃত্তাস্তাভিজ্ঞ।"

### (প্রাৎসাহন-লক্ষণ।

উৎসাহজনক বাক্যে কোন ব্যক্তিকে কোন কার্য্যে নিযুক্ত কবার নাম প্রোৎসাহন। যথা — রামায়ণে 'যদিচ এই তাড়কা কালরাত্রির ন্যায় শতি ভয়ন্বরী, তথাপি স্বীলোক, অবধ্য, আপনি কি এই চিন্তা কবিতেছেন ? তাহা করিবেন না, ত্রি জগতের রক্ষার নিমিন্ত এখনই ইংয়কে বধ কর্মন।

#### .माराया-लक्ष्य।

সহটাপর ব্যক্তির আতুক্ল্য করাকে সাহায্য বলে। যথা:—বেণীসংহারে "অব খামা।—(কুপের প্রতি) আপনিও মহারাজের সরিধানে সর্বাদা থাকুন," "কুপ!—হাঁ, আমিও আজ প্রতিকার করিতে ইচ্ছা করিয়াছি।"

### অভিমান-লক্ষণ।

সাহস্কার বাক্য প্রয়োগ করাকে অভিমান বলে। যথা:--বেণীসংহারে "হুর্যোধন।--না! আপনি আজ কি নিমিত্ত এমন অসদৃশ বাক্য বলিতেছেন ? ইত্যাদি।"

# অনুবৃত্তি-লক্ষণ।

প্রশ্রহেতৃ অন্ত্রতি প্রতিপালন কবাকে
অন্তর্ত্তি বলে। বথা ---শকুস্তলায় "রাজা।--

(শকুন্তনার প্রতি) কেমন আপনাদিগের ভপস্যা বাড়িতেছে ত ?" রাজার এই কথা প্রবণে "অনস্থা।—হাঁ, একণে অতিপিবিশেষ লাভে বটে ইত্যাদি"।

# উৎকীর্ত্তন লক্ষণ।

অতীত কার্য্যের পুনঃ কথনকে উৎকীর্স্তন বলে। যথা:—বালরামায়ণে "সীতা।—নাগপাশবদ্ধনে তন্ত্র কি, দেবর লক্ষণ যথন শক্তিশেলে পতিত হইরাছিলেম, তথন হন্মান্
ডোণাদ্রিকে উৎপাটন করিয়া আনিয়াছিল,
হত্যাদি।"

### याका-लक्ष्ण।

পার্থ বা দৃত দারা কাহারও নিকট কোন প্রার্থনা করাকে যাচ্ঞা বলে। যথা — " এখনও সীতা প্রত্যর্পণ করিলে রাম তোমার প্রতি প্রসন্ন হইবেন, কেন অকারণ বানরগুলাকে শিরোপরি কন্দুকক্রীড়া করিতে দিতেছেন গ"

# পরীহার-লক্ষণ।

অন্থায়কাবীকে মার্জনা করার নাম পরীহার। বথা .-- "প্রভো আমি প্রাণত্যাগ-যন্ত্রণায়
কাতর হইয়া আপনাকে যে সকল নিচুর বাক্য
বিলিয়াছি, তাহা ক্ষমা করুন, এক্ষণে স্থাত্রীবকে
আপনার করে সমর্পণ করিলাম।"

## गिर्वान-लक्ष्म।

অবজ্ঞাত ব্যক্তির কর্ত্ব্য কথনকে নিবে-দন বলে। যথা .—রাঘবাস্থ্যদমে " লক্ষণ।— আর্য্য ! আপনি সমুদ্রের অভ্যর্থনাতেই যাইতে উদ্যুত হইলেন ? এ কি!"

# প্রবর্ত্তন-লক্ষণ।

কোন কার্য্যের উত্তমরূপে আবস্ত করাকে প্রবর্তন বলে। যথা:—বেণীদংহারে "রাজা।—
কঞ্কিন্! দেবকীনন্দন শ্রীক্ষণ্ডের সন্মানের
নিমিভ এবং বৎস জীমসেনের বিজয় মঙ্গলের
জন্ম অত্যস্ত সমুদ্ধ সমারস্ত করা কর্তব্য"।

### আখ্যান-লক্ষণ।

অভীত বৃত্তান্তের পুনরুভিত্ব নাম আব্যান।

যথা —বেণীদংহারে "যেথানকার ব্রদ সমূহ
শক্রশোণিতে পরিপূর্ণ হইয়াছিল, এ দেই দেশ,

ইত্যাদি"।

# यूकि-लक्ष।

কোন বিষয়ের অর্থাবধারণকে যুক্তি বলে।
বধা :---বেশীসংহারে "বদি যুদ্ধ পরিত্যার

করিলে মরণের ভন্ন না থাকে, তাহা হইলে এই বৃদ্ধ স্থল হইতে পলায়ন করা কর্তব্য, যথন প্রাণিগণের মৃত্যু অবধারিত আছে, তথন কেন পলায়ন করিয়া আপনাদিগের নির্মাণ যশকে রূথা মলিন কর ?"

### প্রহর্ষ-লক্ষণ।

আনন্দের আধিক্যকে প্রহর্ষ বলে। যথা —
শকুস্তলায় "রাজা।— এপন ত আমি পূর্ণমনোরথ হইয়াছি, তবে কেন আনন্দযুক্ত না হই ?"

# **উপদেশ-লক্ষণ।**

কোন বিষয়ের শিক্ষা দেওয়ার নাম উপ দেশ। যথা:—শক্স্তলায় "স্থি। অক্তস্থ কার অতিথিকে পরিত্যাগ করিয়া স্বচ্ছন্দে গমন করা আশ্রমবাদী ব্যক্তির উচিত নহে।" নাটকাদির অঙ্গ-প্রত্যক্ষ-স্বরূপ বৃত্ত্যাদির নাম লক্ষণ ও উদাহরণ প্রভৃতিব বিষয় এক-প্রকার বর্ণিত হইল, অতঃপর সমুদায় প্রকৃতি এবং চতুর্বিধ নায়ক ও নামিকার বিষয় বিশেষ-কূপে বর্ণন করা যাইবে।

# পঞ্চন পরিচেছদ।

স্ত্রী বা পুরুষ এই উভয় জ্বাতির প্রকৃতি উত্তম, মধ্যন ও অধ্যমভেদে বিবিধরূপ হইতে পারে। নাট্যে উত্তম ও মধ্যম প্রেকৃতিবিশিষ্ট ও নানা লক্ষণাক্রাস্ক নামক ধীরোদ্ধত, ধীরললিত, ধীরোদাত ও ধীরপ্রশাস্ত এই চারিপ্রকার হইয়া পাকে। তন্মধ্যে দেবগণ ধীরোদ্ধত, নৃপতিগণ ধীর্ললিত, সেনাপতি ও অমাত্যগণ ধীরোদাত এবং ব্রাহ্মণ ও বণিক্রণ ধীরপ্রশাস্ত বালিয়া বর্ণিত হয়।

নাট্যে প্রকারভেদে নামক বেমন চারি প্রকার হয়, নামিকাও সেইরূপ চতুর্বিধ হইয়া থাকে। যথা:—দিব্যা, নূপপত্নী, কুলগ্রী ও গণিকা। এই সকল নামিকার ধীরা, ললিতা, উদান্তা ও নিভ্তা এই চারি প্রকারভেদ আছে। তদ্মধ্যে দিবাা ও নৃপান্ধনা ধীরাদি চারিপ্রকানরেরই হইরা থাকে। কুলমহিলাগণ উদাতা ও নিভ্তা এই ছইপ্রকারের; বেখা ও শিল্ল-কাবিশীগণ উদান্তা ও কলিতা এই ছইপ্রকারের; প্রেয়া অর্থাৎ দৃতী সকীর্ণা হইয়া থাকে।

নপুংসক, শকার, চেট প্রভৃতি যে সকল লোক নাট্যে থাকে, তাহারাও সন্ধীর্ণমধ্যে প্রিগণিত।

উরিধিত নারিকা আৰার মুগ্ধা, প্রোঢ়া ও প্রগশভা এই তিন শ্রেণীতে বিভক্ত।

### मुक्षा-लक्ष्ण।

भक्तिज-रवीवना तमगीरक मुद्धा वरन।

# প্রোঢ়া-লকণ।

ত্রিংশৎ হইতে পঞ্চপঞ্চাশৎ বর্ষ প্রান্ত বয়স্কা স্ত্রীলোককে প্রোচা বলা যায়।

# প্রগল্ভা লক্ষণ।

পতিসেবাপরায়ণ। নারীগণ প্রগল্ভামধ্যে গণা।

অবস্থাভেদে এই সকল নাম্নিকা স্মাবাব আটপ্রকার হয়। যথা — স্বাধীনপতিকা বাসকসজ্ঞা, বিরহোৎক্টিতা, থণ্ডিতা, কল হাস্তরিতা, বিপ্রশ্বনা, প্রোষিতভর্ত্কা ও অভি-সারিকা।

# স্বাধীনপতিকা-লক্ষণ।

স্বামীর প্রতি নিতাস্তাত্রক্তা কামিনীকে স্বাধীনপতিকা বলে।

#### रामकमञ्जा-लक्का।

যে রমণী প্রণয়ী জনের সন্মিলন প্রতীক্ষায় স্মাজ্জিতা হইয়া থাকে, তাহাকে বাসকসজ্জা বলে।

# বিরহোৎক িতা-লক্ষণ।

স্বামি-বিবহে কাতর। নামিকার নাম বিব-হোৎকণ্ঠিতা।

#### খণ্ডিতা লক্ষণ।

পরকীয়-রমণী-প্রেমাসক্ত-স্বামি-দর্শনে থিয়া নারীকে থণ্ডিতা বলে।

### কলহান্তরিতা-লক্ষণ।

সামীর প্রাকৃত বা কালনিক তাচ্চিশ্যভাবু দর্শনে ছঃখিতা বা কুদ্ধা নায়িকার নাম কল-হাস্তরিতা।

### বিপ্রলব্ধা-লক্ষণ।

নায়কের নির্দ্ধারিত সমধ্যে তদাগ্মন-বঞ্চিতা নায়িকাকে বিপ্রশক্ষা বংশ।

# প্রোষিতভর্তৃকা-লক্ষণ।

যে স্ত্রীর স্থামী বিদেশস্থ, তাহাকে প্রোদিত-ভর্ত্তকা বলা যায়।

# অভিসারিকা-লক্ষণ।

নায়কেব সহিত দশ্মিলনাভিলাবে স্থানা-স্করে গন্ধকামা নায়িকাকে অভিসারিকা বলে।

সম্দায় প্রাকৃতিরই তুইটা প্রকারভেদ আছে, তন্মধ্যে রাজোপচার-যোগ্য ভাগকে আভ্যন্তরভাগ বলে। সেই রাজোপচার-নিযুক্ত রাজান্তঃপ্রস্থিত স্ত্রীদিগের বিভাগ ও তাহা-দিগের কার্যা প্রথমেই বলা কর্ত্তবা। রাজান্তঃপুরচারিণীরা মহাদেবী, দেবী, স্বামিনী, স্থারিনী, ভোগিনী, শিলকারিকা, নাটকীরা, নর্জকী, অনুচারী, আযুক্তা, পরি-চারিকা, সঞ্চারিণী, প্রেম্মণকারিকা, মহন্তরা, প্রতীহারী, কুমারী এবং স্থবিরা এই সপ্তদশ নামে অভিহিত হইয়া থাকে।

### महारमवी-लक्षन।

বাঁহার সহিত রাজার অভিবেকজিরা নিপার হয, যিনি উত্তমকুলসস্তবা, উত্তমস্বভাবা, রাজার সনবরস্কা, সকলের প্রধানা, ক্রোধবর্জিতা, সর্ক্ষ-জনপ্রিরা, রাজস্বভাববিশেষজ্ঞা, রাজার সম-স্থ-ছঃথভাগিনী, শাস্তি স্বস্ত্যায়ন দারা সর্কাদা রাজার মললকারিণী, অতি পভিত্রতা, ক্ষাশীলা ও অস্তঃ-প্রহিতকার্য্যতৎপরা, তাঁহাকে মহাদেবী বলে।

### (परी-नक्र।

ষিনি মহাদেবীর সমুদার গুণে ভূষিতা, অগ্র তদপেক্ষা কিয়দংশে স্থানরহিতা, গর্কিতা, সর্কল রতি-সজ্যোগ-প্রস্তুতা, অল্লবয়স্কা, নিত্যোজ্জল গুণ যুক্তা, সপত্মীগণের প্রতি অস্মাপরতন্ত্রা, যৌবন মদম্যা এবং রাজক্তা, তাঁহার নাম দেবী।

# স্বামিনী-লক্ষণ।

যিনি অতি রূপশালিনী, জাতিতে পদিনী, অত্যন্তসাবধানা, নৃপাঙ্গনা, বা সেনাপতির পত্নী, বা অমাত্য-কামিনী, অথবা দণ্ডীর স্ত্রী, পতি সন্ধিলন-তৎপরা এবং স্বামীর নিতান্ত অমুগতা তিনিই স্থামিনীমধ্যে পবিগণিতা। রূপশীলগুণযুক্তা, স্থামিসেবা-পরারণা কেবল নৃপপত্নীকেও
স্থামিনী বলা যাইতে পারে।

## श्वाधिनी-लक्ष्व।

রূপবৌবন-সম্পন্না, কখন কর্কশা, কখন বা কোমলা, রতিসম্ভোগ-চত্রা, প্রতিপক্ষে অস্থ্যা-পরতরা, দন্তা, অস্ট্রা, উদান্তা, নিরন্তর গন্ধমাল্যোপশোভিতা, নৃপাভিপ্রান্থজা, ঈর্ধা-ভাববিহীনা, উপস্থিতা, প্রমন্তা, নিরালস্তা, অনিষ্ঠ্রা ও কোন্ ব্যক্তি মান্ত কোন্ ব্যক্তি অমান্ত, ইহার বিশেষজ্ঞা নামিকাকে স্থান্থিনী বলে।

### ভোগিনী-লক্ষণ।

উত্তম-স্বভাবা, অরপরিমাণে সন্মানবিশিষ্টা, কথন অর মৃছ, কখন কথন অর উদ্ধতা, মধ্যম বঙ্গকা, নিভ্তা এবং ক্ষমাশীলা নারিকার নাম ভোগিনী।

## শিল্পকারিকা-লক্ষণ।

নানা কলাবিশেষজ্ঞা, বিবিধশিয়ে পণ্ডিতা, গন্ধমাল্যাদির বিভাবজ্ঞা, লেখা ও চিত্রবিদ্যায় নিপুণা, শন্ধন, ভোজন ও যানবিষয়ে বিশেপ পরিচিতা, অতি চতুরা, মধুরপ্রকৃতি, নানাকার্ধাদক্ষা, চমৎকারিণী, অস্ট্টা, অতীব্রা, ও নিভ্তানারিকা শিল্পকারিকামধ্যে পরিগণিতা।

### ना ठेकी या-लक्ष्म ।

যে নায়িকা গ্রহ, মোক ও লয় বিষয়ে বিশেষ পরিচিতা, নানা রসভাবপূর্ণা, অপরের মনোগত ভাব ও ইঙ্গিতের বিশেষজ্ঞা, শিক্ষাগুরুর বশ্বর্থিনী, অতি চতুরা, অভিনয়নিপুর্ণা, বাক্চাত্র্য্য ও তর্কে বিশারদা এবং বাদ্যাদিতে দক্ষা, তাহাকে নাটকীয়া বলে।

## वर्षकी-लक्ष्ण।

নানা-বাদ্য-প্রয়োগাভিজ্ঞা, নৃত্যগীত বিষয়ে অতি বিচক্ষণা, সর্বাদা প্রগণ্ডা, নিরাশ্তা, অক্লাস্তা, নারীদিণের মধ্যে রূপ, যৌবন ও কান্তিতে সর্বপ্রধানা এবং নানাগুণযুক্তা নারি-কাকে নর্ত্তকী বলে।

## অমুচরী-লক্ষণ।

যে রমণী সর্বাদা সকল অবস্থায় রাজার সঙ্গে সজে থাকে, জাহাকে অনুচরী বলে।

# वायुका-लक्ष।

ভাগোরে ও অস্ত্রাগাবে নিযুক্তা, ধালাদি সর্ব্ধ শক্ত ও ফল মূলাদির অধ্যক্ষা, গন্ধ-দ্রবা-বন্ত্রাভরণাদি সমূহের কত্রী ও উপাধ্যান কথন প্রভৃতি নানা কার্যারতা নারীকে আযুক্তা বলে।

## পরিচারিকা-লক্ষণ।

নৃপতিগণের ছত্র, শ্ব্যা ও আসনাদিব রক্ষণে, ব্যজন কার্য্যে, বেশবিস্থাসাদি কর্মে, মাল্যাদি প্রস্তুত করণে নিযুক্তা দিগকে পবি-চারিকা বলে।

### সঞ্চারিকা-লক্ষণ।

যে কামিনী রান্ধার নানাগৃহ, উপবন, দেব মন্দিরাদি, কেলীগৃহ ও অন্যান্য স্থানের কার্য্য অতি ষত্মের সহিত সম্পাদন করে, তাহার নাম সঞ্চারিকা।

# প্রেম্বাণকারিকা-লক্ষণ।

গোপনীয় বা প্রকাশ কামক্রীড়া-সংক্রাস্ কার্য্য সমূহে নিযুক্তা স্ত্রীলোককে প্রেম্বণ কারিকা বলে।

#### মহতরা-লক্ষণ।

আনি কাদ স্বস্তায়নাদি দারা নিত্য স্বস্তঃপুর-রক্ষার্থ অভিনন্দনকারিণীকে মহন্তরা বলে।

# প্রতীহারী লক্ষণ।

যে সর্কাদা রাজাকে সন্ধিবিগ্রহাদিসম্বনী স্
অথবা অন্যান্য কার্য্যের সমাচার দেয়, তাহাকে
প্রতীহারী বলে।

# कू भा ती-लक्ष।

অপ্রাপ্তরতিসভোগা, অচঞ্চলা, অহুদ্ধতা, নিভূতা, সকজ্জা ও অবিবাহিতাকে কুমারী বলে।

# স্থবিরা-লক্ষণ।

পূর্ব পূর্ব নৃপতিদিগের রীতি নীতির বিশেষজ্ঞা এবং রাজাদিগের মাননীরা ও পূজ্য। রমণীদিগকে ছবিরা বলে। যে সকল ব্যক্তিকে রাজাদিগের অস্তঃপুরে ও অক্যান্য কার্য্যে নিযুক্ত করা কর্ডিটা, তাহা-দিগের বিবরণ ক্রমশঃ বলা বাইতেছে।

অমুদ্ধতা, অসম্রাস্তা, নিজবেশভূষা বিষয়ে উদাসীনা, কমাশীলা, সৎস্বভাবা, কোপরহিতা, জিতেক্সিয়া, কেশশূন্যা, নিভূতা, নির্হন্ধারা এবং স্ত্রীজন-স্থলভ-দোধ-বর্জিতা রমণীদিগকেই রাজান্তঃপুরে নিযুক্ত করা কর্ত্তব্য। নপুংসক-দিগকেও রাজান্তঃপুরমধ্যে নিযুক্ত করা ঘাইতে পারে। সাতক, কঞ্কী, বর্ষবর, উপস্থায়িক ও নিশ্ৰ্ডা ইহাদিগকে প্ৰতি কক্ষের দারদেশে নিযুক্ত করা উচিত। রেতোহীন স্থতরাং স্ত্রী-সম্ভোগে অক্ষম ব্যক্তিদিগকে রাজাদিগের অন্তঃ-পুরের কার্যাকরণে নিযুক্ত করা আবশুক, ইহা-দিগের মধ্যে স্নাতকুকে কোন আচারবিশিষ্ট

কার্য্যে, কঞ্কীকে অর্থনংযুক্ত কার্য্যে, বর্ষবরকে বিহারসম্বন্ধীয় কার্য্যে, উপস্থায়িকা ও নির্মুভাকে স্বীলোক দিগের আদেশ প্রতিপাদন কার্য্যে, অমুচারিকারে কোন সম্মানযোগ্য কার্য্যে
এবং সর্কবিষয়ক বৃত্তাস্কজ্ঞকে নাট্যালয়ে নিবৃক্ত করা কর্ত্তব্য।

এই দকল ব্যক্তিকেই অস্কঃপুরচরমধ্যে গণ্য করা বিধেয়। এক্ষণে বাস্থচর পুরুষদিগের বিষয় বলা যাইতেছে।

রাজা, সেনাপতি, কুমার, মন্ত্রী, সচিব, প্রাড় বিবাক, ও প্রয়োগাধিকত, ইহারা এবং অপরাপর রাজ-সভাস্থ ব্যক্তিবর্গ, এই সকল লোককে বাফ্চর বলে। ইহাদিগের প্রত্যে-কের লক্ষণ পৃথক্ পৃথক্ রূপে নির্দ্ধেশ করা বাইছেছে।

#### রাজ-লকণ।

অতি স্থশীল, বুদ্ধিমান, সত্যবাদী, জিতে ক্রিয়, দক্ষ, প্রগণ্ড, বিদ্বান, বিক্রমী, ধৈর্যা-শীল, শুদ্ধাচারী, পরিণামদর্শী, উৎসাহী, রুতজ্ঞ, প্রিয়বাদী, লোকরঞ্জক, বলবান, শান্তপ্রকৃতি, ক্ষমাশীল, উন্নতমনা, সাবধান, অধিকব্যস্ক, স্মৃতি ও অর্থশাস্ত্রবেক্তা, নানাপ্রকাব রাজনীতি-প্রযোগ কুশল, তর্ক-বিতর্ক-নিপুণ, শত্রুদিগের ভাব ও ইঙ্গিতজ্ঞ, ষড়গুণালক্ষত, নানাশাস্তার্থবিৎ, নানা मिझक, शान-वृक्ति-कश्रमणी, मक्किक्रात्वयी वरः বুপা ক্রীড়াদিতে অরত ব্যক্তিই রাজার নোগা.

#### দেনাপতি-লক্ষণ।

যিনি অতি স্থশীল, সভ্যবাদী, অনলস প্রিরবাদী, শত্রুর ছিজ-বিধান-পটু, যুদ্ধযাত্রাদির

কালজ, অর্থশাল্ত-পারদর্শী, সর্বাদা রাজহিতে বত, সৎকুল-জাত, দেশকালজ্ঞ, তিনিই সেনা-পতি পদ-ৰাচ্য।

#### মন্ত্রি-লক্ষণ।

कुलीन, वृक्षिमान, नानाभाजार्थभावमनी, নীতিজ্ঞ, রাজার স্বদেশীয়, অথচ অমুরক্ত, ভদ্ধা-চার, ও ধার্শ্মিক ব্যক্তি মন্ত্রিযোগা। কুমার ও দচিব ইহাদিগের মন্ত্রীর ন্যায় লক্ষণযুক্ত হওয়া উচিত।

## প্রাড়বিবাক-লক্ষণ।

ব্যবহারশাস্ত্রজ্ঞ, বুদ্ধিমান, নানাশাস্ত্রের পারদর্শী, মধ্যস্থ, ধার্ম্মিক, নূপামূরক্ত, কার্য্যা-कार्याविष्ठातक्रम, कमानीन, मान्त, त्काथन्छ, অহ্মত, নিরপেক, সাব্ধান, নিরাপ্ত, ক্লেহ

শীল, বিনশ্নী, কৰ্ম্মঠ, নীতিকুশল ও তৰ্ক-বিতৰ্ক বিচক্ষণ ব্যক্তি প্ৰাজ্বিবাকের উপযুক্ত।

নাটকাদিতে যে ব্যক্তি নট সাজিবে, তাহার গান্তীর্য্য উদার্য্যাদিগুণে এবং বেশভ্ষায় রাজাব অফুরূপ হওয়া উচিত। কারণ, যেমন নট, রাজাও তেমনি, এবং যেমন রাজা নটও তদ্ধণ। নট ও রাজা এ উভয়ের ভাব, ভঙ্গী, আকার ও ইজিত প্রকই রূপ হইবে।

নাট্যাভিনয় কর্ত্বর্গের মধ্যে যাহার যে কপ. যে বেশ, যে ক্রিযা তৎসমুদায়ই অবিকল নাটকে প্রয়োগ করিতে হইবে। নাটকে নানা প্রকাব প্রক্রষসমাবেশ থাকিবে, তন্মধ্যে কেই উত্তম, কেই মধ্যম ও কেই বা অধ্য শ্রেণীভূক্ত ইইবে।

যাহারা নানা-শিল্পনিপুণ, জ্ঞানবান্, জিতে-ব্রিয়, লোকচরিত্রজানাভিজ্ঞ, ধর্মাধর্মবিচক্ষণ, শান্ত্রেতিহাস-কুশল, স্থশীল, সদাচারী, অহিং-দাদি গুণবিশিষ্ট ও অত্যক্ত বলবান তাহারা উক্তম-শ্রেণীভক্ত। যাহারা লোকিকাচারজ্ঞ, শিল্প-শাস্থে বিচক্ষণ ও মধ্যমরূপগুণবিভূষিত, তাহারা মধ্য-শ্রেণীগত। এবং গে সকল লোক অতি কর্কশভাষী, ছুরাঢার, ছুর্বল, পৌরুষহীন, স্বর বৃদ্ধি, ক্রোধ-পরতন্ত্র, যাতৃক, কৃতন্ম, রূথাকার্য্যে রভ, গাপী, থল, স্ত্রীলোকের নিমিত্ত কাতর, कलरक्षित्र, मानाामाना-क्षान-मृना এবং চোর তাহাবা অধম-শ্রেণীমধ্যে গণা।

কাহারও মতে রাজা, গন্ধর্ক, অমূর্ত্ত,
মূনি, বাস্থকি, দেবতা, বিঘান্, ইহাঁরাই উত্তম;
কিন্নর, রাক্ষ্স, যক্ষ, বেতাল, দামান্য তপস্বী,
বাক্ষণ, অমাত্য, কঞ্কী, স্ত্রধার, পারিপার্ষিক,
বিদ্যক, পীঠমর্দ্দ, পুরোহিত, মন্ত্রী ও সার্থবাহ

ইহারা মধ্যম; এবং শূদ্র, পিশাচ, কাপালিক. রক্ষতীবী, শিল্পী, দিগম্বর, বৈদ্যা, ক্ষপণক, ব্রহ্ম-বাদী, চাণ্ডাল, পতিত, পুৰুস, পুলিন্দক, নট. (**इ.** कि. क्र. भरताथकी के नाम देशका অধম। পুরুষদিগের তায় স্ত্রীলোকদিগের মধ্যে ? পূর্বোক্তরপ প্রকারভেদ লক্ষিত হইয়া থাকে ব্রাহ্মণী, রাজ্ঞী, প্রবাজিকা, রাজকন্তা, অমাত্য, সার্থবাহ ও বিদ্বান দিগের স্ত্রী ও কন্তা ইচাবা উত্তমশ্রেণীভূক্তা; ধাত্রী, স্থী, দৃতী, প্রতীহারী, মালिনী, মহাশূড়ী, সামস্তত্তী, नটী, নর্ভকী,পরি-চারিকা ইহারা মধ্যমশ্রেণীব অন্তর্গতা এবং कुछेमी, (वक्रा, किरिवनधातिनी, भिन्निमी, सिष्ठ कां जित्र जी, देन रक्जां नित तमनी, भाभकां तिनी, সামান্ত দাসী, গোপালিকা ও বন্দীর স্ত্রী, ইহারা অধমপ্রেণীমধ্যগতা।

প্রধান প্রধান উচ্চ শ্রেণীর লোকদিগের লক্ষণাদি এক প্রকার বলা হইল; একণে হত-ধারাদি অপরাপর অভিনেত্বর্গের লক্ষণ ও গুণের বিষয় কিছু বলা আবশুক।

# সূত্রধার-লক্ষণ।

নানালকণজ্ঞতা, বাক্যের সংক্ষার, কোন সময়ে কিরূপ গান করিতে হয়, তাহার বিধান-ভতা, ও বাদ্যবিষয়ে সম্যক জান, ইত্যাদি श्वन ममूह याहाएक विमामान थारक, धवः रम 'অতি চতুর, বাদনক্রিয়ানিপুণ, শাস্তাস্থায়ি-কাৰ্য্যন্ত, নীডিশান্তবিৎ, কাব্যশান্তে পণ্ডিত, পাত্রদিপের বেশভূষাদি-করণসক্ষম, নাট্যক্রিমা-নিপুণ, নানাপ্রকার প্রয়োগজ্ঞ, স্থরসিক, ভাবুক, ছন্দোবিদ্যাবেতা, সর্বাশস্ত্রজ, গ্রহনক্ষত্রদিগের গতিবিধি বিষয়ে 'মজিজ, নানা দেশের বাব হারতত্বজ্ঞ, পৃথিবী, দ্বীপ, বর্ষ ও পর্বত ইহা দিগের বিশেষ তত্ত্বদর্শী, রাজবংশের উৎপত্তি, লোকদিগের প্রকৃতচরিত্রজ্ঞানে বিচক্ষণ, নানা শাস্তার্থ প্রথণ করিয়া শাস্ত্রনঙ্গত কার্য্যাবধাবণে मक्तम এवः उपयुगात्त । लाकपिशत्क उपराम দিতে পারগ, সেই ব্যক্তিই প্রকৃত স্ত্রধারপদে অভিষিক্ত হইবার উপযুক্ত পাত্র। এত্তির স্ত্র धारत्व श्वत्रभक्तिविभिष्ठे, वृक्तिमान्, धीव, উमात्र প্রকৃতি, সভাবাদী, শুদ্ধাচার, নীরোগ, মধুর-अकृष्ठि, कमानील, नास्त्र, विश्वस्त, मग्राभील হওয়া উচিত। বন্ধাবলীকারের মতে হত্তধাব तक्रमधा अत्यमभूर्वक मधाम खत्र वर्षा भूनाती গ্রাম আত্রম করিয়া নান্দী পাঠ করতঃ প্রস্থান कब्रिद्य।

#### পারিপার্থিক-লক্ষণ।

বে ব্যক্তিতে স্ত্রধারের গুণসমূহ **অল্প-**প্রিমাণে থাকে এবং যে মধ্যমপ্রকৃতিসম্পন্ন, তাহাকে পারিপার্শিক বলে।

#### বিট-লক্ষণ।

বেশ ভ্ৰাদিকরণে সক্ষম, মিষ্টালাপী, অন্ধ-গভ, কবি, ভর্ক-বিভর্ক-নিপুণ, বাগ্মী ও চভূর, এইকপ লোক বিটমধ্যে গণ্য :

#### শকার-লক্ষণ।

শাস্ত্রার্থত বদশী দেশব্যবহাবাভিজ্ঞ. উত্তম পবিচ্ছদাদি পরিষ্টিত, অকারণে ক্রোধন, অকারণে সম্বন্ধ, অবস্থাকিতিবিশিষ্ট ও মাগধভাষাব্যবহারী লোককে শকাবের পদাভিষ্কি করা উচিত।

# विদূষক-लक्क ।

বামন, দস্তর, কুজ, ব্রাহ্মণ, কুৎসিতবদন, বক্রগতি এবং পিঙ্গলচক্ষ্ এইপ্রকার লোকই বিদ্যকের উপযুক্ত পাত্র।

#### থেট-লক্ষণ।

দসীতকলাভিজ্ঞ, বছভাষী, কনাকার. গৰুদ্রবামোদী, মান্তামান্তবিশেষজ্ঞ দেখিলা থেট নিঝাচন করা কর্ত্তব্য।

পুরুষদিগের বিষয় একপ্রকার বলা হইল, পুনরায় স্থীলোকদিগের বিষয় কিঞিৎ বলিষা গ্রাহের উপসংহার করা যাইতেছে।

পরিমিতভাবিদী, রসিকা, সলজ্ঞা, আনির্চ্বা, ক্লশীল্ডণয্কা, গুরুজনের আজ্ঞান্ত্বর্তিনী, বৈর্ঘাগান্তীর্ঘাদিবিশিষ্টা নারীকে উত্তমপ্রকৃতি

বলে। যে নারী নানা শিল্প ও অভিনয়ে নিপুণা, नुका-शिकापि-कूमना, त्रवानित्का, नीनाहाद-ভাববিশিষ্ঠা, সত্ত-বিনয়-মাধুর্যাযুক্তা, চতুঃষ্টি-প্রকাব-কলাভিজ্ঞা, উপচাবকুশলা, স্ত্রীস্বভাব-হ্বলভ-দোষবর্জিতা, প্রিয়বাদিনী, স্টাভিপ্রায়া, দক্ষা ও নিরাল্ভা তাহাকে গণিকাপদাভিষিক্তা করা উচিত। যে রমণী ৰূপ, গুণ, স্বভাব, নৌবন, স্থবর্ণহারাদিতে ভূষিতা, নিপুণা, চভুরা, মধুরালাপা, কোমলক্তী, বাদ্যাদিপরিচিতা, তাললয়াদিকুশলা, রদিকা, তাহাকে নর্ত্তকী-छना जिविका कता कर्छरा। अवश (य काभिनी অনময়ে হাস্ত করে, অতি কর্কশা, অতি ক্রোধশীলা, অবারিতকার্য্যগতি, অতি দীনা, অনিভূতা, সর্ব্ধপ্রকারদোষদৃষিতা, সর্ব্বদা গন্ধ-মাল্যাদিবিভূষিতা তাহাকে প্রকৃষ্টামধ্যে গণ্য

করিতে হইবে ! এই সকল প্রকৃতিসম্পন্ন নাম্বিকারা নানাবেশভ্ষায় বিভূষিত হইয়। নাটকে প্রযুক্তা হয়।

সংস্কৃত শাস্ত্রে নাটক, নাটকা, প্রহনন প্রভৃতি অস্তাবিংশতিপ্রকার দৃশুকাব্যের এবং তদামুষঙ্গিক বিষয়সমূহের নাম, লক্ষণও উদাহরণাদি যেরপ বর্ণিত আছে, তাহা সংক্ষেপে বিরত হইল। এক্ষণে কতিপয় প্রশিদ্ধ সংস্কৃত নাটকসম্বন্ধীয় সংক্ষিপ্ত ঐতিহাসিক বিবরণ এবং ইউরোপীয় ট্যাব্লু ভিভাণ্ট নামক দজীব প্রতিমূর্ব্বি প্রদশনের বিষয় পরিশিন্তভাগে লিখিত হইতেছে।

# পরিশিফ ।

#### মালতী-সাধব।

মালতী-মাধ্ব অতি উৎক্র গ্রন্থ, দশ অঙ্কে यावक, देशन वहमंत्र्यनांनी अठि अंशाह, অথচ চিত্তহারিণী, কিন্তু এই গ্রাপ্তব স্থানে স্থানে नाउँक-विक्रक रीर्च मगारमञ्जन १ शृह्खारवत <mark>শন্তা লক্ষিত হয়।</mark> গ্ৰন্থানি মহাকবি ভবভূতি-প্র<mark>ণীত। ভবভূতি</mark>প্রণীত মা**ল**তী-মাধন প্রভৃতি গ্রন্থার ভাষ্ট্র ভাষ্ট্র ভাষ্ট্র ভাষা দেখিতে পাওয়া যায়। ভবভূতি দাক্ষিণাত্য বেরার বা বিদরদেশীয় কাঞ্সবংশীয় জনৈক বান্ধণের পুত্র, তাহার অপর নাম একে

তাঁহার বচনানৈপুণাের প্রতি বিশেষ মনো-নিবেশ করিলে স্পষ্টই প্রতীয়মান হয়, তিনি গোগুয়ানা দেশের অন্তর্বর্তী অনত পর্বত ও তল্লিকটস্থ ব্নভাগের সহিত আবাল্য প্রিচিত, কিন্ত সাহিত্যবিষয়ক গৌরবলাভে তিনি স্বদেশের নিক্ট ঋণী নহেন, বরং পাশ্চাত্য রাজগণের ঋণপাশে আবদ্ধ। তাহার প্রমাণ এই, ভবভূতি উজ্বিনী এবং তৎপার্থবর্তী দেশ সমুদায়েব ভৌগলিক ও অন্তান্ত বিষয়েব চিত্র প্রদর্শনে যেরূপ নিপুণতা প্রদর্শন করিয়া-ছেন, তাহাতে তিনি যে, বহু দিবস ঐ স্থানে কাল্যাপন করিয়া তত্রত্য ভূভাগাদি স্বচক্ষে নিরীকণ করিয়া লিপিবদ্ধ করিয়াছেন, তছিদ্বে অনুমাত্র সন্দেহ নাই। স্বচক্ষে প্রত্যক্ষ ভিন্ন সেরূপ সূক্ষ বর্ণন কখনই সম্ভবপর নহে।

যদিচ ভবভুতির উৎপত্তির কোন নির্দিষ্ট সময় নিরাপিত নাই, তথাপি নানা গ্রন্থের আলোচনায় তাহা এক প্রকার স্থির করিয়া লওয়া যাইতে পারে। দশরপকনামক অব-লার গ্রন্থের ভাবে বোধ হয়, ভোজরা**জে**র পূর্বাতন রাজা মঞ্জের পূর্বেও ভবভূতি জন্মগ্রহণ করেন, রাজ্তবঙ্গিনী নামত কাশীরের ইতি-হাসগ্রন্থে জানিতে পারা যায়, কনোজের রাজা যশোবর্মা ভবভূতিকে সর্ব্বদা সর্ববিষয়ে বিশেষ नाहाया नान कतिराजन। यरमावसा १२० णुः অব্দে রাজত্ব করেন, ইহাতেই প্রমাণীকত হই-তেছে, ভবভুতি খৃঃ অষ্ট্ৰম শতান্ধীতে প্ৰাছ-ভূত ছিলেন। এতদ্রির তাঁহার রচনাপ্রণালী ধারাও তদীর ক্ষ্মসময় এক প্রকার অন্থ্যান করিয়া লওয়া যাইতে পারে। ভবভূতি যে

नमरत्र निष श्रष्टांदनी প्रशस्त करतन, उथन হিন্দুদিগের আচার ব্যবহারাদি অতি বিভদ্ধ-ভাবে প্রচলিত ছিল, কোন বৈদেশিক আচাব ব্যবহারের সহিত মিশ্রিত হয় নাই ৷ তৎকালে সম্ভ্রান্ত কামিনীগণের বহির্গানপ্রথা এক্ষণকাব মক দোষাবহ ছিল না, স্ত্রীলোকেরা পিঞ্জর-নিবন্ধ বিহঙ্গীর স্থায় নিরস্তর অবরোধে আবন্ধ থাকিত না, স্তরাং সেই সময় যে, মুসলমান-দিগেব অধিকারের পূর্বতন, তাহাতে আব সন্দেহ থাকিতেছে না; কারণ, মুসলমান রাজা-দিগের রাজত্বকাল হইতেই ভারতমহিলাগণ স্বজাতিস্বাধীনতার সঙ্গে দঙ্গে আপনাদিগের স্বাধীনতায়ও জ্বাঞ্জলি দিয়াছেন। বোধ কবি এ কথা সকলেই মুক্তকণ্ঠে স্বীকার করি-रवन । दोधारवांशीमिरशत विस्नव औष्ट्रजाव,

প্রধান প্রধান ব্যক্তিবর্গের নিকট তাহাদের ্র্বদা গমনাগ্যন, বিজ্ঞানশান্তের বিশেষ ंब: त्वांहनां, निर्दाशांत्रनां, नाना त्यांशिक्षांद গছল প্রচার, ইত্যাদি গোরীনকালীন ঘটনা-বলীও মুসলমান বাজাদিগের আক্রমণের পূর্ব্ব-কা**লে** যে, ভবভূতি প্রাত্তভূতি হন, তাহার পরি-ার প্রদান করিতেছে। মুদলমানদিগের আক্র ংণকাল হইতেই বিশুদ্ধ হিন্দু আচার ব্যবহারের কিমদংশে পরিবর্ত্তন, এবং শঙ্করাচার্য্যের বিজ্ঞান-শাস্ত্রের প্রভাবে যোগবলে আশ্রুয়া আশ্রুয়া ক্রিয়াপ্রদর্শনের হান হইতে আরম্ভ হয়। শঙ্করাচার্য্য সপ্তম বা অটম শতাকীতে প্রাত্ত-ভূতি হন, স্কুতরাং মালতী-মাধব-প্রণয়নকাল যে, তৎপূর্ববন্তী, তাহাতে আর সন্দেহ কি ?

#### মুদ্রারাক্ষ।

মুদ্রারাক্ষস অধিক প্রাচীন গ্রন্থ নহে. সাত অঙ্কে সম্বদ্ধ, ইহার রচনায় নানা কোশস দৃষ্ট হয়, গ্রন্থের অপরাপর বিষয় অপেকা অতি জটিল রাজনৈতিক বিবরণ, মন্তিকার্যা-কৌশল এবং অধ্যবসায় প্রভৃতি বিষয় সমুদায়ই অধিক পরিমাণে আদরণীয়। অন্ত কোন গ্রন্থাদিতে গ্রন্থকর্ত্তার কোন বিশেষ পরিচয় পাওয়া যায় না, স্কুতরাং গ্রন্থকর্তা বা গ্রন্থপ্রণ-য়নের কাল নিরূপণ করা সহজ ব্যাপার নহে। নাটকারন্তে স্ত্রধারের বক্তৃতায় এইমাত জানা যায়, সামস্ভোপাধিক বটেশ্বর দত্তের পৌত্র, মহারাজ পৃথুর পুত্র কুমার বিশাক দত্ত মুদ্রাক্ষদের প্রণয়নকর্তা। গ্রন্থ প্রণয়ন করা বা গ্রন্থকারমধ্যে পরিগণিত হওয়া রাজা বা

রাজকুমারদিগের পক্ষে বড় একটা অসম্ভব ব্যাপার নহে। উইল্বন্ সাহেব অনুমান करत्रन, आक्रमिरतत रहीरन मलभि পृथ्ता शर् গ্রন্থকর্তার পিতা। পুথুরায় গৃঃ দ্বাদশ শতাকীতে গ্রলোক গমন করেন। নাটকের শেষভাগে মেন্দিগের উৎপীড়নের উন্নেখ আছে, ই**হা** হইতে এবং পৃথুর প্রাহ্ভাবসময় হইতে **বোধ** হয়, খঃ একাদশ বা বাদশ শতাকী চে মুক্তা-রাক্ষর রচিত হইয়া থাকিবে। যদিও এলদেয়ে স্পঞ্চাক্ষরে মেড্ডাদিগের নাম উল্লেখ নাই, তথাপি বিদেশীয় বংক্রে শক্রুর আক্রমণহলে পাঠান-বংশীয় স্লেচ্ছদিগে, ফ্লাক্রমণ, এইরপ অর্থ অস্কুসান করা অসঙ্গত কি.হ. যেহেতু বৈদেশিক অসভাদিগের মধ্যে প্রথমেই পাঠানেরা ভারত-वर्ष जाक्रमन कात्र।

# মুচ্ছকটিক।

মুক্তকটিক এখানি প্রকরণ গ্রন্থ, দশ অক্তে বিভক্ত, শূদ্রকনামক জনৈক রাজকর্তৃক প্রণীত : রাজা শূক্রক যে, কোন সময়ে এই গ্রন্থ প্রণয়ন করেন, তাহার কোন বিশেষ প্রমাণ পাওয়া যায় না, এবং তিনি যে, কোথাকার রাজা ছিলেন, তাহারও স্থিরতা নাই; কেহ বলেন, 💹 ইনি অবস্থীর রাজা চিলেন, কাহারও মতে শুদ্রক মগতে। এর বংশের আদি বাজা। যাহাই হউক, রাজা শূদ্রক যে একজন অতি বিচক্ষণ 🗀 পণ্ডিত, সাহিত্যশাস্ত্রামুরাগী এবং শস্ত্রবিদাং পারদর্শী ছিলেন, তদ্বিষ্ঠ নাহারও সন্দেহ **নাই। রাজা শৃ**দ্রক 🗤 বৎসর রাজত করিয়া পুত্রের প্রতি রাজ্যভার সমর্পণ করত স্বেচ্ছা-পূর্বক অগ্নিপ্রবেশ ঘ'রা মানবলীলা সম্বরণ

করেন। যদিচ মৃচ্ছকটিকের প্রণয়নকাল নির্ণর ক্রিতে পারা যায় না বটে, তথাপি গ্রন্থের রচনাপারিপাট্য, ভাষাযোজনা, এবং উপাধ্যান-ভাগ বিশেষ আলোচনা কবিয়া দেখিলে স্পষ্ট প্রতীয়মান হয়, ইহা অতি প্রাচীন গ্রন্থ। বোধ করি, খৃষ্টের জন্মের পূর্ব্বে গ্রন্থথানি প্রণীত इरेग्रा थांकित्व; कांत्रण, अध्यत्या त्रोक्रिंगत বিশেষ প্রাহ্ভাবের কথা দৃষ্টিগোচর হয়, বৌদ্ধেরা খৃষ্টাব্দ প্রারুত্তের সময় উন্নতির চরমা-বন্ধা প্রাপ্ত হইয়াছিল।

# বিক্রমোর্বাণী।

এই গ্ৰন্থ মহাকবি কালিদাস প্ৰণীত বলিয়া প্ৰসিদ্ধ, পাঁচ অংক সমাপ । রচনাসাদৃত্যে ইহা ো, শকুস্তলাপ্রণেতার লেখনীসম্ভত, তাহাতে কিছুমাত্র সন্দেহ নাই, স্মৃতরাং গ্রন্থখানর প্রাচীনত্বপক্ষে কাহারও সন্দেহ থাকিতেছে না যেহেতু কালিদাস রাজা বিক্রমাদিত্যের স্ম কা.ল প্রাছভূতি হন; বাজা বিক্রমাদিতোব বিংশতি শৃতাকী চলিতেছে। উইলসন্ সাহেব গ্রন্থের অবভাবণায় (নান্দীতে) পৌবাণিক দেবতা মহাদেবের উল্লেখ এবং রচনার নানা কৌশল দুষ্টে ইহার প্রাচীনত্ব স্বীকার করিতে কুষ্ঠিত হ্ইয়াছেন, কিন্তু একপ কুষ্ঠিতত্বের কোন কারণই উপলব্ধি হয় না, নোধ হয় তাঁহার বিশ্ব চনাম পুৰাণ সকল অতি আধুনিক, পুৱাণসমূ হের আধুনিকত্ব অহুমান কবা কতদূর সঙ্গত তাহা বলিতে পারি না। পরত্ব উক্ত সাহেব আবার গ্রন্থের উপাথ্যানভাণের সহিত পৌরাণিক

ধাখানের অনৈকা দর্শনে এই গ্রন্থকে পুরাণ গাশের পূর্ব্বপ্রকাশিত বলিয়া স্থানাস্তবে খিয়াছেন। স্বমতসংস্থাপনেৰ নিমিত্ত তিনি ্লন, "বিক্রমোর্ক্ষণী যদি পরাণ প্রকাশের পবে াথিত হইত, তাহা হইলে নাটকলোক অবশ্ৰষ্ট র্মপুস্তক পুরাণের গৌচব রক্ষা করিতেন, কথনই স্বেচ্যাচাবিতা অবলম্বন কবিতেন না ।" ক্ষেপ তর্কই বা কেন তাঁহার মনে উদিত হইয়া-িল, তাহাও বলিতে পারিনা। কবিবা যে. কাব্য নাটকাদি লিখিবার স্ময়ে ঠিক পুলাণের অন্তগত ্ন নাই, প্রায় গাবতীয় কাব্য নাটক তৎপক্ষে ।বশেষ দাক্ষ্য প্রদান করিতেছে। বিশেষতঃ উইল্সন্ সাহেরের আর একটা মহৎ ভম এ**ই ংং,** . বৈক্রমোর্ব্যনীকে কথন পুরাণের পূর্ব্ববর্ত্তী **কথন** বা ারবর্ত্তী বলিয়া প্রতিপন্ন করিতে যন্ন করিয়াছেন।

# উত্তররামচরিত।

মালতী-মাধবপ্রণেতা ভবভূতি উভ 🦟 চরিতের প্রণয়নকতা। গ্রন্থখনি কংলাল পূর্ণ, সাত আকে বিভক্ত ! রচনাকে কিন্তু ভাষাচাতুর্য্য, ককণারস, এবং মনোহা া দর্শনে উভয় গ্রন্থই একব্যক্তির বচনা ব্লি **অতি সহজেই প্রতীত হইতে পারে।** বারে। ঘটনাবলী পাঠে গ্রন্থপ্রথমনের ঠিক কং কি পিত হওয়া সম্ভবপৰ নহে, তবে এই 🔧 🗸 বলিতে পারা যায়, গ্রন্থপানি সহত 🐠 👵 भूरर्क **धनी**छ इंदेश शांकिरत । कारन, 🗟 क সময়ে দেশের এবং ভাষার যেরপে অবং 😉 🕏 গ্রাহে তাহার কিছুই বিরুদ্ধলাব লক্ষ্য 🖂 🕬 . অমুমান করি, সংস্কৃত ভাষা যে সময়ে স্বালাং कर्ष खाक्ष इरेग्रा कथिए अवन्त इरेगाव

উপক্রম হয়, তথন এই গ্রন্থ প্রণীত হইয়া
থাকিবে। ইহার প্রাচীনত্বের আর এক বিশেষ
প্রমাণ এই যে, গ্রন্থমধ্যে বছল পরিমাণে বেদের
উল্লেখ আছে, বিশেষতঃ এমন সকল প্রাচীন
হিল্পুর্মাও আচার ব্যবহারের উল্লেখ আছে,
গাহার সহিত অধুনাতন আর্যাজাতি পরিচিত
নহেন। তাৎকালিক আচার ব্যবহারের সহিত
আধুনিক আচার ব্যবহারের অনেক বিভিন্নতা
লক্ষিত হয়।

#### রত্নাবলী।

রত্বাবলী এখানি নাটকা গ্রন্থ, চারি অক্ষে সম্বন্ধ। ইহার রচনা ও উপাধ্যানভাগ অতি মনোহর। নাট্যারস্তে স্ত্রধারের প্রস্তাবে জানা याम, त्राष्ट्रा इर्राप्त हेरात প्राप्ता, हेर् कामीत (परभंत शंका ছिल्म, विमाविषर **ই**হাঁর বিশেষ অনুরাপ ছিল। কাব্যপ্রকাশকাং বলেন, উক্ত রাজা অনেকগুলি গ্রন্থের প্রণেত বলিয়া প্রিচিত, কিন্তু এক থানিও তাঁহার প্রণীত নহে, ধাবক এবং অগ্রাগ্ত কবিগণ দে সকল গ্রন্থ রচনা করিয়া রাজার নামে জন সমাজে প্রচারিত করেন। কহলন পণ্ডিড-বির্চিত কাশীবদেশীয় ইতিহাসের পাণ্ডুলিপি मर्गान काना गाय, दर्शापत्व थिठा म्लग কোন কারণ বশতঃ তাঁহার প্রতি বিবর্জ ইইয়া উৎকর্ষনামক জনৈক জ্ঞাভিকে স্বীয় সিংহাদন প্রদান করেন। উৎকধ দ্বাবিংশতি দিবসমাত্র রাক্তত্ব করিয়া হর্ষদেবকর্ত্ত্ব সংগৃহীত সৈন্ত ষারা আক্রান্ত হইয়া শক্রহন্তে পতন অপেকা मिधन (अंतर विद्युपना स्व अंतर है। देश-লোক পরিত্যাগ করেন। এই স্থথোগে ১১১৩ ধৃঃ অব্দে হর্ষদেব পিতৃসিংহাসন পুনর্ধি-কার করেন। ছঃখের বিষয় তিনি অধিক কাল রাজত্বভোগ করিতে পারেন নাই, ১১২৫ খুঃ অব্দে তাঁহার রাজ্যাবদান হয়, স্কুতরাং ঐ সময়ের মধ্যেই রত্নাবলী প্রণীত হইয়া থাকিৰে। হর্ষদেব একজন কবি, অভিনেতা ও নর্ভক্ষিগের উৎসাহদাতা, বহুভাষাজ্ঞ এবং দাহিত্যাকুরাগী বলিয়া ইতিহাসে বর্ণিত আছেন, কিন্তু তিনিই যে, রত্নাবলী প্রণয়ন করেন, তদ্বিয়ক কোন क्थात्रहे উत्तथ ठाहाट माहे। गाहाहे हडेक, রত্বাবলী যে, উক্ত সময়ে বিরচিত হইরাছিল, সে বিষয়ে কাহারই সন্দেহ নাই, যেছেছু তৎ-কালে ভাষা এবং সামাজিক অবস্থা যেরপ

ছিল, গ্রন্থাত তৎসমূদ্দের বিলক্ষণ সামগ্রন্থ বক্ষিত হইরাছে।

# শালবিকাগ্নিমিত।

মালবিকাগ্রিমিত্র—এই গ্রন্থ কালিদাস্কত বলিয়া প্রসিদ্ধ, স্থতরাং প্রাচীন এবং পাচ অতে সমাপ্ত। গ্রন্থের নায়ক অগ্নিমিত্রের ইতি-হাসই ইহার প্রাচীনত্ব সপ্রমাণ করিতেছে। অন্নিমিত্র রাজা পুষ্পমিত্রের পুত্র। বিষ্ণুপুরাণে দৃষ্ট হয়, পুষ্পমিত্র মাগধস্কস্বংশীয় রাজগণেব আদি পুরুষ। ইনি মৌরবংশীয় শেব রাজা রুহ-দ্রথের সেনাপতি ছিলেন বলিয়া সেনানী উপাধি ধারণ করেন, পরে রাজাকে রাজ্যচ্যুত ও বিনষ্ট করিয়া স্বয়ং রাজা হন, তদমুসারে

তংপুত্র অधिमिত্তই পিতৃসিংহাসনের অধিকারী হন। মৌরবংশের প্রথম রাজা চক্র গুণ্ড। চক্র-গুপ্ত হইতে দশ জন রাজা ক্রমায়রে মগধের সিংহাদনে রাজত্ব করেন। বিষ্ণুপুরাণের মতে উক্ত দশ রাজার রাজত্বকাল ১৩৭ বৎসর। স্থতরাং অগ্নিমিত্র এবং তাঁহার পিতার জীবিত কাল থ্য অবেয়র প্রায় ১৬০ বৎসর এবং কালিদাসের সমসাময়িক বাজা বিক্রমাদিতোর ১০০ বৎসর পূর্বা। কালিদাস গ্রন্থমধ্যে **অগ্নি**-মিত্রের রাজত্বকালের অবস্থা যেরূপ পুঝারুপুঝ-রূপে ধর্ণন করিয়াছেন, তাহাতে উক্ত সময় निक्रभण व्यमञ्चल विद्या (वाध हम ना. क्निना ১০০ বৎসরের অধিক কাল হইলে লোকের অন্ত:করণে উপাথাানভাগ এরপ জাগরিত থাকিত না। গ্রন্থানির প্রাচীনত্বের অপর একটা

लामान अरे, नायक्त्र ताक्यांनी विविभा नात्म অভিহিত হইয়াছে, বিদিশা এই নামটা অতি প্রাচীন, যেহেতু আধুনিক কোন গ্রন্থেই উক্ত নাম দৃষ্টিগোচর হয় না। কিন্তু গ্রন্থমধ্যে যে সকল আচার বাবহারের উল্লেখ দেখিতে পাওয়া याब, তाहात अठि विस्थय मत्मारमान नह-कारत पृष्टिनिक्कि कत्रिल श्रष्ट्यानिक अधिक धाठीन बिनेश (वाध इंबेट्ड शास्त्र ना, कांत्र তৎসমুদায় আচার ব্যবহার হিন্দুসমাজের পত্নাবস্থার পরিচায়ক, বিশেষতঃ পদ্যের মাধুর্যা, উচ্চ ভাব ও করনার বিরহ দর্শনে এই नाष्ठेकशामि (य, भकुरुना वा विक्रामार्सनीव्यागठा कानिमारमञ्ज (नथनीमञ्जुल, महत्र वाकिवरर्गन কথনই এমন বোধ হয় না।

#### युगाकरनथा।

মৃগাকলেখা--নাটকা কামরপরাজগুরিতা মৃগাছলেখার সহিত কলিকরাজ কপুরভিল-কের প্রণর-সংঘটন-ঘটিত উপাধ্যানবর্ণনে পরি-সমাপ্ত, চারি অঙ্কে বিভক্ত। এই গ্রন্থ ত্রিমল-দেবের পুত্র বিশ্বনাপদেবকর্তৃক বির্ভিত। ই হাদিগের পুকা বাসস্থান গোদাবরীতীরত্ব কোন দেশ। পরে কোন কারণ-বশতঃ ই হারা পুর্ব্ব বাসস্থান পরিত্যাগ করিয়া বারাণসীতে भिन्ना वाम कटका। विचनाथ वानागनीयान-कारनहे विरमभत्राका है अनत्क कहे नार्किंका প্রস্তুত এবং ইহার অভিনয়ও প্রদর্শন করেন। পুত্তকথানি অধিক প্রাচীন বলিয়া বোধ হয় না, আল্যোপান্ত পাঠ করিলে বুরিতে পারা राष्ट्र, कि ब्रह्मारकोशन, कि छात, कि चंपेनावणी

সমূদার বিষয়েই রত্নাবলী, বিক্রমোর্কণী এবং মালতীমাধব এই গ্রন্থন্তের অমুকরণমাত্র, কবির নিজের অধিক মন্তিক্ষসঞ্চালনের বিশেষ পরিচয় পাওয়া যায় না।

#### অভিজ্ঞান-শকুন্তল।

অভিজ্ঞান-শক্তল—এই নাটকথানি উজ্জ্বনীর অধিপতি মহারাজ বিক্রমাদিত্যের নববন্ধ সভার সর্বশ্রেষ্ঠ রন্ধ মহাকবি কালিদাসপ্রেনীত, সাত অকে সমাপ্ত। এই নাটক মে,
আধুনিক প্রচলিত নাটকসম্দারের মধ্যে শ্রেষ্ঠ্য
লাভ করিয়াছে, তাহা সহদর ব্যক্তিমাত্রেই
বীকার করেন। এই গ্রহ্থানি পাঠ করিলে স্পাইই
প্রেনীত হয় যে, কালিদাস-ক্ষত গ্রহসকলেরও

প্রধান, এই নাটকের প্রথমাবধি শেব পর্যান্ত সমুদার অংশই স্কাঙ্গ হুন্দর। কালিদাস মহা-ভারতীর শকু স্থলার উপাধ্যানভাগমাত্র অবলম্বন করিয়া এই গ্রন্থ প্রণয়ন করেন, কিন্ত নিজ অদ্বিতার কল্পনাশক্তির আশ্রমে মহাভারতীর . উপাধ্যান অপেকা সহস্রগুণে নিজ শকুন্তগাকে লোকের চিত্তচমৎকারিণী হাদয়গ্রাহিণী করিয়া-ছেন। কালিদাস বিক্রমাদিত্যের সমঙ্গে অভি-জ্ঞানশকুস্তল প্রণর্ন এবং তাঁহারই সভার ইহার অভিনয় প্রদর্শন করেন।

### **दि**गी मःश्व ।

्र दिनी-मःशात-वीत्रतम-ध्यमान नावेक, रेशांत्र त्रवनाध्यभानी मृद्धे देशांक धातीन विनयां বোধ হয়। এই গ্ৰন্থ পাঁচ অংশ বিভক্ত। ভট্ট-নারায়ণ নামক মহাকবি-প্রণীত। কেছ কেছ ভটনারায়ণকে মুগরাজ বা সিংহ এই উপাধিতে ভূষিত করেন, কিন্তু এটা অসঙ্গত বলিয়া বোধ হয়। কারণ ভটনারায়ণ জাভিতে ব্রাহ্মণ ছিলেন, রাজবংশ বা যোক,জাতি-জ্ঞাপক সিংহ উপাধি ক্থনই তাঁহাতে সম্ভবে না। কাব্যপ্রকাশ, সাহিত্যদর্শণ প্রভৃতি অলম্বারগ্রহসমূহে বেণী-मःशांत्र श्राह्मत वरुन উল্লেখ দেখিতে পাওয়া যায়, স্তরাং বেণীসংহার যে, উক্ত গ্রন্থসমূহের পূর্বজাত, তৎপকে কাহারও সন্দেহ নাই.। ক্ষিত আছে, বঙ্গরাজ আদিশুর কান্তক্জ इहेट एय शक्ष्याञ्चन चानग्रन करतन, ज्छे-নারারণ তন্মধ্যে একজন, বঙ্গীর শাভিন্য-शास्त्रक वामिश्रक्य। लात्क व्यष्ट्रमान कर्द्र,

জাদিশুর খৃঃ জন্মের তিনশত বৎসম পূর্কে প্রাছত্ব ছিলেন, কিন্ত আবুল ফল্লের লিখিত বৃদীয় রাজগণের তালিকা প্রামাণ্যে উক্ত সময় ভট্টনারায়ণের জীবিতকাল হইতে शास्त्र ना। कांद्रण উदेण्यन यास्य यसन, "পুর্বোক্ত তালিকামুদারে আদিশ্র হইতে भशामक्तरम वाविश्न ताका वलागरमन शृः जरमा-দশ শতাব্দীতে রাজত্ব করেন। মধ্যবর্তী রাজ-গণের রাজত্বকাল সর্কাদমেত প্রায় তিনশত বৎসর ধরিলে আদিশূরের রাজত্বকাল ন্যুনাধিক स्वम वा नभग भठाकीट इस, ठाश हरेल বেৰীসংহারও যে উক্ত সময়ে প্রণীত হইরাছে, তাহা একপ্রকার স্থির হইল। গ্রন্থের রচনাদির शक मानानित्यम कतित्व द्विष्ठ भावा यात्र त्य, करे बाइटे यतीय बाजागिरभन्न माहिलानि রচনার প্রথম ফল।" ভট্টনারারণ কলিকাত:-নিবাসী ঠাকুরবংশেরও আদিপুরুষ ছিলেন।

## অনর্ঘরাঘব বা মুরারি।

অনর্যরাঘর নাটক রামচরিত্রমন্ত্র ও সাত্র অকে পরিদমাপ্ত। গ্রন্থানি যে, পুরুষোত্তম-যাত্রার উপলক্ষে প্রণীত ও অভিনীত হয়, তাহা স্ত্রধারের প্রস্তাবনাতেই প্রকাশ আছে। মৌদ্-গোলাবংশীয় শ্রীবর্দ্ধনান ভট্টের পুত্র মুরারি ভট্ট ইহার প্রণেতা। ভাষা দৃষ্টে বোধ হয়, গ্রন্থগানি थाठीन नरह। किन्छ निकान्तरकोमूनी-कात्र এই গ্রন্থ হইতে সমাসাদি সম্বন্ধীয় অনেক উদাহরণ নিজ গ্রন্থে প্রদর্শন করিয়াছেন। সিদ্ধান্তকৌমুদী প্রাম ছই শত বৎসর পূর্বের রচিত হইরাছে, তাহা

হইলেই মুরারিও হুই শত বৎসরের পূর্ব্বে প্রাণীত ছট্রা থাকিবে। ইহার ছই শত বৎসর পূর্ম-বর্ত্তিত্বের আরও একটা প্রমাণ এই, রাজা নরসিংহ-দেবের পুত্র রাজা ভৈরবদেবের অমুমতি অমুসারে প্রিকৃতি মুখোপাধ্যায় ইহার একধানি <mark>টীকা প্রস্তুত</mark> करतन, এই नत्रिश्हरमवह यमि छे करनत त्रामा नत्रिश्रहात्व इन, जाहा इहेरल शुः खात्रामन শতাব্দীর শেষে বা চতুর্দশ শতাব্দীর প্রারক্তেই ঐ টীকা প্রস্তুত হয়, নরসিংহদেব ধৃ: ১২৩৬ অব্দে ब्राक्जिश्हामत्न व्याद्याहण कदत्रन ।

## মহানাটক।

মহানাটক —এই গ্রন্থখানি নাটক নামে প্রদিচিত, নাত অঙ্কে শমাপ্ত, কিছ ইহাকে ঠিক

নাটকমধ্যে পরিগণিত করা আমাদিগের বিবেচনাবিক্দ ; যেহেতু ইহার কোম কোন স্থানে অতি অৱমাত্র নাটকোপবোগী কথোপ-ক্পন লক্ষিত হয়, তন্তিন অপর সমুদায় অংশই পদো রচিত। পুস্তক পাঠে ইহা জ্ঞাত হওয়া যায় বে, গ্রন্থানি অত্যন্ত অসম্পূর্ণ এবং বহু-লেখনীসম্ভত। লেখকেরা অসম্পূর্ণ অংশ নমু-দায় পূরণার্থ যতদ্র চেষ্টা করিয়াছেন, ভতদূর ক্বতকার্য্য হইতে পাবেন নাই। এই গ্রন্থক এইরপ কিম্বদ্তী আছে বে, মহাবীর হনুমান এই গ্রন্থ রচনা করিয়া বৃহৎ বৃহৎ প্রস্তর্থতে খোদিত করেন, পরে কোন কারণবশতঃ সেই সকল খোদিত প্রস্তরের কতকাংশ সমুদ্রগর্ভে নিক্ষিপ্ত হয়। বহুদিবস জলমগ্ন থাকার পর রাজা বিক্রমাদিত্যের শত্নে কোন সাহদিক পুরুষ অসাধারণ বিক্রম প্রকাশপূর্বক কোম অসামান্ত উপায়ে সেই সকল প্রতম হইতে গ্রন্থের কোন কোন অংশ উদ্বুত করেন, এবং মধুসুদন মিশ্র সেই সকল উদ্ধৃত অংশের যোজনা এবং অপ্রাপ্ত অংশের রচনা করিয়া একখানি সম্পূর্ণ গ্রন্থ প্রথমন করেন। উইন্সন্ সাহেব বিক্রমাদিত্যের স্থলে ভোজরাজ এবং মধুপুদ্দ निट्यत ऋत्न मारमामत्र मिल्यक निर्देश कतिया-ছেন, কিন্তু এরপ ভ্রান্তি কতদূর সঙ্গত বলিতে পারি না। গ্রন্থের টাকাকার চন্ত্রশেখর বিদ্যা-লম্ভার স্পষ্টাক্ষরে বিক্রমাদিত্যের নাম নির্দেশ করিয়াছেন, এবং গ্রন্থের প্রতি অঙ্কে অঙ্কসমাপক যে এক একটা লোক আছে, তাহাতে মধুস্দন মিশ্রেরই নাম দেখিতে পাওয়া যায়, দামোদর মিশ্লের নামের গন্ধও নাই, তবে উইল্সন্ সাছেব যে, দামোদরমিশ্রের নাম কেন উল্লেখ করিয়া-ছেন, তাহার তাৎপর্য্য আর কিছুই নাই। উইল-সন্ সাহেব এই গ্রন্থকে ভোজরাজের উপদেশামু-সারে প্রকাশিত বলিয়া যথন স্থির করিয়াছেম. তথন মধুহেদন মিশ্রের স্থানে দামোদৰ মিশ্রকে উপস্থাপিত করা নিভাস্ত অসঙ্গত বলিয়া বোধ হয় না, কারণ, ভোজপ্রবন্ধ নামক গ্রন্থে লিখিত মাছে, দামোদর মিশ্রই ভোজরাজের অতি প্রিয়পাত্র অতি স্থলেথক ছিলেন, স্থতরাং মহা-নাটক তাঁহারই লেথনীসম্ভূত হওয়াই সম্ভবপর, বিশেষতঃ ভোজপ্রবন্ধে মহানাটকসম্বন্ধে এইরূপ লেখা আছে যে, কোন বণিক্ নদীকূলস্থ কতক-গুলি প্রস্তর্থতে কতকগুলি খ্লোক (যাহা হন্মান্ বিরচিত বলিয়া পুর্বের উক্ত হইয়াছে ) প্রাপ্ত হইরা প্রথম ছইটী লোক কাগজে নকল করিরা ভোক্তরাকের সভার আনরন করে, তদ্দৃঙে ভোক্তরাজ অবশিষ্ঠ অংশ সম্দার সংগ্রহ-তৎপর হইরা তথার স্বরং উপস্থিত থাকিরা অবশিষ্ট অংশ সকল উদ্ভ করেন। গ্রন্থের লিথিত লোকের মর্ম এবং টীকাকারের মত পরিত্যাগে প্রস্থাস্তরের মত গ্রহণ কতদ্র সঙ্গত, তাহা সন্থদম পাঠকগণ অন্থভব করিয়া লইবেন। পাঠকগণের প্রতীতির জন্য এন্থলে অন্থসমাপক লোকটা উদ্ভ করিয়া দেওয়া হইল। বধা:—

এব শ্রীলহন্মতা বিরচিতে শ্রীমন্মহানাটকে
নীর্শ্রীনৃত্রামচন্দ্রহিতে প্রত্যুদ্ধতে বিক্রমৈ:।
মিশ্রশ্রীমধূস্দনেন কবিনা সন্দর্ভ্য সঞ্জীকৃতে
যাতোহক্ষঃ প্রথমে। বিদেহতন্মাল;ভাভিধানো মহান্॥

ষাহাই হউক, উক্ত জনশ্রুতি হইতে এই মাত্র অনুভূত হয়, কতিপয় প্রাচীন গ্রন্থের সংশ সম্দায় উক্ত প্রকারে ঘোজিত ইইয়া মহানাটক প্রহথানি সকলিত ইইয়া থাকিবে।

## ় সারদাতিলক।

সারদাতিলক—ভানজাতীয়, এক অঞ্চে আবদ। ভাষা দুটে বোধ হয়, গ্রন্থানি আধুনিক, ধৃ: ধাদশ শতাকীর পরে বিরচিত। स्यरङ् अञ्चरभा कन्नम ७ देवकविन्दशंत्र विरमव উন্নেথ আছে, এই হুই সম্প্রদায়ই অতি আধু-নিক। শঙ্করনামক কোন কবি ইহার ঐণেতা. ( শকরাচার্য্য নহেন ) বোধ হয় শার্ক্ষর-পদ্ধতি-বর্ণিত শঙ্কর কবিই এই গ্রন্থ প্রণয়ন করেন। ব্যান্থে দৃষ্ট হয়, বারাণ্সী শক্ষরের বাসস্থান ছিল, এবং ইহার প্রথমাভিনয়স্থান কোলাহলপুর, কোলাহলপুর যে কোণায়, তাহার নির্ণর হয়
না, বোধ হয় দান্দিণ ত্যের অন্তর্গত কোলাপুরই কোলাহলপুর বলিয়া উলিখিত হইয়।
থাকিবে, অথবা উহা কালনিক মাত্র।

## যযাতিচরিত।

য্যাতিচরিত—্য্যাতি রাজার চরিতবর্ণনে পরিপূর্ণ, সাত অঙ্কে পরিসমাপ্ত। ক্রদ্রদেব এই গ্রন্থ প্রাথন করেন ( শৃঙ্গারতিলকরচয়িতা ক্র্যাভট্ট নহেন ) কোন স্থানে যে, ইহার প্রথমাভিনর প্রদর্শিত হয়, তাহার স্থিরতা নাই। ক্র্বালয়ানন্দ গ্রন্থকর্ত্তা আপ্যায়দীক্ষিত নিজগ্রন্থের উদাহরণ সংগ্রহস্থলে ক্রদ্রেব নামক জনৈক রাজার বদান্যতার ভূরদী প্রশংসা করিয়া

গিয়াছেন, আপ্যায়দীক্ষিত বিজয়নগরের রাজা क्रकारितत त्रोकाषकारित (১৫२७ थृः व्यासः) প্রাহভূতি ছিলেন। বোধ হয়, আপ্যায়নীক্ষিত তৈলঙ্গদেশাধিপতি প্রতাপরুদ্রদেবকেই রুদ্র-দেব নামে অভিহিত করিয়া থাকিবেন। প্রতাপক্ত ১৪০০ খৃঃ অব্দেব প্রারম্ভে তৈলক দেশে রাজিনিংহাসনে অধিরাত ছিলেন, কিস্ক শৃঃ ত্রয়োদশ বা চতুর্দ্দশ শতান্দীতে বাক্যা-বলীপ্রণেতা রুদ্রনামধারী একজন প্রসিদ্ধ কবিও বর্ত্তমান ছিলেন। ঘ্যাতিচরিত যে, কোন <del>ক্</del>রদ্রের প্রণীত, তাহা ঠিক নির্ণয় করা বড় সহজ ব্যাপার নহে। অলকারাদি কোন গ্রন্থেই যযাতিট্রিতের নামোলেথ পর্যান্ত দেখিতে পাওয়া যায় না। উইল্সন সাহেব বলেন, " এই গ্রন্থের একখণ্ড মাত্র পাণ্ডুলিপি পাওয়া

গিয়াছিল, কিন্ধ তাহা এত অশুদ্ধ বে, কিছুই বুঝিতে পারা বায় না।"

## দূতাঙ্গদ।

দৃতাঙ্গদ—বালিপুত্র অঙ্গদের দৌতাকার্য্য বর্ণনে পরিসমাপ্ত, চারিটা গর্ভাঙ্কে আবদ্ধ। এছ-থানি অতি স্বল্লকলেবর, বোধ হয় নাটকো-লিখিত রামরাবণের যুদ্ধ এবং বিজয়ী রামের আগমন বিষয়ক কোন দুখ্য প্রদর্শনের,পূর্কদেখা-রূপে লিখিত হইয়া থাকিবে। এইরূপ রচনাত্তে ছায়ানাটক বলে। কথিত আছে যে, ত্রিভুবন পালদেবের আজ্ঞাত্মসারে কুমার পালদেঁবের ৰাত্ৰাৰ উপলক্ষে স্থভট-কবিকৰ্ত্বক এই গ্ৰন্থথাৰি লিখিত হইয়াছিল।

### ধনঞ্জয়বিজয়।

ধনঞ্জয়বিজয়—মহাভারতীয় বিরাটপর্ক হইতে গৃহীত, এক অঙ্কে সমাপ্ত। গ্রন্থানি বাায়েগজাতীয়। যোগশাস্তাধ্যাপক নারায়ণ-দেবের পুত্র কাঞ্নাচার্য্য ইহার প্রণেতা, গদা-ধর মিশ্র এবং অপরাপর ব্যক্তিবর্গের প্রমো-मार्थ कशरमरवत আদেশামুদারে ইহার অভিনয় প্রদর্শিত হয়। কোন পুস্তকে জগদেবের পরি-बर्ल खन्नातित नाम छेत्वथ (मथा यात्र। थुः ছাদশ শতাকীতে জয়দেব নামক রাজা কাত্য-কুজের সিংহাসনে অধিকঢ় ছিলেন, কিন্ত ইনিই যে, গ্রন্থলিথিত জয়দেব কি না, তৎপক্ষে কোন বিশেষ প্রমাণ পাওয়া যায় না। উক্ত গদাধর একজন অতি সুলেখক ছিলেন, বোধ হয় ইনি বন্ধীয় স্থবিখ্যাত নৈরায়িক গদাধর না হইতে পারেন, তাহা হইলে মিশ্র উপাধি হ**ইত** না, বেহেতু তাঁহার ভটাচার্য্য এই উপাধি ছিল।

#### প্রচণ্ড-পাণ্ডব।

প্রচণ্ড-পাণ্ডব—মহাভারতীয় কথায় সম্বন্ধ, ছই অক্টে পরিসমাথ, নাটকাজাতীয়। ইহার অপর নাম বালভারত। ইহার প্রথমাক্টে জৌপদীর বিবাহ, দিতীয়াকে পাশাক্রীড়াম্ম বৃষিষ্টিরের সর্কবিনাশ, জৌপদীর কেশাকর্বণাদি-জনিত অপমান এবং পাণ্ডবদিগের বনবাস বর্ণিত আছে। গ্রন্থের উপক্রমণিকাতেই প্রম্কারের একপ্রকার সামাক্ত পরিচর পাণ্ডরা বাম। বিদ্ধাণভঞ্জিকাকর্তা রাজশেশরকর্তৃক

এই গ্রন্থ প্রণীত হয়। রাজশেধর একজন প্রাসিদ্ধ কবি বলিয়া বিখ্যাত, এমন কি লোকে তৎকালে বাল্মীকি, ভর্তৃহরি ও ভবভূতির সহিত ই'হাকে একাদনে স্থাপিত করিতে কুঞ্চিত হইত না৷ গ্রন্থকার মহামাত্যের প্রজ্ঞ এবং র্যুবংশীয় রাজা মহেন্দ্রপালের শিক্ষক বলিয়া বিখ্যাত। মহীপালের (বোধ হয়, মহেক্রপাল বা তাঁহার পিতার) আদেশামুদারেই ইহার প্রথমাভিনয় প্রদর্শিত হয়। মহীপালসম্বন্ধে এইরূপ বর্ণিত আছে যে. ইনি আর্য্যাবর্ত বা মধ্য ভারতবর্ষের রাজা ছিলেন, এবং নিজ বাছবলে বিস্তর দেশ জয় করিয়া নিজ আধি-পত্য বিস্তার করেন। মহীপাল নির্ভন্ন নরে-ক্রের পুত্র। স্ত্রধার নিজ প্রস্তাবনার म्हार्गिक मरशामयनगतीय विश्वकन विनिया

সম্বোধন করাতে অনেকে মনে অনুমান করেন. वर्त्तमान जेमम्भूत्वरे देशांव व्यवमाजिनम् व्यम-শিত হয়; কিন্তু তাহা কতদুর সম্ভব হ**ইডে** : পারে, বলিতে পারি না, কারণ, উদয়পুর অতি আধুনিক নগর, বোধ হয়, খৃঃ বোড়শ শতান্দীর পূর্বে স্থাপিত না হইয়া গাকিবে, কিন্তু কাব্যপ্রকাশ এবং অপরাপর কতিপর অলকারগ্রন্থে যথন এই গ্রন্থের নাম উল্লেখ দেখিতে পার্দ্রীয় যায়, তখন ইহার রচনা অব-খ্ৰাই কাব্যপ্ৰকাশাদির পূৰ্বে হইয়া থাকিৰে, ত हा इहे । इन्युश्र हे होत अपमा जिनम প্রদর্শন কিরুপে স্স্তবিতে পারে? যেতেতু काबाध्यकाम बिठि हहेवात मगरत छेनम्भूत मग्रद्धत প्रवाहे वस नाहे।

## কর্পুরমঞ্জরী।

কপূর্মঞ্জনী—এথানি শুদ্ধ প্রাক্ত ভাষার বিরচিত, সটকজাতীর, চারি অঙ্কে পরিসমাপ্ত, রাজশেখরের লেখনীসস্ত্ত। অন্ত কোন
গ্রান্থেই ইহার বিশেষ উল্লেখ লক্ষিত হয় না,
কেবল সাহিত্যদর্পণকার সটকজাতীয় উপকপকের উদাহরণ স্বরপ ইহার নাম উল্লেখ
করিয়াছেন। গ্রন্থের স্থানবিশেষে গ্রন্থকার স্বীর
ভাষ্যার বর্ণনে আপনাকে চৌহন্দংশীয় বলিয়া
পরিচয় প্রদান করিয়াছেন।

### বালরামায়ণ।

বালরামায়ণ—এই গ্রন্থধানিও রাজ্পশে<del>থ</del>-রের রচিত বলিয়া পরিচিত, ইহার বিশেষ বিবরণ গ্রন্থাভাবে প্রদর্শিত হইল না, গুদ্ধ
সাহিত্যদর্শনে ইহার নামমাত্র দেখিতে পাওরা
যার। উইল্সন্ সাহেব বলেন, রাজশেথর কোন
রজঃপৃত রাজার মন্ত্রী ছিলেন। সেই রাজা
খৃঃ একাদশ শতাব্দীর শেষে বা দাদশশতাকীর প্রারস্তে মধ্যভারতবর্ষে রাজ্য করিয়া
থাকিবেন।

# বিদ্ধশালভঞ্জিকা।

বিদ্ধশালভঞ্জিকা—গ্রন্থথানি চারি অংশ সমাথ, রাজশেধরপ্রণীত। ভাষা, গ্রন্থলিখিত ব্যবহার ও পরিচ্ছদাদির প্রতি বিশেষ দৃষ্টিপাত করিলে গ্রন্থথানিকে অধিক প্রাচীন বলিয়া বোধ হয় না। থৃঃ চত্র্দশ শতাকীতে লিখিত

শার্সধর পদ্ধতি নামক গ্রন্থে ইহার উল্লেখ দেখিতে পাওয়া যার, স্নতরাং ইহা যে. শাঙ্গ পদ্ধতির পূর্ব্বপ্রচারিত, তাহাতে আর কাহারও অণুমাত্র সন্দেহ থাকিতে পারে না। গ্রন্থের প্রারন্থেই গ্রন্থকার মহেন্দ্রপাল রাজার শিক্ষাগুরু বলিয়া পরিচিত আছেন, কিন্তু উক্ত नामधाती तांका ८४, ८कान ममरत दकान अरमर রাজত্ব করিয়াছিলেন, তাহা নিশ্চয় নির্ণয় করিতে পারা যায় না। যাহাই হউক, দক্ষিণ ও পশ্চিমদেশীয়দিগের গার্হস্থা, রাজকীয় ও সামাজিক আচার ব্যবহারের সহিত গ্রন্থকার বেরূপ পরিচিত, তাহাতে তাঁহাকে নর্মদা-कृण्य कान सन्भार-वात्री विविद्यार म्लाड ব্দপুত হয়।

### বিদশ্বমাধব।

বিদক্ষমাধ্ব—ভাগবতবর্ণিত রাধাক্সফের প্রেমবিষয়ক বর্ণনে পর্যাপ্ত, সাত আঙ্কে পরি-ममाश्च। देश এক প্রকার জয়দেবের গানগুলি নাটকাকারে লিখিত। গ্রন্থখানি ভিন্ন ভিন্ন ভাগে বিভক্ত, বোধ হয় ভিন্ন ভিন্ন ঋতুকৃত কৃষ্ণলীলার সামঞ্জন্য রক্ষা করিবার জন্মই বিভিন্ন ভাগে লিখিত হইয়া থাকিবে। গ্রন্থথানিতে স্ত্রীলোকের উক্তি প্রত্যুক্তি অধিক পরিমাণে থাকা প্রযুক্ত প্রাক্ত ভাষার আধিক্য লক্ষিত হয়। এ**ই গ্রন্থ** রাধাকুফ বিষয়ক কথার পর্যাবদিত এবং চৈতন্ত-দেৰের প্রধান শিষ্য বৈষ্ণবধর্ম্মের প্রথম প্রচা-রক ও শিক্ষক রূপগোস্বামীর প্রণীত বলিয়া বৈষ্ণবসম্প্রদায়ের অতি আদরের বস্তু। পুস্তকে গ্রছকারের নাম উল্লেখ নাই, স্তর্থার নিজেই

গ্রন্থকার সাজিয়াছে। বৈক্ষবদিপের পরম্পরাগত প্রবাদ এবং টীকাকার দারা দপ্রমাণীকৃত হইয়াছে, গ্রন্থখানি রূপণোসামীর রচিত। আরও
প্রমাণ এই, গ্রন্থের পাঙ্গিপিতে গ্রন্থরচনার
কাল ১৫৮৯ সম্বৎ ( খৃঃ ১৫০০) লিখিত আছে,
রূপগোসামীও ঐ সময়ে প্রাহুর্তু হন।

# অভিরামমণি।

অভিরামমণি—রামচরিতবর্ণনে লিখিত,

সাত অংক সমাপ্ত। গ্রন্থানির বিবরণ বীরচরিত ও মুবারি এই চুই গ্রন্থের অন্তকরণে

লিখিত। এবং উক্ত নাটকছয়ের ভাষ পুরবোভমধাজা উপলক্ষে জগন্নাথকেত্রে প্রথমাভিনীত। ক্থিত আছে, স্থন্দর মিশ্র এই গ্রন্থের

প্রণেতা। উইল্সন সাহেব বলেন, তিনি বে কুইথানি পাণ্ডলিপি দেখেন, তমাধ্যে এক বানিতে ১৫২১ শাক (খৃঃ ১৫৯৭) গ্রন্থরচনার কাল লিখিত আছে।

# প্রত্যুদ্ধবিজয়।

প্রত্যায়বিজয়—ইহার উপাধ্যানভাগ মহাভারতীয় হরিবংশ হইতে গৃহীত, সাত অঙ্কে
সম্বদ্ধ। হংস ও হংসীর দারা দৈত্যরাল বজ্ঞনাভের ছহিতা প্রভাবতী এবং শ্রীক্ষের পুত্র
প্রভায়, পরস্পরের প্রেমাসক্তি, গোপনে বিবাহ,
নারদমুখে এতং সমাচারপ্রান্তে বজ্ঞনাভকর্তৃক
প্রভামের বিপদ্, পরে কৃষ্ণবলরামের সাহায্যে
প্রান্তামের মুক্তি, দৈত্যরাজের প্রাণসংহার ইত্যাদি

বিষয় সমুদায় উত্তমরূপে বর্ণিত হইরাছে। রচনাতে লেথকের কল্পনাশক্তি অপেকা পরি-শ্রমেরই পরিচয় অধিক পাওয়া যায়। লেখক অতি স্থপণ্ডিত বটে. কিন্তু উত্তম কবি নহেন। ধৃদ্ধিরান্ডের গৌত্র, বালরুফ দীক্ষিতের পুত্র শঙ্কর দীক্ষিত গ্রন্থের প্রণেতা বলিয়া উল্লিখিত আছে। অষ্টাদশ সম্বতের মধ্যভাগে এই গ্রন্থ রচিত এবং বুন্দেলখণ্ডের বিখ্যাত রাজা ছত্র-লালের পৌত্র হৃদয় সিংহের পুত্র সভা সিংহের রাজ্যাভিষেকসময়ে অভিনীত হয়।

# শ্রীদামচরিত।

শ্রীদামচরিত—ইহার উপাধ্যানভাগ,শ্রীম-ভাগবতের দশমস্বন্ধ, হইতে গৃহীত, পাঁচ ক্ষকে সমাপ্ত। গ্রন্থানিতে কৃষ্ণিণীহরণের অধিকাংশ ছারা লক্ষিত হয়, রুক্মিণীহরণে প্রেরিভ দরিদ্র বান্ধণের যেরূপ অবস্থা বর্ণিত আছে. শ্রীদামচরিতেও শ্রীদামের অবস্থাও প্রায় তদ্ধপে বৰ্ণিত হইয়াছে। গ্ৰহ্খানি আধুনিক, ইহাতে কল্পনা অপেক্ষা বর্ণনার ভাগই অধিক, কিছ সেই সকল রচনার মাধুর্য্য আছে। বুন্দেলখণ্ডের সামান্ত রাজা আনন্দরায়ের কৌতৃহলে মহা-রাষ্ট্রীয় ত্রাহ্মণ নরহরি দীক্ষিতের পুত্র সামরাজ দীক্ষিতকর্ত্ব এই গ্রন্থ রচিত হয়, কিন্তু কোন্ সময়ে যে রচিত হইয়াছে, তাহার কাল নির্ণয় নাই। উইল্দন সাহেব বলেন, দীক্ষিতপরি-বারেরা অদ্যাপি কাব্যনাটকে বিশেষ অমুরক্ত, তাহাদিগের বংশসম্ভূত লালাদীক্ষিতের নিক্ট জিনি বিশেষ ঋণী, যেহেতু তিনি হিন্দুথিয়েটার

निधिचात्र नभन्न नानात निक्षे श्टेट व्यत्मक नाहास थाथ रन।

# ধূর্ত্তনর্ত্তক।

ধুর্ত্তনর্ত্তক-বিষ্ণুৎসবে অভিনয় জন্ম সাম-রাজ দীক্ষিতপ্রণীত, এক অঙ্ক বা গ্রই সন্ধিতে সমাপ্ত। শৈব গোগীদিগকে উপহাস করাই গ্রন্থের উদ্দেশ্য। এই গ্রন্থথানিও শ্রীদামচরি-তের সমসাময়িক, এবং ইহাতেও শ্রীদামচরি-তৈর ভার কলনা বা উচ্চভাব অতি অল। কিন্ত এরপ রচনা যে, বহু পরিশ্রম্পাধ্য, তৎপক্ষে किছু মাত্র সন্দেহ নাই। গ্রন্থথানির প্রধান গুণ এই, এই জাতীয় গ্রন্থবভ অগ্লীলতা দোৰ ইशांख किइंटे निकिठ दम ना।

## মধুরানিরুদ্ধ।

মধুরানিক্দ্ধ-বাণ্রাজার ছহিতা উধার সহিত শ্রীক্লফের পৌত্র জনিক্লের গুপ্ত প্রেম-বিষয়ক বৰ্ণনে পৰ্য্যাপ্ত, আট অঙ্কে সমাপ্ত। গোপীনাথের পুল চন্দ্রশেশর ইহার গ্রন্থকর্তা। গোপীনাথ সাহিত্যাদির একজন প্রসিদ্ধ উৎ-সাহদাতা এবং মেচ্ছদিগের অতিশয় ছেটা ছিলেন। কথিত আছে, তিনি খৃঃ সপ্তদশ শতাব্দীতে প্রাত্নভূতি হন। এবং ব্লেলথণ্ডের রাজা বীরকেশরীকে মেচ্ছজ্বরের নিমিত্ত সর্বাদা উত্তেজনা করিতেন। গ্রন্থকার অতি শৈব ছিলেন, এবং শিবের কোন উৎসবোপলকে ইহার প্রথমাভিনয় প্রদর্শিত হয়।

# ধূর্ত্তসমাগম।

ধ্র্রসমাগম—এই গ্রন্থ অতি ছ্প্রাপ্য, উইল্সন সাহেব বলেন, "ইহার একথানিমাত্র পাণ্ড্রলিপি পাণ্ডরা গিরাছিল, কিন্তু তাহার আদি বা অস্তুভাগ এরপ অসম্পূর্ণ যে, তাহাতে কোন ক্রমেই গ্রন্থকারের নাম প্রিজ্ঞাত হওয়া বার না। পুতক্থানি নিতান্ত নীরস নহে। একটা বারাসনার স্বত্যাধিকার-বিষয়ক বর্ণনাম্ব পর্যাপ্ত।"

#### কংসবধ।

কংসবধ—ইহার উপাথ্যান প্রীমন্তাগবতের
দশমস্করীয় ক্রফের বাল্যলীলা-বিষয়ক বর্ণনে
পরিপূর্ণ, এমন কি উক্ত স্কন্ধ কেবল কথোপক্ধন-

ছলে একপ্রকার সজ্জিত বলিলেও বলিতে ু পারা যায়। গ্রন্থের বর্ণনা অতি চমৎকার. किस मीर्थ मिस ও मीर्थ ममाम देशा आधुनिकस পকে বিশেষ দাক্য প্রদান করিতেছে। **ইহার** অভান্তরভাগ হইতে যে ষৎকিঞ্চিৎ আভাস পাওয়া যায়, তাহাতে বোধ হয়, নৃসিংহের পুত্র ক্লফ কবি ইহার প্রণেতা। গ্রন্থকারের অপর নাম শেষ রুফ্য পণ্ডিত। শেষ শস্ক-बाता अञ्चल्लान रह, देनि महात्राष्ट्रीय । किड কৃষ্ণ কবির পরিবর্ত্তে যদি কৃষ্ণ পণ্ডিত ধরা যার, ভাছা হইলে ঐ নামে যে, একন্ধন বারাণসী-মতের প্রসিদ্ধ বৈয়াকরণ ছিলেন, তাহাকেই ৰক্ষা হয়, ইনি প্রক্রিয়াকৌমুদীর বিখ্যাত টীকা-কার। জয়ন্তনামক একজন ই হার শিষ্য তত্ত্বচন্ত্র নামে উক্ত গ্রন্থের একথানি সংক্ষিপ্তি ১৬৩১ ধৃঃ অবেদ রচনা করেন। গ্রন্থকারের সাহায্য দাতা এবং অভিনয়সভার সভাপতি টোডরেব পুত্র গোবর্দ্ধনধারী, ইনি টণ্ডনবংশের অলঙ্কারু স্ক্রপ ও গিরিধারী নাথের ধর্মশিষ্য বলিয়া বিখ্যাত। গিরিধারী নাথ বলভের পৌত্র. গোক্লন্থ গোস্বামি-বংশের সংস্থাতা, বল্লভ ষু: ষোড়শ শতাব্দীতে প্রান্নভূ ত ছিলেন। টোডব বোধ হয় আক্বরের প্রাসিদ্ধ মন্ত্রী টোডরমলই इहेरवन। विश्वयस्त्रत्र कान याजा छेत्रनस्य বারাণদীতে ইহার প্রথমাভিন্য প্রদর্শিত হয়। এই নাটকথানি হুই শত বৎসর পূর্কে রচিত হইয়া থাকিবে, তাহা হইলেই জ্বয়ন্তের গুক ক্লফপন্থিত যে, বল্লভাচার্য্যের পৌত্র এবং টোড-রের সমকালীন হইবেন, তাহা অসম্ভব নহে।

## হাস্যাণ্ৰ।

शानार्व-शानात्रमध्यक्षान, इहे जा का मार्थ. যোগিবেশধারী ত্রাহ্মণগণের লাম্পট্যদোষ, পাপ-কর্মের রাজগণের উৎসাহ, মন্ত্রিবর্গের স্বকার্য্যে অপারগত্ব, বৈদ্য এবং জ্যোতির্বিদদিগের মুর্যতা এই দকল বিষয়কে উপহাস করাই গ্রন্থের প্রধান উদ্দেশ্য। গ্রন্থখানি আদাস্ত পাঠ করিলে **প্রকৃতির কতকটা আভা**স পাওয়া যায়। **জগ**-দীশনামক কোন পণ্ডিত এই গ্রন্থ রচনা করেন, এবং বদন্তোৎসবোপলকে প্রথম অভিনীত হয়, কিছ্ৰ কোন সময়ে কোপায় অভিনীত হয়, তাহার কোন নিদর্শন পাওয়া যায় না।

# क्लिक्नक्वम ।

কৌতৃকদৰ্ব্বস্ব – গ্ৰন্থখানি প্ৰাহসনজাতীয়, इर्ड ष्यक नश्क, शामात्रताषीशक। विवानी, অলম ও ব্রাহ্মণদেষী নুপতিদিগের সতুপদেশ দেওয়াই গ্রন্থকারের প্রধান উদ্দেশ্য। এই গ্রন্থ-থানি অন্যান্য প্রহসন অপেকা রসপূর্ব, অথচ ষ্মনীলদোষশৃন্ত। কথিত আছে, গোপীনাথনামক কোন পণ্ডিত ইহার প্রণেতা, কিন্তু কোন ममरत्र (य. हेरा अंगीज रम्न, जारा वला याम्र ना, বোধ হয় অধিক প্রাচীন না হইতে পারে, কারণ, লিখিত আছে, শারদীয় হুর্গা পূজার উপদক্ষে অভিনয় করণাভিপ্রায়ে এই গ্রন্থ লিখিত হয়। इर्गा পृजा करन এই रहतार्था इहेबा थाक, তাহাও অধিক দিবদ নহে।

### চিত্রযজ্ঞ।

िखयळ-- এই গ্রন্থানি দক্ষযভাবিষয়ক উপাখ্যানে পরিপূর্ণ, পাঁত অঙ্কে সমাপ্ত। ই**হার** সহিত ইটালীয় থিমেটাবেৰ ক্মিডিয়া এ সোপেটো **ৰাতীয় না**ট্যাভিনয়ের কতক সাদুখ্য **আছে**. এই নাটকের কথোপকথন অসম্পূর্ণ, কিছ **मिट अम्म्यूर्गला आकर्षा कीनात त्रकिल हम,** অভিনেতৃগণ অভিনয়দময়ে সকল অসম্পূর্ণ ু অংশ পূরণ করিয়া লয়, কোন কোন স্থানে বা কিছুমাত্র কথোপকথন নাই, কেবল আডি-নরিক সক্ষেত থাকে। রঙ্গভূমিতে ধর্মক্রিয়ার অমুষ্ঠান নিষিদ্ধ হইলেও এই গ্ৰন্থে আছতি প্রদান, মন্ত্রোচ্চারণ প্রভৃতি সমুদায় যজান প্রদর্শিত হইয়াছে। নবদীপনিবাসী পণ্ডিত বৈদ্যানাথ বাচম্পতি ইহার প্রণেতা। প্রায়

७०।१० वरमत गठ रहेन, नवधीरभत ताल। ক্লফচন্তের পৌত্র ঈশ্বচন্দ্র বাহাত্বরের অমু-মতিতে গোবিন্দজীর উৎসব উপলক্ষে এই এম প্রণীত হয়। আধুনিক বঙ্গবাদী আর্য্যজাতির नाउँकामि विथानत अथम एहिन एव विभा ইহা অবশ্রই আমাদিগের আদরের বস্ত। বন্ধ-ভাষায় যে সকল যাত্ৰা প্ৰচলিত আছে, তৎ-সমুদায় কতকাংশে চিত্রযজ্ঞের অন্তর্মপ, কিন্তু, ষাত্রার রচনাতে তত পাণ্ডিত্য নাই। উইল্সন সাহেবের মতে ইটালীয়দিগের ইম্প্রোভিস্টা ক্মিডিয়া নাট্যাভিনয়ের সহিত বর্ত্তমান যাত্রা সকলের অনেক সাদৃখ্য আছে।

#### नाशानम।

নাগানন্দ-এখানি নাটকজাতীয়, দুয়ার্দ্র-চিত্ত জীমুতবাহনের উপাখ্যানে সম্বন্ধ, পাঁচ অকৈ সমাপ্ত। স্ত্রধারের প্রথম প্রস্তাবে জানা যার. হর্ষদেব ইহার প্রণেতা! কেহ কেহ বলেন, হর্ষদেবের এত অধিক পাণ্ডিত্য ছিল না যে, তিনি গ্রন্থকারের মধ্যে গণ্য হন, তবে তাঁহার অনুগত অতি দরিদ্র ধাবকনামক কোন কবি রক্লাবলী ও নাগানল এই ছইখানি দৃশ্যকাব্য রচনা করিয়া অর্থলোভে গ্রন্থের প্রস্তাবনায় হর্দদেবকেই গ্রন্থকারের আসন প্রদান করিয়াছেন, কিন্তু কাশীরের ইতিহাস বাজতবল্পিতে হর্ষদেব একজন প্রদিদ্ধ কবি विशा छेळ इहेश्रांट्रन। यहाई इछेक, छेळ উভয় গ্রন্থই যে, এক কবির প্রণীত, তদ্বিক্ষে অপুমাত্র সন্দেহ নাই। প্রায় আট শত বৎ সর গত হইল, এই গ্রন্থ প্রণীত হইয়াছে।

# চণ্ডকৌশিক।

চ্পুকৌশিক - এই নাটক স্থাবংশীয় রাজা হারশ্বন্ধের উপাধ্যানগ্রথিত, পাঁচ অঙ্গে সমাপ্ত, আ্বার্যা কেমীশরপ্রণীত, ক্ষল্রিয় বংশাবতংস কার্ত্তিকেয় নরপতির সভায় প্রথমাভিনীত। বিশেষ বিবেচনা করিয়া দেখিতে গেলে ইহাকে শুদ্রবাক্ষদের উপরিতন, উত্তররামচরিতের অধ-স্তন এবং বেণীসংহার ও নাগানদের তুল্য আসন धारान करा याहेटल शास्त्र। मुद्धकिक, मानजी-মাধব, রত্নাবলী প্রভৃতি প্রচলিত নাটক নাটকার স্থায় ইহাতে শুসার রদের বাহুল্য না থাকাতে

করুণরসের আধিকা থাকাতে গ্রন্থানি স্কুমার-মতি বালকগণের বিশেষ পাঠোপযোগী। আর্থ্য কেমীশ্বর যে, কোন্ সময়ে কোন দেশে জন্ম পরি-গ্রহ করেন, তাহার নির্ণয় করা স্থারপরাহত। তবে এই পর্যান্ত অমুমিত হয় যে, গ্রন্থানি অত্যন্ত প্রাচীন অথবা অত্যন্ত আধুনিক না **হইতে পারে।** যদি অতি প্রাচীন হইত, তাহা হইলে দশরূপ, কাব্যপ্রকাশপ্রভৃতি প্রাচীন অল-হারগ্রহে ইহার নামোলেথ থাকিত, আর যদি অত্যন্ত আধুনিক হইত, তাহা হইলে যোড়শ সম্বতে প্রণীত সাহিত্যদর্পণের ষষ্ঠ পরিচেছদের নাটকলক্ষণ-নিরূপণে ইহার নাম নির্দেশ থাকিত না। বোধ হয়, গ্রন্থানি চার শত বৎসর পুর্বে প্রণীত হইয়া থাকিবে।

#### জগন্ধাথবল্লভ।

জগন্নাথবল্লভ—গ্রন্থখানি প্রীক্ষেরে বাল্যক্রীড়াবর্ণনে সম্বদ্ধ, পাঁচ অক্টে পরিসমাপ্ত।
প্রতাপরুদ্রদেবের অমুজ্ঞামুসারে ভবানন্দ
রায়ের পুত্র রামানন্দ রায় এই গ্রন্থ প্রণয়ন
করেন। গ্রন্থখানি অধিক প্রাচীন নহে, বোধ
হয়, চারি শত বৎসরের অনধিক কালমধ্যে
রচিত হইয়া থাকিবে। গ্রন্থলিখিত পদ্যগুলির
অধিকাংশই জয়দেবপ্রণীত গীতগোবিন্দের অমুকৃতিতে লিখিত।

# मानदकलिदकी यूमी।

দানকেলিকোমুদী—ইহা ভাণিকাজাতীয় একাকে সমাগু, প্রীকৃষ্ণলীলার স্থবলসংবাদ অবসম্বনে লিখিত। গ্রন্থমধ্যে গ্রন্থকারের নাম উরোধ নাই, কিন্তু টীকাকার রূপগোস্বামী-কেই গ্রন্থকারের আদন প্রদান করিয়াছেন। গ্রন্থের দর্কশেষভাগে যে, একটা লোক আছে, ভাহাতে গ্রন্থ প্রণয়নের কাল ১৪৭১ শক্ (১৫৪৯ গৃঃ অন) লিখিত আছে।

## কৃষ্ণভক্তি।

কৃষ্ণভক্তি—এক অঙ্কে পরিসমাপ্ত। শৈবু, বৈষ্ণব, শান্দিক, তার্কিক, বেদান্তী, নীমাংসক-প্রভৃতি নানাবিধ ব্যক্তির পরপের বিবাদ দারা কৃষ্ণভক্তি প্রকটিত কবাই গ্রন্থকারের উদ্দেশ্ত, কোন উপাধ্যান বিশেষ অবশ্বনে গ্রন্থণানি শিষিত হয় নাই। গ্রন্থাধ্যে গ্রন্থকারের নাম উল্লেখ দেখিতে পাওয়া যায় না। গ্রন্থের রচনা দৃষ্টে অধিক প্রাচীন বলিয়া বোধ হয় না, কিছ কোন দময়ে যে রচিত, তাহারও নির্ণয় হওয়া অতি স্কঠিন। গ্রন্থকার ইহাকে নাটক নামে উক্ত করিয়াছেন, কিছ স্থানে স্থানে সামান্ত গদা ভিন্ন, নাটকের অন্ত কোন লক্ষণই ইহাতে লক্ষিত হয় না, রচনাপ্রণালী কতকটা মহানাটকের অন্তক্রণে লিখিত।

# मःकल्ल मृत्य्यामय ।

সংকল্প সুর্য্যোদয়—দশ অঙ্কে পরিসমাপ্ত।
আমাদিগের অবলম্বিত পুস্তকথানির প্রস্তাবনা
অংশটা না থাকাতে কোন্ রাজার রাজত্বকালে
প্রস্থানি লিখিত, তাহার কিছুমাত্র অবগত

হইতে পারা গেল না, হুর্ভাগ্য বশতঃ একথানি ভিন্ন গ্রহণ বহু অন্থসন্ধানে প্রাপ্ত হওয়া গেল না। যাহাই হউক, গ্রন্থথানি প্রবোধ চক্রো-দম্বের অন্থকরণে লিখিত, উপাথ্যান ভাগও প্রান্ধ তদন্তরূপ। দাক্ষিণাত্য বেকটনাথ ইহার প্রণেতা।

#### প্রবোধচন্দোদয় ।

প্রবোধচন্দ্রোদয়— প্রীক্ষ মিশ্রের লেখনীসম্ভূত, ছয় অঙ্কে সমাপ্ত। এই গ্রন্থবন্ধে
এইরপ কিম্বদন্তী আছে, রাজা যুধিন্তির কুকবংশ
ধ্বংস করিয়া যখন জ্ঞাতিবধন্দনিত মনস্তাপে
অতিশয় নির্কোদ প্রকাশ করেন, সেই সময়ে
ভাহার চিত্তবিনোদনের জন্মই এই গ্রন্থানি

লিখিত ও অভিনীত হয়। যদি এই কিম্বদ্ধী
মথার্থ হয়, তাহা হইলে ইহা অপেক্ষা প্রাচীন
নাটক আর দিতীয় নাই, যাহাই হউক, উক্ত
গ্রন্থমন্তে ঐ কিম্বদ্ধী ভিন্ন অন্ত এমন কোন
প্রমাণ পাওয়া যায় না, যদারা গ্রন্থপ্রশানর
কাল নিক্পণ করা যাইতে পারে।

#### প্রসন্মরাঘব।

প্রসন্নরাঘব—রামচরিত অবলম্বনে লিথিত,
সাত অক্ষে সমাপ্ত। স্ত্রধারের কথাপ্রদক্ষে উক্ত হইয়াছে, জয়দেব ইহার প্রণেতা, কিন্তু ইনি যে গীতগোবিদ্পপ্রণেতা জয়দেব নন, তাহার প্রমাণ এই, স্ত্রধার ইহাকে কোডিক্ত অর্থাৎ কৃঞ্জিন-নগরবাদী বলিয়া উল্লেখ ক্রিমাছে, গীতগোবিদ্ধ-

कर्छ। अग्रदमन क्वेंश्नीनिवानी हित्नन। वित्न-ষতঃ রচনায়ও গীতগোবিন্দের স্থায় মাধুর্য্য লক্ষিত হয় না। এই গ্রন্থানি যে কোন সময়ে লিখিছ হর, তাহার কোন প্রমাণ পাওয়া বার না; তবে রচনাদৃত্তে আধুনিক বলিয়া বোধ হয়। গ্রন্থকায় গ্রন্থমধ্যে রাবণ ও বাণাস্থরকে এক নভার স্থাপিত করিয়াছেন, কিন্তু সেটী যে কতদুর সঙ্গত, ভাষা আমরা অমুভব করিতে পারি না, যেহেতু রাবণ ত্রেত। যুগে রাজত্ব কবিয়া সেই যুগেই ত**ত্রত্যাগ**া করেন। বাণাস্থর দ্বাপরযুগের শেষে প্রাছ্তৃত হন, পুরাণাদিতে এইরূপ **লিখিত আছে। রাব-**ণের সহিত তাঁহার এক সভায় অবস্থিতি বিজপে সম্ভব হইতে পারে ? সহদম্ব পাঠকপণ ইহার भीषारमा कदिया लहेरवन।

## মহাবীরচরিত।

মহাবীরচরিত—রামচরিতসম্বদ্ধ, মহাকবি 
তবভ্তিপ্রণীত, সাত অকে বিভক্ত। গ্রন্থকর্তার
পরিচয়াদি মাল্তী-মাধবে লিখিত হইয়াছে,
গ্রন্থপ্রণয়নকালও প্রায় মাল্তীমাধবের সমকালীন হইবে, তিহ্বিয়ে অণুমাত্র সন্দেহ নাই।
ইহার রচনা দৃষ্টে গ্রন্থানি ভবভ্তিপ্রণীত
বিলয়া স্পষ্ট অমুভূত হয়।

### পাণ্ডবচরিত।

'n

পাগুবচরিত—এই গ্রন্থ মহাভারতীর বিরাটপর্ক অবলম্বনে লিথিত, ছয় অঙ্কে সমাপ্ত। গ্রন্থানি অতি আধুনিক, খৃঃ ১৮৬২ অক্দে প্রণীত। ভাটপাড়ানিবাসী বশিষ্ঠ-বংশ-সম্ভূত শ রঘুমণি বিদ্যাভ্যণের পুত্র প্রীযুক্ত শিবরাম

সার্কান্টেম ইহার প্রণেতা। আমরা অতি বিশ্বস্তস্বের স্বল্যত আছি, গ্রন্থকর্তা পঞ্চদশবংসর
বয়ংক্রমকালে ইহা প্রণয়ন করেন, রচনার
ক্রিম্শক্তির বিশেষ পরিচয় প্রাপ্ত হওয়া বার ।

যাহাই হউক, এরূপ বালকের লেখনীসভূত গ্রন্থ

যে, অবগুই সাধারণের আদরের বস্তু, তবিষরে
ক্রুমাত্র সলেহ নাই।

# নাট্যপরিশিফ নাটক।

্ নাট্যপরিশিষ্ট—গ্রন্থখানি নাটকনামে জড়ি-হিত হইয়াছে, কিন্ত বিশেষ বিবেচনা করিয়া দেখিতে গোলে ইহাকে ঠিক নাটক বলিয়া প্রক্তি-পান্ন করা যহিতে পারে না, যেহেতু গ্রন্থমধ্যে

স্থানে স্থানে কিয়দংশ গদ্য ব্যতীত সমুদায়ই পদ্য-ময়। গ্রন্থানি অতি আধুনিক, বোধ হয় ২৫।৩১ ब्दनदात्र नम्बिक कालम्(ध) लिखिक श्हेता ধাকিবে। রুঞ্চনগর জেলার অন্তঃপাতী হল্দা ৰহেশপুর নিবাশী ক্বফানন্দ কবি ইহার প্রণেতঃ। গ্রন্থকারের অসাধারণ কবিত্বপক্তির প্রশংসা না করিয়া থাকিতে পারা ঘার না, " কারণ, এই গ্রম্থানি এক দিকে নানাব্যক্তির উক্তি প্রত্যুক্তিতে পূর্ণ, নানা রসবহুল কবিতা-সম্পন্ন একথানি কাব্য, অপরপক্ষে লক্ষণ উদা-হরণাদি সমন্বিত একথানি ব্যাকরণ। আধুনিক ৰঙ্গৰাসীৰ এতাদুশ অসাধারণ কবিত্বশক্তি যে, আমাদের ভাতিসাধারণের অতি আদর্ণীয়, তৎপক্ষে অণুমাত্র সন্দেহ নাই।

# চৈতত্ত্ব-চন্দ্রোদয়।

তৈত্ত্য-চজ্রোদর—গ্রন্থানি তৈত্ত্যদেবের চরিত অবলঘনে লিখিত, দশ অছে পরিসমাপ্তা <u>টৈউন্তলেবের অভিশয় প্রিয়পাত্র শিবাদ্দ</u> সেনের পুত্র প্রমানন্দ সেন কবি ইহার প্রণয়ন্দ কর্তা। গরুপতি প্রতাপক্ষণ্ডের রাজ্**ছকালে** শ্রীপুরুষোত্তমের গুণিচা নামক যাত্রার উপ-লক্ষে গ্রন্থথানি লিখিত ও প্রথমাতিনীত হয়। ইহাতে যেরূপ অফুপ্রাসের বাহুল্যভাব দেখিতে পাওমা যায়, তাহাতে এবং চৈতগ্রদেবের চরিত-রুর্বনাতে গ্রন্থানি অধিক প্রাচীন বলিয়া বোধ ছর না। গ্রন্থমধ্যে গ্রন্থকারের পিতার নাম ভিন্ন অপর কোন পরিচয়াদি প্রাপ্ত হওনী স্বর্ণন্ত-পরাহত।

#### বসস্ততিলক।

বসস্ততিলক —ভাণজাতীয়, এক অঙ্কে ममां थे। एकि गरमीय का की श्रवनिवामी ज्यमने কবির পুত্র বরদাচার্য্য এই গ্রন্থের প্রণেতা, কিন্তু কোন সময়ে ইহা প্রণীত হয়, তাহার কিছু নিদ-র্শন পাওয়া যায় না; গ্রন্থানির ভাষা দুটে অ্লাচীন বলিয়া বোধ হয়, কিন্তু গ্রন্থকারের নাম ি এবং গ্রন্থলিথিত "অয়স্কারবাটিকায়াং <mark>স্থচী</mark>-বিক্রম্বৎ " ( কামার বাড়ীতে ছুঁচ বেচা ) এই আধুনিক দুষ্টান্ত দারা আবার তত প্রাচীন বলিয়াও বোধ হয় না. তবে এই পর্যান্ত বলিজে পালা যায়, গ্রন্থকর্ত্তা বিশেষ কবিত্বশক্তি প্রদর্শন করিয়াছেন। গ্রন্থের অধিকাংশই আদিরসপূর্ণ, স্থানে স্থানে হাস্তরগোদীপকতাও লক্ষিত হয়।

## প্রিয়দর্শিক।।

প্রিরদর্শিকা—নাটিকাজাতীয়, চারি অংক

সমাপ্ত। হর্ষদেব ইহার প্রন্থেতা, বৎসরাজ ও

দৃচবর্মার উপাথ্যানের কিরদংশ অবলয়নে

ইহা লিখিত। হর্ষদেবই যে এছকর্তা, প্রয়েশ লিখনভঙ্গীই তৎপক্ষে সাক্ষ্য প্রদান করিতেছে,

কিন্তু এই প্রস্তেও রত্বাবলীর কতক কতক

ছারা লক্ষিত হয়। হর্ষদেবের বিবরণ পূর্বে লিপিবছ করা নিয়াছে, স্নতরাং এ ভ্রেল পুন
করেণ নিশ্বোজন বোধে পরিত্যক হইল।

# ল্লিতমাধ্ব।

ল্লিতমাধব—গ্রন্থানি কৃষ্ণলীলা অব-ল্যুকনে লিখিত, দশ অঙ্কে সমাপ্ত। স্ত্রাধান নিজ প্রভাবনার আপনাকেই গ্রন্থকার বলিয়া পরিচয় প্রদান করিয়াছে, স্থতরাং গ্রন্থকারের নাম গ্রন্থা পাওয়া যায় না. তবে আমরা কোন বিশ্বস্তুত্তে অবগত হইয়াছি যে, রূপ-পোখামী ইহার গ্রন্থক।। গ্রন্থানি অধিক প্রাচীন নহে, যেহেতু রূপগোস্বামী চৈতন্ত-দেৰেরই সমকালীন, কিন্তু ইহা যে, কোন সময়ে শিধিত হয়, তাহার কোন নিদর্শন পাওয়া শার না। বৃন্দাবনে এক্রিফের কোন উৎসবোপ-শক্ষে ইহার প্রথমাভিনয় প্রদর্শিত হয়।

# শ্রীরামজন্ম।

ঞীরামজন্ম—গ্রহখানি ভাগজাতীয়, এক অংক পরিসমাপ্ত। ইহা অতি ভাধুনিক, ১৮৭৫ थृः जात्म চित्रमेशत्रभेगी व्यामात्र व्यक्त ৰ্গত ভাটপাড়ানিবাসী 🕑 সীতানাৰ বিদ্যাভূক শের পুত্র অধুনাতন নৈয়ায়িকপ্রধান জ্রীরাখালঃ চক্ত জাররত্বের মধ্যম সহোদর কাশীনৃপতির সভাপত্তিত শ্রীতারাচরণ তর্করত্ব উক্ত নরপতির भीख्यननमरहादमरवालनक जन एमरे **छद**े भव अवल्यान এই श्रेष्ठ थानम् करत्रन । श्रेष्ट **ষতি আধুনিক হইলেও গ্রন্থকারের অসামাঞ্চ** কবিত্বশক্তিপ্রভাবে ( যদি প্রণয়নকাল নিরূপণ कतिशा (मध्या ना यात्र, जाहा हहेत्त ) महना व्याधुनिक विनिन्ना विरवहना इन्न ना, याराह रुष्ठक, अरे श्रेष्ठ यथन नवा-वक्षवामीत लियनीत ৰুৰনিঃসত, তখন সাধারণ বন্ধবাসীর আদরের (शीत्रद्वत्र वस्त्र, उदिवद्य मत्मद नारे।

অস্মদেশপ্রচলিত সঙ্গীত ও অলম্বার-শাল্পে ষে সকল নাটকাদির নাম উল্লেখ দেখিতে পাওয়া যায় এবং উক্ত দ্বিবিধ গ্রন্থ প্রণীত হই-ৰার পরে যে সকল নাটকাদি লিখিত হইয়াছে. ভংসমুদায়ের সংখ্যা চতুর্নবতী, কিন্তু তন্মধ্যে অধিকাংশই নামমাতে প্র্যাব্দিত হইয়াছে, যে কয়েকথানি পুন্তক অদ্যাপি এ দেশে বর্ত্তমান 🧓 আছে, তৎসমূহের সংক্ষিপ্ত ঐতিহাসিক বিবরণ একপ্রকার পূর্বে বিবৃত করা গিয়াছে, বে সকল গ্রন্থ অনেক অমুদন্ধানেও অপ্রাপ্য, জডি ছ:বিতান্তঃকরণে অগত্যা তাহাদের নামমাত্র উল্লেখ করিয়াই ভারতীয়নাট্যরহস্তের উপ-मः होत्र कता (शल। यथा-- श्रुष्टामाना, **উदास्ट**-রাঘব, কুন্দমালা, রামচরিত, বালচরিত, রামাভিনন্দ, প্রভাবতী, জানকীরাঘব, স্থগ্রীব- বীরচরিত, চন্দ্রকলা, ক্নত্যারাবণ, য্যাতি-বিজয়, মুরারিবিজয়, মৃক্ষক, সময়সার, রাখ-বাভ্যুদয়, পুষ্পভূষিত, রঙ্গদত্ত, লীলামধুকর, সৌগন্ধিকাহরণ, সমুদ্রমন্থন, ত্রিপুরদাহ, কুমুম-শেশরবিজয়, শর্মিষ্ঠায়যাতি, ছণিতরাম, কন্দর্শী কেলি, রৈবতমদনিকা, নর্মবতী, বিলাসবতী, স্তম্ভিতরন্ত, শুঙ্গারতিলক, দেবীমহাদেব, যাদ-বোদয়, বালিবধ, মেনকাহিত, মায়াকাপালিক. ক্রীড়ারদাত্র, কনকাবতীমাধ্ব, বিশুমতী, क्लिटेंबरकक, काममखा, পाखरानन, जूब्क-हरनामम, कन्मर्भविनाम, पृতीमःवान, माविजी-বিলাপ, জীমৃতকেতন, জাম্বতীপরিণয়, দৃদ্ধি-বিলাস ও কেশবচরিত।

# ট্যাব্লুভিবাণ্ট।

ইউরোপেও ভারতবর্ষের স্থায় বিবিধ নাট্যপ্রণালী প্রচলিত আছে, কিন্তু তৎসমুদরের অঙ্গপ্রতাকের সহিত অম্মদেশীয় নাট্যাঙ্গপ্রতা-দের সম্যক মিল দেখিতে পাওয়া যায় না। া বেহেজু আমাদিগের নাট্যবিৎ পণ্ডিতেরা যে শুলিকে দোষ বলিয়া পরিত্যাগ করিতে বিধি দিয়াছেন, ইউবোপীয়েরা প্রায় সেইগুলিকেই গুণ বলিয়া নাট্যে ব্যবহার করেন। কিন্তু তজ্জ্ম ইউরোপীর নাট্যের প্রতি দোবারোপ করা ষাইতে পারে না। কারণ, দেশভেদে ম**ত্নব্যের** क्रिक्टिम रुख्या आक्रया नरह। याराहे रुखेक, আমাদিগের শাত্রকর্তারা যেরূপ সবিস্থার নাট্য-

অকরণ বিধিবদ করিয়া গিয়াছেন, তাহাই যথেষ্ট, তজ্ঞন্ত অভা কোন জাতির নিকট ঋশী হই বার বিশেষ প্রয়োজন উপলব্ধি হয় না, তবে ইউরোপে ট্যাব্লুভিবাণ্ট (সঞ্জীব-প্রতিমূর্বি-প্রদর্শন ) নামে যে একপ্রকার অভিনয়পদ্ধতি প্রচলিত আছে, সেটা লোকেব চিত্তহারিণী বটে। যদিচ উক্ত পদ্ধতি আমাদিগের দেশেও বছকাল, হইতে বাবন্ধত হইয়া আসিতেছে, তথাপি মধ্যে কোন রঙ্গভূমিতে বা সভাসমাজে অভিনীত না হওমাতেই অতি জনগুভাবে ও "দঙ্" এই অতি অম্বন্ধ নামে পরিচিত আছে। কিন্তু আৰু কাল কোন কোন সভ্য সমাজস্থ রঙ্গভূমিতে তাৰার অভিনয় প্রদর্শিত হইতে আরম্ভ হইয়াছে।

ক্লিকাতা-বঙ্গসন্ধীত-বিদ্যালয়ে **প্রথমে ছয়** রাগের, পরে ক্লেজ্-সন্ধিলনে **স্থপ্রসিদ্ধ করি**  ৺ মাইকেল মধুস্দন দত্ত-প্রণীত মেদনাদ্বর্থকাব্যনামক অতি স্থললিত গ্রন্থের কোন কোম
অংশের এবং বঙ্গনাট্যশালায় রাজরাজেশরী
ভিক্টোরিয়ার আসিয়াস্থ অধিকার-সম্বন্ধীয় নানাদেশীয় ব্যক্তিবর্গের দৃশুমূর্তি প্রদর্শিত হইয়াছে,
বোধ করি ভবিষ্যতে আরও হইবার সন্তাবনা,
সত্রএব তৎপ্রণাদী প্রদর্শিত হইতেছে।

সঞ্জীব দৃশ্যমূর্ত্তি প্রদর্শন আবালয়দ্ধ সকলেয়ই চিত্তবিনোদন। জর্মণিতে এই প্রীতিকর
বিষয়ের প্রথম উৎপত্তি। তথায় প্রতি বৎসর
নৃত্যন নৃত্যন দৃশ্যমূর্ত্তি\* মহা সমারোহে প্রদর্শিত
হইরা থাকে। তত্রত্য মহা মহা শিল্পবিৎ পণ্ডিতগণ্ও দৃশ্রমূর্ত্তিবিক্রাস বিষয়ে সানন্দচিত্তে সহায়তঃ

स द द इता 'मृश्चमूर्डि' এই अस अयुक्त इहेरत, साहे
 साहे इता मनीव मृश्चमूर्डि दूबिएक इहेरत।

করিয়া থাকেন। তাঁহারা আকারের সৌল্ব্য ও বর্ণবিভাস-সম্বন্ধে যেরপ চাত্র্য্য প্রদর্শন করেন, সৈরপ চত্রতা কোন প্রাচীন চিত্রপটেও দৃষ্টি-গোচর হয় না। দৃশুমূর্হি দর্শনে উদ্যমশীশ নব্য শিল্পীর মনে কল্লনাশক্তি, বিভাসজ্ঞান ও কাব্যরসের উদ্দীপন হয়, শিল্পবিৎ পণ্ডিতেরাও শিল্পবিদ্যাসম্পর্কীয় নৃত্ন নৃত্ন ভাব সংগ্রহ করিতে সক্ষম হন।

দৃখ্যম্র্তিসম্বন্ধীয় রম্পভূমি, মৃর্তিবিভাস, আলোক
ও পরিজ্বনবিষয়ক কতিপয় সংক্ষিপ্ত উপদেশ
নিম্নে প্রকটিত হইল, তন্ধারা উদ্যমশীল নব্যসম্প্রদায় শিল্পীর সহায়তা ব্যতিরেকেও অতি সহজ্বে
সাধারণের আনন্দ সম্পাদন করিতে পারিবেন।

রসভূমি এবং দর্শকমগুলীর মধ্যবর্তী স্থানটী কিঞ্চিৎ প্রশৃত্ত হওয়া স্থাবশ্যক, বেহেডু রক্ষণ যত দূরে অবস্থিত হয়, দৃখ্যসূর্বিগুলি ততাই স্থানর দেখায়।

যে আলয়ে নাট্যশালার উপযোগী প্রশক্ত
মণ্ডপ (হল) অথবা দোপানমঞ্চের (গ্যালারীর) অভাব, তথার দ্বিপাট্যুক্ত প্রশক্ত-দারমধ্য ছইটা উপবেশনগৃহ (ভুইং ক্ষম) দৃশুমূর্ত্তি
প্রদর্শনের উপযক্ত ভান। উক্ত গৃহদ্বরের মধ্যে
কুদ্রটীতে মূর্ত্তিগুলি প্রদর্শিত হইবে এবং আফ্রটীতে দর্শকর্বন উপবেশন ক্রিবেন।

রংশভূমি-নির্মাণ-পদ্ধতি।

বঙ্গভূমির কুটিমভাগ দর্শকগণের গৃহতল ংইতে অন্যন তিন ফিট উন্নত হওয়া নিতাস্ত স্মাবস্থাক, বরং আরও কিছু বেশী হইলে ভাল হয়। উপবেশনগৃহেও দ্যাসূর্ত্তি প্রাদর্শন অন্ত কুড রঙ্গমঞ্চের প্রযোজন হয় বটে, কিন্ত উহা দারদেশের উভয়পার্ঘে ন্যুনকল্মে এক ফটও অতিরিক্ত থাকা বিধেয়। যে জালয়ে প্রশস্ত मेखें आहि, रुथीय श्रक्तनम्भी मीर्य माक्त्र উপরে কাঠফলক বিস্তৃত করিয়া রক্ষমঞ্চ অতি সহজে প্রস্তুত করা ঘাইতে প্রের। মঞ্চী দীর্ঘে বার ও প্রস্থেও ব্যর ফিট হওয়া উচিত। প্রশস্ত মগুপে দশুমন্তি প্রদর্শিত হইলে দর্শকগণ অধিক-তর দূরে উপবেশন করেন বলিয়া মঞ্চী প্রায় ছত্ন ফিট উন্নত হওয়া আবহাক ; কারণ, তাহা इटेटन शक्तांबर्जी पर्नकिमिश्री (पथिवात प्रविधा इम्र ।

অভিনেতা এবং দর্শকদিগের মধ্য-ব্যবধান-স্থানে গাঢ় কৃষ্ণলারি গান্ধ কাপড় বিস্তৃত করিতে বইবে। যদাপি উপবেশনগুহে দৃশ্যমূর্ত্তি প্রদর্শিত হয়, জাহা হইলে উহা ধারদেশে লোহকীলক হারা দুঢ়ক্রপে আদক্ষ করিতে হইবে।

রঙ্গভূমির পশ্চালভাগে একথানি স্থণীর্ঘ পট রক্ষা কবা ক্রিয়া দুখ্যার্তির বর্ণভেদে উক্ত পটের উপর লম্বিত বঙ্গেরও বর্ণভেদ হওয়া উচিত। মঠিগুলি কৃষ্ণ পবিদ্দুদ পরিহিত হইলে রঙ্গমঞেব পশ্চাদ্ভূমি পাণ্ডুবর্ণ হওয়। तिर्धियः अधिकाः म नश्रभृति अमूर्गत विरम्धिकः খুগায় উজ্জ্জ বর্ণের বাহুলা, কংশার পশ্চান্ ভূমিতে ক্লক্ষ অথবা ঈষং ক্লক্ষ্বৰ্ণ ব্যৱেদ্ধ প্ৰায়ো-বন। পর্যায়ক্রমে নানাপ্রকার দৃশ্যমূর্ত্তি প্রদর্শন ক্রিতে হুইলে মূর্বিগুলিব বিভিন্নতা এবং দুর্শক-দমূহের নেত্রবঞ্জনার্থ ক্লফবর্ণের পরিবর্ত্তে কখন कथन शिक्रणवर्ग वरञ्जब अ यावर् व इहेशा थारक। त्रश्रृक्षि भक्षेता कृष्णावदर्ग आहल तारी कर्षवा।

### আলোক-প্রণালী।

আলোক-বিভাসই প্রধানতঃ দুশামূর্ত্তির অমুসারী। এতৎসম্বন্ধে কভিপয় নিয়ম আছে। ফুট্লাইট (নিমতলম্ভ দীপমালা) পরিত্যাগ করা আবশ্যক, নতুবা তদ্বারা দৃশ্যমূর্ত্তির বনন মণ্ডলে অযোগ্য ছাবা পতিত হইতে পারে। य ऋत्व क्रमनाइएवत (कानाकानी जाता-কের) প্রয়োজন, তথায় সমুদায় আলোক রঙ্গভূমির এক পার্যে স্থাপন করিতে হইবে। তন্মধ্যে অধিকাংশই কিঞ্চিৎ উদ্ধে স্থাপিত इट्टेर्व। नाधात्रण गांज़ीत नर्धनटे व विषरम्ब বিশেষ উপযোগী। নীনের প্রতিফলকযুক্ত চারি পাঁচটী উক্তপ্রকার লঠনবারা স্থন্যর আলোক সহজে উৎপাদিত হইতে পারে। যেমন ক্রমশঃ যবনিকা উত্তোলিত হয়, সেই সময়ে অতি

শীঘ্র শীঘ্র দর্শকাগারের আলোকগুলি নির্মাণ করা উচিত। আগ্নেয় অথবা জ্যোতির্দায় দৃশ্য প্রদর্শন করিতে হইলে লঠনের কাচের উপর লোহিত বা হরিৎ আবরণ দেওয়া বিধেয়। একেবারে অনেকগুলি মূর্ত্তি দেখাইতে হইলে অধিক আলোকেৰ প্রয়োজন, কিন্ত জ্যোতি-শ্বঁম্ন দুশ্যে অতি অৱমাত্র আলোকের আবশাক। এশজালিক ( মাজিক) দীপদারা ভৌতিক দুশ্যের স্থচাক শোভা দম্পাদিত হয়। বৈহ্য-তিক আলোক (ইলেক্ট্র্ক লাইট্) দারা দৃশ্যমূর্ত্তির অলৌকিক সৌন্দর্য্য দেখায়।

ভিন্ন ভিন্ন অংশে গণা নীতি আলোক এবং ছান্না-পতনই প্রতিক্তির সৌন্দর্য্য সম্পাদনের মূল। স্বতরাং দৃশ্যমূর্ত্তির শোভা সম্বর্ধন জন্য বছতের উজ্জালবর্ণের সমাবেশ ভ্রমনাত্র। দৃশ্য মৃষ্টিগুলির মধ্যে যদি স্থীমৃষ্টির প্রাধান্য থাকে, লাহা হইলে সেই স্থীকে খেত পরিচ্ছদে বিভূপ্তিত ক্রিতে হইবে। প্রক্ষমৃষ্টি প্রেধান হইলে তাহাকে ক্র্বেণ পরিচ্ছদ পরিধান ক্যাইতে হইবে। একতা নহুমৃষ্টি দেখাইতে হইলে দীর্ঘান্ত মৃষ্টিগুলি পশ্চাদ্ভাগে রফিত ক্রিতে হইবে, তাহা না হইলে অপেক্ষাক্ত ক্র মৃষ্টি দক্ল দর্শনে বিশক্ষণ ব্যাঘাত জ্ঞিবে।

এতন্তির আরও অনেকগুলি উপদেশ আছে, তৎনমূলার তত বিশেষ প্রনোজনীয় বোধ না হওয়াতে উপেক্ষিত হইল।

এত দ্বিন প্রহেশিকাভিনয় (ভাবেছ), উপ-মাভিনয় (এক্টিং প্রভার্ব) পরিহানাভিনয় (বার্নিদ্ কুই) পরিচ্ছদাভিনয় (এব্ ইনিভগাঞ্জা) আকারগোপনাভিনয় (ট্রাডেটি) মুদ্ধাভিনয়

#### <sup>र</sup> क्रिजीय नेशिवरकः

্রিপ্যান্টেমাইম) গাঁতাভিনর (আপেরা) ছম্মনিল কাভিনর (কার্য) প্রভৃতি আরও নানাথকার অভিনয়প্রণার্গা ইউরোপে প্রস্তাত আছে, অধুনা তে দেশেও কোন কোন স্থানে ছং-সম্মান্ত্রকাতিময় আরম্ভ ইইয়াছে।



